banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

A unit of bankers adda
adda247 CAREER POWER
ANNOUNCES FRESH BATCH FOR RAIL GR-D / RRB NTPC /SSC CHSL (10+2) / PSC CLERKSHIP/ ICDS SUPERVISOR
BANK-SBI/IBPS PO/CLERK/SO 7th & 20th April 2019
CONTACT:- 83-35-87-77-77

বর্ষ ৩৯ সংখ্যা ৩৫ কলকাতা বুধবার, ৩ এপ্রিল ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৯ চৈত্র ১৪২৫ দাম ৫.০০ টাকা ২৮ পাতা R. N. 37120/80

# আই ডি বি আই ব্যাঙ্কে ৮০০ এক্সিকিউটিভ ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

এক্সিকিউটিভ ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ৮০০ জনকে নেবে আই ডি বি আই ব্যাঙ্ক। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার:** মোট শূন্যপদ ৫০০টি (সাধারণ ২২৮, তফসিলি জাতি ৭৫, তফসিলি উপজাতি ৩৭, ও বি সি ১৩৫, আর্থিকভাবে অনগ্রসর ২৫)। এর মধ্যে দৃষ্টিসংক্রান্ত, অস্থিসংক্রান্ত এবং শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৫টি করে শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ গ্র্যাজুয়েট। **বয়স:** ১-৩-২০১৯ তারিখে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**এক্সিকিউটিভ:** মোট শূন্যপদ ৩০০টি (সাধারণ ১৩৭, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৮১, আর্থিকভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে দৃষ্টিসংক্রান্ত, অস্থিসংক্রান্ত এবং শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৩টি করে শূন্যপদ সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ গ্র্যাজুয়েট। **বয়স:** ১-৩-২০১৯ তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

আই ডি বি আই ব্যাঙ্ক কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, শুরুতে ১ বছরের চুক্তিতে এক্সিকিউটিভ নিয়োগ

এরপর তেইশের পাতায়

# ৭৮৫ গ্র্যাজুয়েট নিচ্ছে ও এন জি সি

৭৮৫ জন গ্র্যাজুয়েট নেবে অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন। নিয়োগ হবে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ও জিও-সায়েন্স শাখায় অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (এ ই ই), কেমিস্ট, জিওলজিস্ট, জিওফিজিসিস্ট, মেটিরিয়ালস ম্যানেজমেন্ট অফিসার-সহ বিভিন্ন পদে। সব ক্ষেত্রেই ২০১৯ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 3/2019 (R&P).

**শাখানুসারে শূন্যপদের বিবরণ: এ ই ই: সিরিয়াল নম্বর: ১(এ): মেকানিক্যাল (সিমেন্টিং):** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি

এরপর সাতের পাতায়

## ভেতরের পাতায়

**পেশা যখন সমাজকল্যাণ**
সোশ্যাল ওয়েলফেয়ারের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পড়া যায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই ভর্তির জন্য আবেদন করতে পারেন। ভর্তির প্রক্রিয়া শুরু হবে এ মাসেই। —পৃঃ ৯

**নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ**
প্রশিক্ষণ দিচ্ছে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। প্রশিক্ষণ আয়োজিত হবে বিভিন্ন জেলায়। পুরুষ-মহিলা উভয়েই প্রশিক্ষণ নিতে পারবেন। ব্যবসায় আগ্রহীদের ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুযোগ আছে। —পৃঃ ৯

**তথ্য বিশ্লেষণের পেশায় চাহিদা বাড়ছে দক্ষ কর্মীর**
এই পেশায় আসতে চাইলে পড়তে পারেন বিগ ডেটা অ্যানালিটিক্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স। ভর্তির জন্য আবেদন করতে পারেন এখনই। ...পৃঃ ১০

**কৃষি-জৈবপ্রযুক্তি নিয়ে পড়াশোনা**
স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে দেশের এগারোটি বিশ্ববিদ্যালয়। পড়তে পারেন রাজ্যের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটেও। আবেদন করতে পারেন এখনই। ...পৃঃ ১৩

## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে

# ২০০ এক্সিকিউটিভ ট্রেনি

### গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে

২০০ জন এক্সিকিউটিভ ট্রেনি নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়। প্রার্থীকে ২০১৭ বা ২০১৮ বা ২০১৯ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। প্রথমে এক বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অফিসার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NPCIL/HRM/ET/2019/01.

শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল: ৮৩টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭, আর্থিকভাবে অনগ্রসর ৬)। ইলেক্ট্রিক্যাল: ৪৫টি (সাধারণ ১৪,

এরপর বাইশের পাতায়

# ফুড সেফটিতে ২৪০

### টেকনিক্যাল অফিসার, ফুড সেফটি অফিসার, অ্যাসিস্ট্যান্ট

টেকনিক্যাল অফিসার, ফুড সেফটি অফিসার, অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ২৪০ জনকে নেবে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়া। নিয়োগ হবে সংস্থার বিভিন্ন কেন্দ্রে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DR-02/2019.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ০৪: **টেকনিক্যাল অফিসার:** ১৩০টি (সাধারণ ৫৫, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৫, আর্থিকভাবে অনগ্রসর ১২)। শিক্ষাগত

এরপর বাইশের পাতায়

# এয়ার ইন্ডিয়ার সংস্থায় কেবিন ক্রু

৪২ জন কেবিন ক্রু নেবে এয়ারলাইন অ্যালায়েড সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়া-র অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে পূর্বাঞ্চল, উত্তরাঞ্চল ও দক্ষিণাঞ্চল রিজিয়নে। শুধুমাত্র অবিবাহিত তরুণ-তরুণীরাই আবেদন করবেন। যে-কোনও একটি রিজিয়নের জন্য দরখাস্ত করবেন। প্রথমে ট্রেনিং।

**রিজিয়ন অনুসারে শূন্যপদ:** পূর্বাঞ্চল: পুরুষ ৩টি, মহিলা ৩টি। উত্তরাঞ্চল: পুরুষ ৬টি, মহিলা ৫টি। দক্ষিণাঞ্চল: পুরুষ ১২টি, মহিলা ১৩টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং আর্থিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজিতে ৩ বছরের ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। হিন্দি ও ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৩ সেমি, মহিলাদের ক্ষেত্রে ১৫৪.৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। তফসিলি ও পার্বত্য এলাকার প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন।

**বডি মাস ইনডেক্স:** ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন (ডি

এরপর তেইশের পাতায়

# সরকারি সংস্থায় ট্রেনি

২৯ জন ট্রেনি নেবে মহারাষ্ট্রের এইচ আই এল ইন্ডিয়া লিমিটেড। অন দ্য জব এই ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: R-HR/OJT/2019.

**আসনসংখ্যার বিবরণ: কেমিক্যাল অপারেটর (প্রোডাকশন প্লান্ট):** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। **অ্যানালিস্ট:** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রিতে বি

এরপর সাতের পাতায়

# সিন্ডিকেট ব্যাঙ্কে ১২১ স্পেশ্যালিস্ট অফিসার

১২১ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে সিন্ডিকেট ব্যাঙ্ক। মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল টুয়ে নিয়োগ হবে ল, রিস্ক ম্যানেজমেন্ট এবং সিকিউরিটি বিভাগে। নিয়োগ করা হবে ম্যানেজার এবং অফিসার পদে। ১ বছরের প্রবেশন। প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন পরীক্ষা নেওয়া হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRD.HRMD.0088.2845.

**শূন্যপদের বিবরণ: ম্যানেজার (রিস্ক ম্যানেজমেন্ট):** ৫০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স-সহ স্নাতক, সঙ্গে ব্যাঙ্কিং বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি। অথবা সি এ বা আই সি ডব্লু এ। এফ আর এম বা পি আর এম বা সি এফ এ বা রিস্ক ম্যানেজমেন্টের ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। উপরোক্ত যোগ্যতার পাশাপাশি কোনও ব্যাঙ্কে রিস্ক ম্যানেজমেন্ট বা ক্রেডিট বা ট্রেজারি বিভাগে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। রিস্ক ম্যানেজমেন্ট-সংক্রান্ত সফটওয়্যারের ব্যবহার জানলে অগ্রাধিকার। বয়স: ১-২-২০১৯ তারিখে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**সিকিউরিটি অফিসার:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: আর্মি, নেভি বা এয়ারফোর্সে অফিসার হিসেবে অথবা পুলিশ ফোর্সে অন্তত এ এস পি বা ডি এস পি পদে বা প্যারা মিলিটারি ফোর্সে সমতুল র‍্যাঙ্কে ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। টেরিটোরিয়াল আর্মি অফিসারের ক্ষেত্রেও ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-২-২০১৯ তারিখে ২৫ থেকে সর্বাধিক ৪৫ বছরের মধ্যে হতে হবে।

**ম্যানেজার (ল):** ৪১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিকভাবে অনগ্রসর ৪)। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক। সঙ্গে বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে এবং অন্তত ৩ বছর বারে প্র্যাক্টিস অথবা কোনও কমার্শিয়াল ব্যাঙ্ক বা কেন্দ্রীয় বা রাজ্য সরকারের দপ্তরে ল অফিসার হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-২-২০১৯ তারিখে ২৫ থেকে ৩৫ বছরের

এরপর বাইশের পাতায়

রবীন্দ্র পাঠ ভবন ™
AN ISO 9001:2015 CERTIFIED ORGANISATION
NATIONAL SKILL DEVELOPMENT CORPORATION
Industrial Training Institute
NSDC, NCVT, BSS (Govt. Of India)
WEST BENGAL STATE COUNCIL OF TECHNICAL EDUCATION
রবীন্দ্র পাঠ ভবন
Industrial Training Institute
-এখন একটি পূর্ণাঙ্গ ITI
NCVT (Govt. Of India) অনুমোদিত
100% Placement
FITTER - ELECTRICAL - COPA
CIVIL DRAUGHTSMAN - SURVEYOR
PRE- PREPATORY SCHOOL MANAGEMENT
ITI কোর্সে সরাসরি ভর্তি
BELGHARIA, 2no Rail Gate. (M) 8335066915
নার্সিং ট্রেনিং
Approved By- BSS (Govt. Of India)
2 Years DIPLOMA IN PRACTICAL NURSING
100 % Placement
Installment এর সুবিধাযুক্ত
KALYANI, B/12 SAPTAPORNI CENTRAL PARK. (M) 8335066916
মন্তেস্বরী টিচার্স ট্রেনিং
একজন Perfect Teacher এর জন্য এই ট্রেনিং আবশ্যিক
March Session এ ভর্তি চলছে।
আসন সীমিত।
Distance এ পড়ানোর ব্যবস্থা আছে। (M) 8335066915
ফ্রাঞ্চাইজি দেওয়া হচ্ছে। যোগাযোগ
HEAD OFFICE: BELGHARIA, 2NO RAIL GATE, 033-2541-2244 / 9830084759
E-mail: rabindra_path_bhaban@yahoo.co.in web: rabindrapathbhaban.com





banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৩৫ □ ৩ এপ্রিল ২০১৯

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

**ডাক্তারি পরীক্ষার মাধ্যমে সুনিশ্চিত চাকরি 4 দিনের মধ্যে Pvt. Bank (DSA) ও কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টের মধ্যে ৭ দিনের মধ্যে যোগাযোগ করতে হবে। পরে এলে হবে না।**

কোনও ডোনেশন ছাড়া কাজের সুযোগ বিভিন্ন অফিসিয়াল পদে। যোগ্যতা: নামসই-স্নাতক। বয়স: ১৮-৫০। বেতন: ১৭,৭০০/- - ৪২,৮০০/-, ক্লার্ক, অফিসবয়, অফিস পিওন, সুপারভাইজার, ASV, হাউসকিপিং-সহ অন্যান্য পদ, থাকা ও খাওয়া-সহ OT, PF, ESI সুবিধা আছে। পরে এলে হবে না। Agent-এর সুব্যবস্থা আছে। L. G, কলি-56. M: 90837-47097.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও নিজের জেলায় ব্যাঙ্ক (DSA)-তে কাজ পেতে শীঘ্র যোগাযোগ করুন ০৩-০৪-১৯ তারিখ হইতে ১০-০৪-১৯-এর মধ্যে**

**M: 9083936628**

(১) কী কাজ করবেন? (২) কীভাবে করবেন? (৩) বেতন: ১৮,২০০/- - ৩৫,৭০০/- (৪) যোগ্যতা: নামসই থেকে স্নাতক। (৫) বয়স: ১৮ থেকে ৪৫। (৬) স্পট জয়েনিং হবে লিখিত পেপার-সহ। আপনার গুরুত্বপূর্ণ সাক্ষাতের মাধ্যমে জানতে পারবেন কাজের বিষয়। কলি-54, Life Group.

□

**JOB VACANCY**

www.gcagroup.co.in সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, DISH TV ও MNC-এর বিভিন্ন Official পদে (৪র্থ-স্নাতক) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (13,200/- – 29,700/-) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। GCA, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7, (M): 77186-37129 / 95640-30192.

□

অফিসে থেকে কাজের জন্য তরুণ, উদ্যমী কর্মী চাই। থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। 1) Accountant 2) Com. H/W & N/W Eng. 3) Civil (Dip.) 4) Electrical (Dip.) 5) B. Sc (Pure). Email: birecruitment20@gmail.com Basumati Incorporation, 20, Dr. L. M. B. Road, 2nd Flr., Kol-14.

□


কর্মক্ষেত্র-র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৬ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৭ এপ্রিল কর্মক্ষেত্র-র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৩ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।


## কর্মখালি

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**BSNL/VODA/JIO**

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

Jio/ Vodafone/ Naptol কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন যোগ্যতানুসারে। INC + OT সহ 11,800/-. Z.M.GROUP, Salt Lake Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 98301-20692, মেদিনীপুর: 96747-95345, বর্ধমান: 90513-76362.

□

**স্টার হোটেলে চাকরি**

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা + খাওয়া + টিপস। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**দমদম এয়ারপোর্ট ও মেট্রোতে 135 জন কর্মী চাই**

সরাসরি কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 5 দিনে স্পট জয়েনিং, যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 17,600/- – 48,900/-, PF + ESI, OT-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। S.J.S., Kol-110. M: 74070-36062.

□

**বিবিধ শূন্যপদ**
**এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.: 3791**
**M: 7407036725**

শূন্যপদ: 184, বয়স: 18-38 পুরুষ ও মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: 17,400/- – 48,600/-. এছাড়া PF + ESI + OT -সহ অন্যান্য সুবিধা। S. J. S, R. N. A. Kol-110.

□

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে গ্যারান্টি সহকারে স্থায়ী জব**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে গ্রুপ D-এর ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন 17,300/- – 48,900/-. এক্স আর্মীরা যোগাযোগ করুন। S. C. Pvt. Ltd., C. I. T. Road, Kol-54. M: 74070-36905.

□

**Salary 10400 - 19500/-**

3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

## কর্মখালি

**স্টার হোটেলে 6-17,500/-**

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং R/L-0219**

সম্পূর্ণ বিনা ডোনেশনে গ্যারান্টি সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 17,300/- – 48,500/-. A. J., টি বোর্ড, কোল-1, (M): 96090-60842.

□

গার্ডেনরীচ মেটিয়াব্রুজ এলাকাস্থিত প্রসিদ্ধ ঔষধের দোকানে অভিজ্ঞ সেলসম্যান আবশ্যক। সত্বর যোগাযোগ করুন। ফোন: 93310-19838/Boti Medical Stores, Z/3, 103/z, Jeliapara Rd, Kol-44.

□

**SBI / HDFC / ICICI / PAN CARD /** PAYTM ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 354 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,217/- – 35,850/- (PF + ESI ) W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, হাওড়া / ধর্মতলা: 62892-51870.

□

**SBI /JIO / ONLINE SHOPPING কাস্টমার কেয়ার**

বাংলা প্রসেসে মাধ্যমিক-স্নাতক (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। IIFA, Kol-28, দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 78900-33388.

□

**ITI Instructor Required**

**Trade: Fitter, Electrical, Civil** Draughtsman Copa Qualification: ITI, Diploma or Higher Rabindra Path Bhavan ITI, NCVT (Govt. of West Bengal), Belgharia 2nd Rail Gate. 98300-84759 / 83350-66911.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে/ টাওয়ার Co-তে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 74773-12519.

## স্কুল-কলেজ শিক্ষা

**হোটেল ম্যানেজমেন্ট**

BSHM (কেন্দ্র, রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated) কেন BSHM-এ ভর্তি হবেন? (1) ভর্তির সময় Life time job গ্যারান্টি পেপার (2) কোর্স চলাকালীন কোর্স ফি ফেরৎ, তাই No Bank Loan (3) ইনস্টলমেন্ট ফেসিলিটি (4) হোস্টেল ফেসিলিটি (5) সবচেয়ে কম কোর্স ফি তাই, ফ্রি ল্যাপটপ, AC ক্লাসরুম, বড় Campus-এর সুবিধা নেই (6) চমক ও চাকচিক্য নয়, ভবিষ্যৎ গড়ুন বাস্তবতায়। www.bshm.co.in গড়িয়া: 92316-80651.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**JOB ORIENTED IT TRAINING BY NIELIT (FORMERLY DOEACC)**

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ছাত্রছাত্রী ও অন্যান্যদের জন্য কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের দ্বারা অনুমোদিত ও AICTE স্বীকৃত NIELIT (FORMERLY DOEACC)-এর CCC, O-Level, A-Level (ADCA), B-Level (MCA) Course-এর মাধ্যমে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরির সুনিশ্চিত সুযোগ। এছাড়াও Android Application Development, PHP & MYSQL, Java, Dot Net, Python, Oracle ও Hardware & Networking ইত্যাদি কর্মসহায়ক Course-গুলির শেষে বিভিন্ন সংস্থায় চাকরির জন্য Placement Assistance. যোগাযোগ: কলকাতা ও অন্যান্য জেলা: +91-9830233674 (M) +91-9836674750 (M) মেদিনীপুর: +91-95317-65595 (M) (03222) 271423 (Land).

□

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**

**2 Years BSS Practical Nursing** (Govt. of India) ট্রেনিং-এ সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা: মাধ্যমিক/উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Instalment-সহ অন্যান্য অনেক সুযোগ-সুবিধা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

□

**নার্সিং ট্রেনিং**

ভর্তি চলছে। ANM Nursing Training (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

**উইমেন্স মন্টেসরি ট্রেনিং**

অ্যাফিলিয়েটেড 46 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান। অল ইন্ডিয়া ইনস্টিটিউটে মন্টেসরি ট্রেনিংয়ে ভর্তি। 59/C, সত্যেন রায় রোড, বেহালা, কলি-34. 2348-2855, 98313-95169.

□

**কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC,** ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-76083.

□

**WB GOVT SERVICE EXAM PREPARATION**

**WBCS, IBPS, RAIL, SSC Above** 80% Success For Govt. Service Mrs. Maity. Ph: 98741-21627, Dum Dum B. G. Road, Kol-30.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**নার্সিং কোর্সে ভর্তি**

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□


**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.


**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**350 টাকা মাসে**

**RAIL, PSC ক্লার্ক, ICDC পড়ানো হয়।** MATH, G.I, G.K, শিয়ালদহ, ঢাকুরিয়া, Kol-31. P.A. 98046-61270.

□

**নার্সিং ট্রেনিং (100% Job)**

**Shree Jain Hospital (Howrah),** ANM (1 yr) Approved by BSS, GNM, P.P.B.Sc, B. Sc, Approved by INC / K.N.C / R.G.U.H.S. Bangalore. (Science/Commerce/Arts) $10^{TH}$/ $12^{TH}$ Passed. Call: 75968-74245 / 75968-74246.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide** বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

## ব্যবসা-বাণিজ্য

অত্যন্ত লাভজনক ব্যবসা মাশরুম, মোমবাতি, আগরবাতি, ডিটারজেন্ট, ব্লু, ফিনাইল, পারফিউম, ফ্লোরাধূপ, ইত্যাদি তৈরির পরামর্শের জন্য S.S.I প্রতিভা। সাঁকরাইল, হাওড়া (মাশরুম ক্রয় বিক্রয় হয়। মাসিক আয় 20,000/-) আগরবাতি মাসিক আয় 35,000/-. 98311-52957.


**কর্মক্ষেত্র**

## শিক্ষানবিশ সাংবাদিক চাই

প্রথম শ্রেণি বা উচ্চ দ্বিতীয় শ্রেণির অনার্স অথবা পোস্ট-গ্র্যাজুয়েট তরুণ-তরুণীরা ইংরেজি ভাষার সম্যক জ্ঞান ও সাবলীল বাংলা লেখার দক্ষতা থাকলে স্কুল ও কলেজের নাম এবং পরীক্ষায় প্রাপ্ত নম্বর উল্লেখ করে আবেদন করুন। আবেদনপত্রের সঙ্গে মার্কশিট, সার্টিফিকেট ইত্যাদির কোনওরকম কপি পাঠাবেন না।

২৭ বছরের মধ্যে বয়স থাকা চাই। খামের ওপর লিখবেন 'শিক্ষানবিশ সাংবাদিক'। ই-মেল করলে সাবজেক্ট লাইনে 'Trainee Journalist' কথাটি অবশ্যই লিখবেন।

উপযুক্ত অভিজ্ঞতা ও অসাধারণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের রিপোর্টার/সাব-এডিটর পদে সরাসরি নিয়োগ করা যেতে পারে।

আবেদনপত্র ৭ দিনের মধ্যে পাঠান। এই ঠিকানায়:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: swarnakshar.prakasani@gmail.com



## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in



**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# চক তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



নিজস্ব প্রতিনিধি: স্কুল-কলেজ সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে চক অপরিহার্য। এই মেশিনের সাহায্যে চক তৈরি করে বাক্সে ভরে স্কুল-কলেজ বা দোকানে অর্ডার অনুযায়ী সাপ্লাই করতে পারেন। সারাবছরই চকের চাহিদা থাকে।

**কীভাবে করবেন:** চক তৈরির জন্য অ্যালুমিনিয়াম ও গান মেটাল— এই দুই ধরনের ছাঁচ পাওয়া যায়। প্রথমে ছাঁচটির সমস্ত অংশ খুলে নিতে হবে। এরপর ব্রাশে করে যে-কোনও তেল নিয়ে ছাঁচের প্রতিটি অংশে লাগিয়ে দিতে হবে। তারপর ছাঁচের প্রতিটি অংশ আবার আগের মতো জুড়ে দিতে হবে। এবার উন্নতমানের প্লাস্টার অব প্যারিস নির্দিষ্ট পরিমাণে নিয়ে সেটিকে জল দিয়ে কাদা কাদা করে মেখে ডাইসের মধ্যে দিয়ে দিতে হবে। প্রতিকেজি প্লাস্টার অব প্যারিসের সঙ্গে এক চামচ হোয়াইট সিমেন্ট মিশিয়ে দিলে চকের ভঙ্গুরতা কমে। এর নির্দিষ্ট সময় পর প্লাস্টার অব প্যারিস অর্ধেক শুকিয়ে গিয়ে চকের আকৃতি নেবে। এরপর স্ক্রুগুলি খুলে ডাইসটিকে উল্টো করে চকগুলিকে বার করে রোদে শুকিয়ে নিতে হবে। রঙিন চক তৈরি করতে হলে প্লাস্টার অব প্যারিসের সঙ্গে পছন্দমতো রং মিশিয়ে নিতে হবে। সবশেষে চক তৈরি হয়ে গেলে বাক্সে ভরে বাজারে বিক্রি করতে পারেন।

**কোন মেশিনের কী দাম:** অ্যালুমিনিয়ামের ১০০টি চক তৈরির ছাঁচের দাম ১,৬০০ টাকা। ২০০টি চক তৈরির ছাঁচের দাম ৩,২০০ টাকা। গান মেটালের ২০০টি চক তৈরির ছাঁচের দাম ৪০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


# নিশ্চিত চাকুরীমুখী কোর্স

যোগ্যতা মাধ্যমিক (এ বছরের পরীক্ষার্থীরাও eligible)

| | | |
|---|---|---|
| ☆ MOBILE REPAIRING (Android / I-Phone) | 3 MONTHS | 3000/- |
| ☆ COMPUTER H/W + NETWORKING (Laptop / printer) | 3 MONTHS | 4000/- |
| ☆ OFFICE MANAGEMENT (FA / DTP / IT / Web / Animation) | 3 MONTHS | 3000/- |
| ☆ INTERIOR DECORATION | 4 MONTHS | 4000/- |
| ☆ RETAIL & ONLINE MARKETING | 4 MONTHS | 4000/- |
| ☆ TRAVEL & TOURISM MANAGEMENT | 4 MONTHS | 4000/- |

☆ 1 year & 2 years courses available with 100% job opportunity

FREE Spoken English

☆ Free Educational Kit
☆ স্বল্প খরচে হোস্টেলের সুবিধা
☆ কোর্সের শেষে দেশে ও বিদেশে চাকরির সুযোগ
☆ ভারত সরকারের UGC / MHRD দ্বারা স্বীকৃত কোর্স



## Mindmine Institute For Skill Training (MIST)

Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )

✦ মৌলালী (Taltala)    ✦ ঠাকুরপুকুর (Joka)

@7595077657    @7595077656



# পশ্চিমবঙ্গ সরকার

## ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তর

UNDER STATE YOUTH CENTRE, MOULALI

*VOCATIONAL TRAINING INSTITUTE*

Department of YOUTH SERVICE & SPORTS (Youth Services Wing), Govt. of West Bengal & WB URBAN ACADEMY-একটি যৌথ উদ্যোগ

মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আবেদন গ্রাহ্য হবে

| ADVANCE DIPLOMA/DIPLOMA | | | CERTIFICATE | | |
|---|---|---|---|---|---|
| COURSE | DURATION | AMOUNT | COURSE | DURATION | AMOUNT |
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- | TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- | BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- | AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- | ANCHORING | 6 Months | 2,100/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- | ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

**MOULALI :**
New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row), IMA Building Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus Stop Taltala. Ph. : 9874126490 / 9433153569 / 9831974348

**DURGAPUR :**
2nd Administrative Building, City Centre,
Ph. : 0343 2544432 / 7074036478

**HOWRAH :**
158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema)
Hazra Building, Howrah - 711101
Ph.: 9230704344/9143163495/9433045288

**SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE**
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/Bandu Tirtha Club) Kol-78, Ph. : 8240425239

ভর্তি চলিতেছে | ভর্তি চলিতেছে



ভারতীয় রেলে পঃবঙ্গের সবচেয়ে বেশী চাকরী পাওয়া প্রতিষ্ঠানের সাথে নিজেকে যুক্ত করে আপনিও হতে পারেন রেল পরিবারের একজন। আমাদের এই সুবিশাল কর্মযজ্ঞ স্বচক্ষে দেখতে চলে আসুন সকাল ৮টা থেকে বিকাল ৫টার মধ্যে। আমরা চেষ্টা করি সঠিক দিশা দেখিয়ে কঠিন পরিশ্রমের মাধ্যমে কি ভাবে নিজের লক্ষে পৌছানো যায়। চাকরির মিথ্যা প্রলোভন নয় উপযুক্ত গাইড, সঠিক দিশা, হার না মানা মানসীকতায় দিতে পারে প্রতিষ্ঠা। নিজের প্রতি বিশ্বাস রাখুন আর সঠিক দিশাতে এগিয়ে চলুন। কোনো কোচিং সেন্টারের সমালোচনা করা আমাদের কাজ নয়। যে যার নিজের মতো করে গাইড করছে আর আমরা আমাদের মতো। চলুন সবাইমিলে বাংলাকে এগিয়ে নিয়ে যাই। আমাদের কোনো Branch নেই। প্রয়োজনে আমাদের Youtube channel & Facebook page search করতে পারেন "Tapoban Study Centre For Technical"

ভর্তি চলছে    ভর্তি চলছে

# ALP-PSYCHO/APTI

সপ্তাহে ৪টি নতুন ব্যাচ (Projector/Online Practice)

## Rly. Gr. D & NTPC New Batch

RLY JE SPL. ব্যাচে ভর্তি চলছে

Tech Combined New Batch

# তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল®

Govt. Regd.

ভদ্রেশ্বর, জেলা ঃ হুগলি    আমাদের কোনো শাখা নেই

M. : 8820022385, 9681026768

(8 am-5 pm), প্রতিদিন খোলা, মাসিক মাইনে, হোস্টেল আছে

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৯ মার্চ-২৭ মার্চ

**১৯ মার্চ** কানাডায় নজির গড়লেন ভারতীয় বংশোদ্ভূত জগমিত সিং। কানাডার প্রধান বিরোধী দলের প্রথম অশ্বেতাঙ্গ নেতা হিসেবে এ দিন হাউস অব কমন্সে পা রাখেন তিনি। নিউজিল্যান্ডের জঙ্গি হানার প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'ক্রাইস্টচার্চে মুসলিম ভাইবোনেদের উপরে আক্রমণ হয়েছে। শোকার্তদের পাশে থাকার বার্তা দিয়ে আলোচনা শুরু করতে চাই।'

## আবেল পেলেন মার্কিন গণিতজ্ঞা



২০ মার্চ: এ বছরের আবেল পুরস্কার পেলেন মার্কিন গণিতবিদ ক্যারেন উলেনবেক। এই প্রথম কোনও মহিলাকে এই পুরস্কার দেওয়া হল। অঙ্কে নোবেল পুরস্কার দেওয়া হয় না। সে কারণেই গণিতে বিশেষ অবদানের জন্য ২০০৩ সাল থেকে আবেল পুরস্কার দেওয়া শুরু হয়। পুরস্কারের বর্তমান অর্থমূল্য ভারতীয় টাকায় প্রায় ৪ কোটি ৮৪ লক্ষ টাকা। নরওয়ের অ্যাকাডেমি অব সায়েন্স অ্যান্ড লেটারস জানাচ্ছে, জ্যামিতির 'পারশিয়াল ডিফারেন্সিয়াল ইকুয়েশন', 'গজ থিয়োরি', এবং 'ইন্টিগ্রেবল সিস্টেম', নিয়ে তাঁর কাজ জ্যামিতি, পদার্থবিদ্যার অঙ্ক ও বিশ্লেষণের ক্ষেত্রে পথপ্রদর্শকের কাজ করেছে। রয়্যাল সোসাইটির জিম আল-খলিলির মতে, 'আরও বড় স্বীকৃতি পেতে পারতেন ক্যারেন। গত ৪০ বছরে গণিতের যত উন্নতি তার বিশেষ কিছু ক্ষেত্রে অসামান্য অবদান রয়েছে তাঁর।' প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত ক্যারেন জানিয়েছেন, তিনি চান, গণিতের গবেষণায় মেয়েরা আরও বেশি করে এগিয়ে আসুক। তাঁর জন্য ১৯৯৩ সাল থেকে বিশেষ অভিযানও চালাচ্ছেন তিনি।



"৫ কোটি পরিবারকে বছরে ৭২ হাজার টাকা দেওয়া হবে। জাত-পাত-ধর্ম, শহর-গ্রাম নির্বিশেষে। নরেন্দ্র মোদী ধনীদের টাকা দিতে পারলে আমরা গরিবদের দেবো।"

রাহুল গান্ধী, *কংগ্রেস সভাপতি*

ক্ষমতায় এলে গরিবদের জন্য 'ন্যূনতম আয় যোজনা'-র ঘোষণা করে

## কমবীর সিং পরবর্তী নৌসেনা প্রধান



২৩ মার্চ: দেশের পরবর্তী নৌসেনা প্রধান হলেন ইস্টার্ন ন্যাভাল কমান্ডের প্রধান কমবীর সিং। যদিও প্রবীণতম ভাইস অ্যাডমিরাল বিমল বর্মাকে টপকে পরবর্তী নৌসেনা প্রধান করা হয়েছে তাঁকে। এই প্রথম নৌসেনার কোনও পাইলট বাহিনীর প্রধান হলেন। তিনি বর্তমানে বিশাখাপত্তনমে ইস্টার্ন ন্যাভাল কমান্ডের ফ্ল্যাগ অফিসার কমান্ডিং ইন চিফ পদে রয়েছেন। ৩০ মে বর্তমান নৌসেনা প্রধান সুনীল লাম্বা অবসর নেবেন। তার পরদিনই দায়িত্ব হাতে নেবেন কমবীর।

## প্রয়াত ব্রুস ইয়ার্ডলি



২৭ মার্চ: অস্ট্রেলিয়ার প্রাক্তন অফ-স্পিনার ব্রুস ইয়ার্ডলি (৭১) প্রয়াত হলেন। সাতের দশকে বিশ্বজুড়ে দ্রুতগতির বোলারদের যখন আধিপত্য, তখন ৩০ বছর বয়সে টেস্ট অভিষেক হয় ইয়ার্ডলির। ৩৩টি টেস্টে অস্ট্রেলিয়ার হয়ে তিনি নিয়েছেন ১২৬টি উইকেট। ২৪ বছরের প্রথম শ্রেণির ক্রিকেট কেরিয়ারে তাঁর শিকার সংখ্যা ৩৪৪। স্পিন বোলিংয়ের কোচ হিসেবে বিখ্যাত ছিলেন ইয়ার্ডলি। মুথাইয়া মুরলীধরণ এবং শ্রীলঙ্কার কোচ হিসেবে কাজ করেছেন নয়ের দশকে। ২০০৪ সালে যখন মুরলীধরণের অ্যাকশন নিয়ে প্রশ্ন ওঠে, তখন ইয়ার্ডলি তার পাশে দাঁড়ান।

**২৪ মার্চ** পাকিস্তানে দুই হিন্দু কিশোরীকে অপহরণ ও ধর্মান্তকরণের অভিযোগে সরব হল ভারত। এ দিন টুইট করে বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ জানিয়েছেন, পাকিস্তানে ভারতীয় হাইকমিশনারের কাছে এই সংক্রান্ত রিপোর্ট চেয়েছেন তিনি। পাক তথ্যমন্ত্রী ফওয়াদ হুসেন চৌধুরি ক্ষোভ প্রকাশ করে জানিয়েছেন এটা তাঁদের অভ্যন্তরীণ ব্যাপার। অবশ্য ফওয়াদ এও জানিয়েছেন যে সিন্ধু প্রদেশের ওই দুই কিশোরীর ধর্মান্তরণের অভিযোগ নিয়ে তদন্তের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী ইমরান খান। এই ধরনের ঘটনা যাতে ভবিষ্যতে না-ঘটে, তার জন্য সিন্ধু ও পঞ্জাব সরকারকে কড়া ব্যবস্থা নেওয়ার কথাও বলেছেন তিনি।

## গ্লোবাল টিচার প্রাইজ পেলেন কেনিয়ার শিক্ষক



২৫ মার্চ: কেনিয়ার রিফট ভ্যালির প্রত্যন্ত এক গ্রামের শিক্ষক পিটার টাবিচি এ বছরের 'গ্লোবাল টিচার প্রাইজ' পেলেন। প্রত্যন্ত গ্রাম ওয়ানির 'কেরিকো মিক্সড ডে সেকেন্ডারি স্কুল'-এ অঙ্ক এবং পদার্থবিদ্যা পড়ান পিটার। প্রত্যেক মাসে নিজের বেতনের প্রায় ৮০ শতাংশ দান করে দেন গরিবদের। যে স্কুলে তিনি পড়ান সেখানে প্রায় এক তৃতীয়াংশ ছাত্র-ছাত্রীই অনাথ এবং আর্থিক ভাবে সকলেই দারিদ্রসীমার নীচে। এ দিন দুবাইয়ে পুরস্কার মঞ্চে পুরস্কার তুলে দেওয়া হয় পিটারের হাতে। পুরস্কার মূল্য দশ লক্ষ ডলার। অনুষ্ঠানটি পরিচালনার দায়িত্বে ছিলেন হলিউড তারকা হিউ জ্যাকম্যান।

**২০ মার্চ** ভারতে অ-সুখ আরও বাড়ছে বলে এক রিপোর্টে জানাল রাষ্ট্রপুঞ্জ। এ দিন বিশ্ব সুখ দিবসে রাষ্ট্রপুঞ্জের সুখী দেশ সংক্রান্ত রিপোর্ট প্রকাশিত হয়েছে। তাতে জানা গিয়েছে, গত বছরের তুলনায় সাত ধাপ নেমে ১৫৬টি দেশের মধ্যে ভারত রয়েছে ১৪০ নম্বরে। পাকিস্তান ৬৭, চিন ৯৩ এমনকি বাংলাদেশও রয়েছে ১২৫ তম স্থানে। টানা দ্বিতীয়বার শীর্ষ স্থান দখল করে রাখল ফিনল্যান্ড। নাগরিকদের আয়, ব্যক্তি স্বাধীনতা, সরকারের উপর আস্থা, সুস্থ জীবনযাপনের প্রত্যাশা, সামাজিক সাহায্য সহ বিভিন্ন মাপকাঠিতে সুখী দেশের সংজ্ঞা নির্ধারণ করা হয়েছে। তবে সামগ্রিক রিপোর্ট অনুযায়ী সারা বিশ্বেই সুখ কমেছে। আমেরিকা রয়েছে ১৯ তম স্থানে। জার্মানি ১৫ থেকে নেমেছে ১৭য়, জাপান ৫৪ থেকে ৫৮-য়। চিনও ৮৬ থেকে নেমেছে ৯৩ তম স্থানে।

**সমঝোতা এক্সপ্রেস বিস্ফোরণের মামলা** থেকে স্বামী অসীমানন্দ সহ চার অভিযুক্তকে বেকসুর মুক্ত করে দিল হরিয়ানার এনআইএ আদালত। চার্জশিটে ৮ জনের নাম থাকলেও চার জনকেই গ্রেপ্তার করা হয়েছিল। এই মামলাটির পাশাপাশি হায়দরাবাদের-মক্কা মসজিদ ও আজমেরের দরগায় বিস্ফোরণের মামলা থেকেও মুক্তি পেয়েছেন প্রাক্তন সঙ্ঘ প্রচারক স্বামী অসীমানন্দ। উল্লেখ্য, মোদী সরকার কেন্দ্রে ক্ষমতায় আসার পর থেকেই তথাকথিত 'হিন্দু সন্ত্রাসবাদী'-দের বিরুদ্ধে তদন্তে ঢিলেমির অভিযোগ উঠেছিল।

**২১ মার্চ** কাশ্মীরে জঙ্গিদের হাতে খুন হল পণবন্দি বালক। এ দিন জম্মু-কাশ্মীরের বান্দিপোরার হাজিনে একটি বাড়িতে ঢুকে পড়ে জঙ্গিরা। তারা পণবন্দি করে আব্দুল হামিদ নামে এক ব্যক্তি এবং ১২ বছরের আতিফ আহমেদকে। নিরাপত্তাবাহিনীর সঙ্গে জঙ্গিদের সংঘর্ষ থামলে দেখা যায়, আতিফের মৃত্যু হয়েছে। নিহত দুই জঙ্গির সঙ্গে তার দেহও পাওয়া গেছে। বান্দিপোরার এসএসপি রাহুল মালিক বলেছেন, 'জঙ্গিরাই ওই নাবালককে গুলি করেছে।' আতিফের মৃত্যুর প্রতিবাদে সরব হয়েছে স্থানীয় বাসিন্দারাও। পুলিশের মুখপাত্র জানিয়েছেন, নিহত দুই জঙ্গিই লস্কর ই তইবার সদস্য।

**২২ মার্চ** ইভিএম-ভোটার ভেরিফায়েবল পেপার অডিট ট্রেইল (ভিভিপ্যাট) সংক্রান্ত ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটের (আইএসআই) রিপোর্ট জমা পড়ল নির্বাচন কমিশনে। আসন্ন নির্বাচনে স্বচ্ছতার প্রশ্নে ঠিক কত শতাংশে ইভিএমের সঙ্গে ভিভিপ্যাট মেশিনের ফলাফল যাচাই করা হবে, সেই সিদ্ধান্ত কমিশন ওই রিপোর্টের ভিত্তিতে নেবে। ইভিএমে কারচুপির অভিযোগে গত কয়েক বছর ধরেই সরব রয়েছে বিরোধীরা। স্বচ্ছতার প্রশ্নে ইভিএমের ফলাফলের সঙ্গে ভিভিপ্যাটের ফলাফলের মিল রয়েছে কি না, তা যাচাই করে দেখা শুরু করেছে কমিশন। কমিশনের বক্তব্য, প্রায় নব্বই কোটি ভোটদাতার অর্ধেকের ভোট যদি মেলাতে হয়, তা হলে ভোট গণনা শেষ করতে অনেক সময় লাগবে। এই পরিস্থিতিতে ঠিক কত শতাংশ বুথে ইভিএম ও ভিভিপ্যাটের ফলাফলের তুলনা করা উচিত, তা খতিয়ে দেখতে দায়িত্ব দেওয়া হয় আইএসআইয়ের দিল্লি শাখাকে।

**অর্থের অভাবে বিপর্যস্ত পাকিস্তানকে** ২১০ কোটি ডলার ঋণ দেওয়ার সিদ্ধান্ত নিল চিন। পাকিস্তানের অর্থ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, দেশের অর্থনীতিকে চাঙ্গা করতে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে চিন। সে দেশের অর্থ মন্ত্রকের মুখপাত্র তথা উপদেষ্টা খকন নজিব খান বলেন, '২১০ কোটি ডলার পাকিস্তানকে দেওয়ার যাবতীয় প্রক্রিয়া সেরে ফেলেছে বেজিং।' 'স্টেট ব্যাঙ্ক অব পাকিস্তান'-এর অ্যাকাউন্টে খুব শীঘ্রই এই অর্থ চলে আসবে বলে জানান তিনি।

**ব্রিটেনের প্রধানমন্ত্রী টেরেসা মে-র** ব্রেক্সিট পিছিয়ে দেওয়ার আর্জি মানল না ইউরোপীয় ইউনিয়ন। ৩০ জুন পর্যন্ত ব্রেক্সিট পিছিয়ে দেওয়ার আর্জি জানিয়ে ইইউ-কে চিঠি লিখেছিলেন মে। দীর্ঘ বৈঠকের পর টেরেসাকে জানানো হয়, সময়সীমা এত বাড়ানো সম্ভব নয়। ১২ মে পর্যন্ত সময় দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে তৃতীয় ও শেষ বারের জন্য তাঁর চুক্তি পার্লামেন্টে পেশ করতে বলা হয়েছে। ২২ মে পর্যন্ত ইইউ থেকে বেরিয়ে যাওয়ার জন্য ব্রিটেনকে সময় দেওয়া হবে। অন্যথায় প্রধানমন্ত্রীর চুক্তি যদি পার্লামেন্টে পাশ না হয়, তা হলে ১২ মে-র মধ্যে ইইউ-কে জানাতে হবে, ব্রিটেন এ বার কোন পথে হাঁটার কথা ভাবছে।

## নীরবকে গ্রেপ্তার করল লন্ডন পুলিশ



১৯ মার্চ: লন্ডনে গ্রেপ্তার হলেন পলাতক হিরে ব্যবসায়ী নীরব মোদী। লন্ডনের মেট্রোপলিটন পুলিশ বিবৃতি দিয়ে বলেছে, 'ভারতীয় কর্তৃপক্ষের হয়ে লন্ডনের হোবর্ন থেকে গ্রেপ্তার করা হয়েছে ৪৮ বছরের নীরবকে।' নীরবকে এ দিন ওয়েস্টমিনস্টারের ম্যাজিস্ট্রেটের আদালতে তোলে পুলিশ। জামিন পেতে ৫ লক্ষ পাউন্ড বন্ড দিতে তৈরি ছিলেন নীরব। আবেদন খারিজ করে বিচারক মারি ম্যালন বলেন, 'তাঁর বিরুদ্ধে তছরুপের যে অঙ্কটা উঠেছে, তা বিরাট। জামিন পেলে নীরব যে আত্মসমর্পণ করবেন না, এমন ভাবার যথেষ্ট কারণ আছে।' নীরবকে ১০ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। তারপরই শুরু হবে তাঁর প্রত্যর্পণ মামলার শুনানি।

**২৩ মার্চ** জম্মু-কাশ্মীরের প্রাক্তন আমলা শাহ ফয়সল-এর রাজনৈতিক দল 'জম্মু-কাশ্মীর পিপলস মুভমেন্ট' আসন্ন লোকসভা ভোটে লড়বে না বলে জানা গেল। ফয়সল জানিয়েছেন, জম্মু-কাশ্মীরের মানুষের স্বার্থেই এই সিদ্ধান্ত। তবে উপত্যকার মানুষকে ভোট দিতে আর্জি জানিয়েছেন তিনি। তাঁর বক্তব্য, 'মানুষের সঙ্গে যোগাযোগ করে আমাদের কর্মী সংখ্যা আগে বাড়ানো প্রয়োজন। জম্মু-কাশ্মীরের সব সম্প্রদায়কে এক ছাতার তলায় আনতে চাই।'

**আইএস কবল থেকে সিরিয়ার বাঘুজ** এলাকা পুরোপুরি দখলে নিল মার্কিন নেতৃত্বাধীন জোট বাহিনী। সিরিয়ার সেনাবাহিনীর মুখপাত্র মুস্তাফা বালি টুইটারে জানিয়েছেন, এখন পুরোপুরি জঙ্গিমুক্ত এই এলাকা। বাঘুজই ছিল আইএসের দখলে থাকা সিরিয়ার সর্বশেষ ঘাঁটি। বেশ কিছুদিন ধরেই সেই অংশটি পুনর্দখল করতে চেষ্টা চালাচ্ছিল সিরীয়-মার্কিন সেনা জোট।

**২৬ মার্চ** মেক্সিকো সীমান্তে বেড়া বা ফেনসিংয়ের একটি অংশের নির্মাণে ১০০ কোটি ডলার দেওয়া হবে বলে জানাল পেন্টাগন। প্রতিরক্ষাসচিব প্যাট্রিক শ্যানাহান হোমল্যান্ড সিকিউরিটির সচিবকে এক মেমোয় জানিয়েছেন, আন্তর্জাতিক সীমান্তে মাদক নিয়ন্ত্রণে যে কোনও ধরনের কাজে সমর্থন জানানোর স্বাধীনতা আছে প্রতিরক্ষা বিভাগের। তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বহু কাঙ্ক্ষিত 'প্রাচীর'-এর উল্লেখ পেন্টাগনের ওই মেমোতে করা হয়নি। সেখানে বেড়ার (ফেনসিং) কথাই বলা হয়েছে। আমেরিকা ও মেক্সিকো সীমান্তে ইয়ুমা এবং এল পাসো-র মাঝে আলোও লাগানোর কথা বলা হয়েছে।

## চিনুক কপ্টার পেল বায়ুসেনা



২৫ মার্চ: বায়ুসেনাকে আরও উন্নত ও শক্তিশালী করে তুলতে ভারতের হাতে এল চারটি চিনুক হেলিকপ্টার। আমেরিকা থেকে মোট ১৫টি কপ্টার কিনতে প্রায় ১৫০ কোটি ডলারের চুক্তি করে ভারত। তারই প্রথম চারটি এ দিন এল চণ্ডীগড়ের বায়ুসেনা ঘাঁটিতে। এয়ার চিফ মার্শাল বি এস ধানোয়া জানিয়েছেন, সীমান্ত পাহারায় বিশেষ কার্যকরী হবে কপ্টারগুলি। বিশেষ ধরনের এই কপ্টারগুলি ওড়ানোর জন্য গত বছর থেকেই পাইলটদের প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু হয়েছে।

## মোজাম্বিকে ভয়াবহ ঘূর্ণিঝড়ে মৃত ৭০০



২৩ মার্চ: ঘূর্ণিঝড় ইডাইয়ের দাপটে পশ্চিম আফ্রিকার মোজাম্বিক, জিম্বাবোয়ে ও মালাউয়ি মিলিয়ে অন্তত ৭০০ মানুষের মৃত্যু হল। মোজাম্বিকের বন্দর-শহর বেইরার উপর দিয়ে কয়েকদিন আগে ঘন্টায় ১৭০ কিলোমিটার বেগে বয়ে যায় ইডাই। তার পরে জিম্বাবোয়ে ও মালাউইয়ের দিকে সরে যায় সেটি। সে দেশের জমি ও পরিবেশ বিষয়ক মন্ত্রী সেলসো করেইয়া জানিয়েছেন, আগের চেয়ে পরিস্থিতির উন্নতি হলেও বহু জায়গার পরিস্থিতি গুরুতর। ইডাইয়ের জেরে বৃষ্টিতে ভেসে গিয়েছে বুজি ও পাঙ্গই নদী। বিপদসীমার উপর দিয়ে বইছে জাম্বেজি নদীও। বেইরাতেই অন্তত ৫০ হাজার মানুষ কলেরায় আক্রান্ত হয়েছেন। জিম্বাবোয়েতেও ইডাইয়ের দাপটে প্রাণ গিয়েছে ২৫৯ জনের। মালাউইয়ে ভারী বৃষ্টিতে মৃত্যু হয়েছে ৫৬ জনের। মোজাম্বিকে মৃতের সংখ্যা সবচেয়ে বেশি ৪৬৮।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস/ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষায় বসতে চাই। ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —সুকুমার মণ্ডল, মন্দিরবাজার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিসের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। অথবা স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্সে স্নাতকোত্তর। স্নাতকদের ক্ষেত্রে উপরোক্ত তিনটি বিষয়ের যে-কোনও একটি অন্যতম বিষয় হিসেবে স্নাতকস্তরে পড়ে থাকতে হবে। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsconline.nic.in

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষায় বসতে চাই। জিওলজিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মানসী কর্মকার, নারায়ণগড়, পশ্চিম মেদিনীপুর।*

□□ 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষায় জিওলজিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জিওলজিক্যাল সায়েন্স বা জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা জিও-এক্সপ্লোরেশন বা মিনারেল এক্সপ্লোরেশন বা ইঞ্জিনিয়ারিং জিওলজি বা মেরিন জিওলজি বা আর্থ সায়েন্স অ্যান্ড রিসোর্স ম্যানেজমেন্ট বা ওশানোগ্রাফি অ্যান্ড কোস্টাল এরিয়াজ স্টাডিজ বা পেট্রোলিয়াম জিওসায়েন্স বা পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন বা জিওকেমিস্ট্রি বা জিওলজিক্যাল টেকনোলজি বা জিও-ফিজিক্যাল টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। ১৬ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in

## ব্যাঙ্ক

□ *ইউনিয়ন ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন আসবে? —তাপতমা চক্রবর্তী, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে অনলাইন এক্সামিনেশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষায় থাকবে রিজনিং (২৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) এবং পদ অনুসারে পেশাদারি প্রশ্ন (১০০ নম্বর)। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পার্সোন্যাল ইন্টারভিউ ৫০ নম্বর। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.unionbankofindia.co.in

## কোর্স, ট্রেনিং

□ *ন্যাশনাল স্কুল অব ড্রামায় ড্রামাটিক আর্টসে ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। এটি কতদিনের কোর্স? কোর্স চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে কি? বিস্তারিত জানাবেন। —রাহুল ঘোষ, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ নয়াদিল্লির ন্যাশনাল স্কুল অব ড্রামা ড্রামাটিক আর্টসে ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। শিক্ষার্থীদের থিয়েটারে অভিনয়, পরিচালনা, ডিজাইন ও থিয়েটার-সংক্রান্ত অন্যান্য বিষয়ে পেশাদারি প্রশিক্ষণ দেওয়া হবে। কোর্স চলাকালীন স্কলারশিপ দেওয়া হবে। কোর্স শুরু হবে অগস্টে। আসনসংখ্যা ২৬। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্তত স্নাতক। সেইসঙ্গে কমপক্ষে ৬টি মঞ্চ-প্রযোজনায় অংশগ্রহণ করে থাকতে হবে। এ ছাড়া হিন্দি বা ইংরেজি ভাষায় জ্ঞান থাকা আবশ্যক। থিয়েটারের তিন জন বিশিষ্ট ব্যক্তিত্বের থেকে রেকমেন্ডেশন লেটার পেয়ে থাকলে এবং মঞ্চ প্রযোজনার ভিডিয়ো থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। স্কলারশিপ: প্রতি মাসে ৮,০০০ টাকা। প্রার্থী মনোনীত করা হবে দু'টি ধাপে। প্রথমে প্রার্থীদের একটি প্রিলিমিনারি টেস্ট বা অডিশন নেওয়া হবে। কলকাতায় অডিশনের তারিখ ১৫ এবং ১৬ জুন। অডিশনে উত্তীর্ণ প্রার্থীদের নয়াদিল্লিতে একটি ৫ দিনের কর্মশালায় যোগদান করতে হবে এবং পারফর্ম্যান্সের ভিত্তিতে বিশেষজ্ঞ কমিটি প্রার্থী মনোনীত করবেন। কর্মশালাটি চলবে ১ থেকে ৫ জুলাই, দিল্লিতে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.onlineadmission.nsd.gov.in আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০ টাকা।

□ *টি টেস্টিংয়ের কোর্স করতে চাই। কোথায় পড়া যাবে? এখন কি কোথাও আবেদন করা যাচ্ছে? রাজ্যের বাইরে হলেও চলবে। —সুলেখা কুণ্ডু, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

□□ টি টেস্টিং ও মার্কেটিংয়ের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্ল্যান্টেশন ম্যানেজমেন্ট। কোর্সটির পুরো নাম: প্রফেশনাল সার্টিফিকেট প্রোগ্রাম অন টি টেস্টিং অ্যান্ড মার্কেটিং। কোর্স শুরু হবে ২০ মে থেকে, চলবে ৩ জুলাই পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। ইংরেজিতে সাবলীলভাবে বলতে ও লিখতে পারা চাই। কোর্স ফি: ৭৫,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে সাইকোমেট্রিক টেস্ট এবং ব্লাইন্ড (সেন্সরি) টেস্টের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.iipmb.edu.in ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকার ক্রসড ডিমান্ড ড্রাফট (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ড্রাফটটি 'Indian Institute of Plantation Management'-এর অনুকূলে ব্যাঙ্গালোরে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র ও ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা আবেদনপত্র ১২ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: MDP Office, Indian Institute of Plantation Management, Jnana Bharathi Campus, P.O. Malathalli, Bangalore-560 056.

## অন্যান্য চাকরি

□ *রাজ্য পুলিশের কনস্টেবল পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —অনিল মণ্ডল, আসানসোল, পশ্চিম বর্ধমান।*

□□ রাজ্য পুলিশের কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে অন্যতম বিষয় হিসেবে বাংলা বা নেপালি ভাষা পড়ে থাকতে হবে। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৬০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বয়স ও উচ্চতা অনুসারে ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৯ অথবা ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১২। কাছের ক্ষেত্রে ভালো চোখে ০/৬ এবং খারাপ চোখে ০/৮। প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড রিজনিং (৫০ নম্বর) এবং বাংলা/নেপালি ভাষা (৫০ নম্বর) বিষয়ে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক মাপজোক যাচাইয়ের পরে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ফাইনাল পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড জেনারেল নলেজ (৩০ নম্বর), ইংলিশ (৩০ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর) এবং রিজনিং (১০ নম্বর) বিষয়ে। পরীক্ষার সময়সীমা দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে ইন্টারভিউয়ের (১০ নম্বর) জন্য। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। দেখুন এই ওয়েবসাইট: www.wbpolice.gov.in

□ *ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে কম্পিউটার সায়েন্স শাখায় টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —তন্দ্রা চ্যাটার্জি, নদিয়া।*

□□ ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে কম্পিউটার সায়েন্স শাখায় টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক, স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স বা ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। অথবা কম্পিউটার বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজিতে তিন বছরের ডিপ্লোমা অথবা আর্মড ফোর্সেস দ্বারা প্রদত্ত ডিপ্লোমা বা টেকনিক্যাল প্রফিশিয়েন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কম্পিউটারের ব্যবহার জানতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থীদের নির্বাচিত করা হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। প্রথম পর্যায়ের পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল সায়েন্স ও কারেন্ট অ্যাফেয়ার্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড অ্যান্ড রিজনিং এবং সংশ্লিষ্ট বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: https://ntrorectt.in

□ *ভারতীয় নৌবাহিনীতে এডুকেশন ব্রাঞ্চে অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —মৌ গুপ্ত, দিনহাটা, কোচবিহার।*

□□ ভারতীয় নৌবাহিনীতে এডুকেশন ব্রাঞ্চে অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা নিউক্লিয়ার ফিজিক্সে এম এসসি। স্নাতকে অঙ্ক থাকতে হবে। অথবা ম্যাথমেটিক্স বা অপারেশনাল রিসার্চে এম এসসি, স্নাতকস্তরে ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা কেমিস্ট্রিতে এম এসসি, স্নাতকে ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা ইংরেজি বা ইতিহাসে এম এ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও শাখায় বি ই বা বি টেক: মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন সিস্টেমস, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং। পাশাপাশি মনে রাখবেন, প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৬০ শতাংশ নম্বর পাওয়া আবশ্যক। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *সেইলে ফিটার ট্রেডে অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান (ট্রেনি) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোকের প্রয়োজন? —আদিত্য অধিকারী, হাওড়া।*

□□ সেইলে ফিটার ট্রেডে অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান (ট্রেনি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৭৯ সেমি হতে হবে। ওজন থাকতে হবে অন্তত ৪৫ কেজি। এ ছাড়া চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/১২, কাছের ক্ষেত্রে উভয় চোখে জে-ওয়ান বা এন-সিক্স। চশমা থাকলে তার পাওয়ার +-৪.০ডি-র বেশি হলে চলবে না। ওয়েবসাইট: www.sail.co.in, http://sailcareers.com

□ *ন্যাশনাল ফার্টিলাইজার্সে মার্কেটিং রিপ্রেজেন্টেটিভ পদে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —প্রণব দাস, রামপুরহাট, বীরভূম।*

□□ ন্যাশনাল ফার্টিলাইজার্সে মার্কেটিং রিপ্রেজেন্টেটিভ পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে বিষয়ে বি এসসি ডিগ্রি। মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর থাকতে হবে। ওয়েবসাইট: www.nationalfertilizers.com

নাম : ..........

ঠিকানা : ..........

..........

..........

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## স্কুল সার্ভিস কমিশনের অস্বচ্ছতার কারণেই যাবতীয় জটিলতার সূত্রপাত

রাজ্যে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া নিয়ে যা চলছে, তা অত্যন্ত মর্মান্তিক। স্কুল সার্ভিস কমিশন (এস এস সি)-এর অস্বচ্ছতা থেকেই যত জটিলতার সূত্রপাত! একের পর এক নিয়োগ-সংক্রান্ত বিতর্কে জেরবার রাজ্য। কখনও পাঠক্রম-বহির্ভূত প্রশ্ন, কখনও প্যানেলভুক্ত প্রার্থীদের নিয়োগ-সংক্রান্ত জটিলতা, কখনও আবার নম্বর-বিভ্রাট— বার বার আইনি জটিলতায় জড়িয়েছে নিয়োগ প্রক্রিয়া। ১৯৯৭ সালে কমিশন গঠনের পর থেকে ২০১১ সাল পর্যন্ত বাম আমলে ১১ বার রিজিওনাল লেভেল সিলেকশন টেস্ট (আর এল এস টি) নেয় এস এস সি। পরিসংখ্যান বলছে, ১৯৯৮-৯৯ থেকে ২০১১ সাল পর্যন্ত পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ১ লক্ষ ৩৪ হাজার ৮৪৫ জন শিক্ষক, পাঁচ হাজার প্রধান শিক্ষক, আড়াই হাজার গ্রন্থাগারিক এবং সাত হাজারের মতো শিক্ষাকর্মী নিয়োগপত্র পেয়েছিলেন।

> আগে এস এস সি নিয়োগ পরীক্ষা গ্রহণ ও সফল প্রার্থীদের সুপারিশ করত। তার ভিত্তিতে স্কুল পরিচালন সমিতিই নিয়োগপত্র দিত। সে সব বদলে ফেলে ২০১৪ সালের পর এস এস সি-কে কার্যত নিষ্ক্রিয় করে মধ্যশিক্ষা পর্ষদকে নিরঙ্কুশ ক্ষমতাশালী করে তোলা হয়েছে। এমনকী শিক্ষকদের হাতে নিয়োগপত্র দেওয়ার ক্ষমতাও দেওয়া হয়েছে পর্ষদের হাতেই। এর ফলে গত চার বছরে বারবারই অস্বচ্ছতা ও অনিয়মের প্রশ্ন উঠেছে।

ধারাবাহিক এই নিয়োগ প্রক্রিয়ার পরিবর্তন ঘটে পালাবদলের জমানাতেই। নিয়োগ পরীক্ষা যেমন ফি বছর বিজ্ঞাপিত হয়নি, তেমনি কাউন্সেলিং ও নিয়োগ পদ্ধতি নিয়ে নিত্যনতুন 'পরীক্ষা' গোটা প্রক্রিয়াকেই জটিলতর করে তুলেছে। শেষ বার পরীক্ষা হয় ২০১৬ সালে। আগে এস এস সি নিয়োগ পরীক্ষা গ্রহণ ও সফল প্রার্থীদের সুপারিশ করত। তার ভিত্তিতে স্কুল পরিচালন সমিতিই নিয়োগপত্র দিত। সে সব বদলে ফেলে ২০১৪ সালের পর এস এস সি-কে কার্যত নিষ্ক্রিয় করে মধ্যশিক্ষা পর্ষদকে নিরঙ্কুশ ক্ষমতাশালী করে তোলা হয়েছে। এমনকী শিক্ষকদের হাতে নিয়োগপত্র দেওয়ার ক্ষমতাও দেওয়া হয়েছে পর্ষদের হাতেই। এর ফলে গত চার বছরে বারবারই অস্বচ্ছতা ও অনিয়মের প্রশ্ন উঠেছে। বার বার আইনি জটিলতায় দীর্ঘায়িত হয়েছে নিয়োগ। তাই পরিবর্তনের আট বছরে মাত্র দু'বার এই পরীক্ষা নিতে সক্ষম হয়েছে বর্তমান সরকার।

সম্প্রতি আর এল এস টি নিয়ে শিক্ষামন্ত্রীর মন্তব্যে ফের বিতর্ক ছড়িয়েছে। তিনি জানিয়েছেন, এ বার থেকে প্রতি বছর আর এল এস টি নেওয়ার চেষ্টা করবে রাজ্য। অর্থাৎ, এই জমানায় আনা পরিবর্তনকেই তিনি আবার পরিবর্তন করতে পূর্বের নীতিতে ফিরতে চাইছেন। কিন্তু এত বিলম্বে কেন তাঁর এই বোধোদয় হল, প্রশ্নটা সেখানেই। পূর্ব-ব্যবস্থায় সফল প্রার্থীদের পূর্ণাঙ্গ মেধা তালিকা প্রকাশিত হত, নিয়োগপত্র দিত স্কুল পরিচালন কমিটি, নথি দেখার কাজ ছিল কমিশনের এবং কাউন্সেলিং হত এস এস সি-র আঞ্চলিক স্তরে। নয়া সরকারের আমলে প্রার্থী শুধু নিজের অবস্থানই দেখতে পায়, নিয়োগপত্র দেয় মধ্যশিক্ষা পর্ষদ, নথি যাচাই করে পর্ষদ ও কমিশন এবং কেন্দ্রীয়ভাবে কাউন্সেলিং করে কমিশন। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন, দয়া করে সদর্থক পদক্ষেপ করুন। গোটা একটা প্রজন্ম ক্ষতিগ্রস্ত এই পরীক্ষার বিধি-ব্যবস্থার ফাঁসে। কমিশনের প্রতি প্রার্থীদের আস্থা ফেরাটা খুব দরকার।

নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ৭৮৫ গ্র্যাজুয়েট নিচ্ছে ও এন জি সি

*প্রথম পাতার পর*

সি ৩, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। সিরিয়াল নম্বর: ১(বি): **পেট্রোলিয়াম (সিমেন্টিং)**: ১টি (সাধারণ)। সিরিয়াল নম্বর: ২: **সিভিল**: ১৯টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ২টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ৩(এ): **মেকানিক্যাল (ড্রিলিং)**: ৮৬টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৫, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৮)। সিরিয়াল নম্বর: ৩(বি): **পেট্রোলিয়াম (ড্রিলিং)** : ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। সিরিয়াল নম্বর: ৪: **ইলেক্ট্রিক্যাল**: ৯৫টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২৭, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৬)। এর মধ্যে ৪টি শূন্যপদ অস্থিসংক্রান্ত এবং ১৬টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ৫: **ইলেক্ট্রনিক্স**: ২৪টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত এবং ৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ৬: **ইনস্ট্রুমেন্টেশন**: ২৬টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ৮টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ৭: **মেকানিক্যাল**: ৭৫টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৫)। এর মধ্যে ১৬টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ৮(এ): **মেকানিক্যাল (প্রোডাকশন)**: ৬৪টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৫, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৫)। সিরিয়াল নম্বর: ৮(বি): **কেমিক্যাল (প্রোডাকশন)**: ৮০টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৮, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৮)। সিরিয়াল নম্বর: ৮(সি): **পেট্রোলিয়াম (প্রোডাকশন)**: ৩৩টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৩)। সিরিয়াল নম্বর: ৯: **রিজার্ভয়ার**: ১৯টি (সাধারণ ১১, তফসিলি জাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। সিরিয়াল নম্বর: ১০: **কেমিস্ট**: ৬৭টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৬)। এর মধ্যে ৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ১১: **জিওলজিস্ট**: ৬৮টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিকভাবে পিছিয়ে পড়া ৪)। এর মধ্যে ১৯টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ৯টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ১২: **জিওফিজিসিস্ট (সারফেস)**: ২৯টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিকভাবে পিছিয়ে পড়া ২)। সিরিয়াল নম্বর: ১৩: **জিওফিজিসিস্ট (ওয়েলস)**: ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। সিরিয়াল নম্বর: ১৪: **মেটেরিয়ালস ম্যানেজমেন্ট অফিসার**: ৩৩টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে পিছিয়ে পড়া ২)। এর মধ্যে ১৮টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ১৫: **প্রোগ্রামিং অফিসার**: ১৩টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ১৬: **ট্রান্সপোর্ট অফিসার**: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। সিরিয়াল নম্বর: ১৭: **ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং**: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিকভাবে পিছিয়ে পড়া ১)। এরমধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ এবং অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

এই নিয়োগের বিস্তারিত বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা চোখ রাখুন এই ওয়েবসাইটে: www.ongcindia.com

## কবে কোন পরীক্ষা

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-র ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (I) ২১ এপ্রিল।** পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.upsconline.nic.in


যতদিন না চাকরি, ততদিন ট্রেনিং!

*RAIL *PSC CLERK *WBCS

*ICDS (Supervisor) *COMBINED

এর মধ্যে যে কোনো একটি সরকারি চাকরি পেতে এখনই যোগাযোগ করুন

BCI (Banerjee Competitive Institute)

H.O.- ধনিয়াখালী মদনমোহনতলা ও ধনিয়াখালী চাঁপাবেড়ে মোড়

Ph: 8373821552/ 8768705136

ভর্তি চলিতেছে

শাখাঃ গুরাপ, সুরেকালনা, সিঙ্গুর, শেওড়াফুলি


# সরকারি সংস্থায় ট্রেনি

*প্রথম পাতার পর*

এসসি। **কমার্শিয়াল/স্টোর্স**: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মেটিরিয়ালস ম্যানেজমেন্ট বা অপারেশনে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই। **হিউম্যান রিসোর্স**: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্সে এম বি এ বা স্নাতকোত্তর ডিগ্রি। **ফিটার**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ। **ডেটা এন্ট্রি অপারেটর**: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে এম এস অফিস বা ট্যালির সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স**: ৪০ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড**: বি ই বা এম বি এ ডিগ্রিধারীদের ক্ষেত্রে প্রশিক্ষণের প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে প্রতি মাসে ১৫,০০০ টাকা ও ১৮,০০০ টাকা। স্নাতক ও আই টি আইধারীদের ক্ষেত্রে প্রশিক্ষণের প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে প্রতি মাসে ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.hil.gov.in পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো (ফোটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন), বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল, প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন: Application for On the Job Trainee আবেদনপত্র ১৫ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: DY. GENERAL MANAGER (HR&ADMIN), HIL (INDIA) LIMITED, P.O. RASAYANI-410 207, DIST-RAIGAD, MAHARASHTRA


National Institute of Solar Energy

(An Autonomous Institute of Ministry of New & Renewable Energy, Govt. of India) Sponsored

SURYAMITRA SKILL DEVELOPMENT PROGRAMME

Organized by HETCS Skill Development Centre

Under the guidance of Hooghly Engineering & Technology College Society

ITI থেকে Electrician, Wireman, Electronic-Mechanic, Fitter, Welder, Sheet Metal পাশ অথবা Diploma থেকে Electrical, Mechanical, Instrumentation, Civil, Electronics পাশ

আবেদন পাঠাবার ঠিকানা sdcadmission@hetc.ac.in

Hooghly Engineering & Technology College

Vivekananda Road, Pipulpati, P. O. & Dist: Hooghly, Pin: 712103, W.B.

Ph: 8336944091 / 7980083295 / 9433565643



# সরকারি চাকরি পাওয়ার এই তো সুযোগ

## জিএসসিই-র ছাত্রছাত্রীরা অনেকখানি এগিয়ে - আপনিও প্রস্তুতি নিন

মাধ্যমিক থেকে মাস্টার ডিগ্রি যেকোন যোগ্যতায় সরকারি চাকরির নিয়োগপত্র পেতে আজই আসুন নিকটবর্তী জিএসসিই-র কেন্দ্রে

সাম্প্রতিককালে ভারতীয় রেল, পিএসসি ক্লার্কশিপ, এসএসসি সিএইচএসএল, পিএসসি আইসিডিএস, পশ্চিমবঙ্গ পুলিশ, ফুড কর্পোরেশন প্রভৃতি বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষার ফর্ম-ফিলাপ চলছে। এগুলোর মধ্যে আপনার বয়স ও যোগ্যতা অনুযায়ী আপনি একাধিক পরীক্ষায় পাশ করে সরকারি চাকরি পাওয়ার উপযুক্ত। প্রতি বছর লক্ষাধিক ছাত্রছাত্রী মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েশন, B.Tech., M.A., MBA পাশ করে এই আশা নিয়ে যে পছন্দের সরকারি চাকরি পেয়ে জীবনে সামাজিক সম্মান ও প্রতিষ্ঠা পাবে, অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য আসবে, পরিবারের পাশে দাঁড়াবে এবং নিজের সুনিশ্চিত ভবিষ্যত গড়ে তুলবে। গ্র্যাজুয়েশন করতে করতে এমনকি উচ্চমাধ্যমিক পাঠরত ছাত্রছাত্রীদেরও সরকারি চাকরির পরীক্ষায় এখন থেকেই লক্ষ্য স্থির রেখে প্রস্তুতি শুরু করা প্রয়োজন। পরিবারের সকল সদস্য চাইবেন, আপনি প্রতিষ্ঠিত হয়ে পরিবারের হাল ধরুন, জীবনের ঝড়-ঝাপটা অর্থনৈতিক সাবলম্বীদের পক্ষে সামলানো অন্যদের থেকে অনেক সহজতর। তাই প্রতিযোগীতায় এগিয়ে থাকার জন্য দৃঢ় মানসিকতা ও নিবিড় অনুশীলনের প্রয়োজন, চাই দক্ষ অভিভাবকের সাহচর্য ও পরিশ্রম করার মানসিকতা, প্রয়োজন সঠিক প্রস্তুতি এবং প্রস্তুতির জন্য "কোয়ালিটি টাইম দেওয়া", যা একজন কর্মপ্রার্থীকে পৌঁছে দেয় তার কাঙ্খিত লক্ষ্যে। এবিষয়ে ৯৯ বছরের পুরোনো প্রতিষ্ঠান জর্জ টেলিগ্রাফের GSCE পশ্চিমবঙ্গ তথা উত্তরপূর্ব ভারতের ছাত্রছাত্রীদের কাছে আজ এক সুনিশ্চিত ভরসাস্থল যেখানে প্রয়োজন অনুযায়ী WBCS, Combined প্রভৃতি কোর্সের মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের দেওয়া হয় পছন্দের চাকরি পাওয়া পর্যন্ত পড়াশোনা করার সুযোগ। এছাড়া আছে ফাউন্ডেশন কোর্স ও বিভিন্ন ক্র্যাশ কোর্স যেখানে কোনো একটি পরীক্ষার জন্যও কম সময় পড়াশোনা করে চাকরি পাওয়ার সুযোগ রয়েছে। আধিকারিকগণের প্রত্যক্ষ তত্ত্বাবধানে GSCE-র ৪৫টি কেন্দ্রের সর্বত্রই টিচার, মেটিরিয়ালস, স্টাফ সবকিছুই হেড অফিস কলকাতা থেকে পাঠানো ও নিয়ন্ত্রিত হয়। এখানে ছাত্রছাত্রীরা সোম থেকে শুক্রবারের মধ্যে বা শনি ও রবিবার এমনকি শুধুমাত্র রবিবারও ক্লাস করার সুযোগ কাজে লাগাতে পারে। আছে কোর্স মেন্টরদের প্রতিনিয়ত নজরদারি, মক টেস্ট, ক্লাস টেস্ট, মান্থলি টেস্ট, ইন্ডিভিজুয়াল কেয়ার, স্পেশাল মেটেরিয়ালস, লাস্ট মিনিট সাজেশনস, লাইব্রেরী ফেসিলিটি, গ্রুপ ডিসকাশন, স্পোকেন ইংলিশ, ইন্টারভিউ ও আরও অনেক সুযোগ সুবিধা যেগুলি সম্মিলিত ভাবে ছাত্রছাত্রীদের সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে চলেছে। স্কুল কলেজে পাঠরত, পড়াশোনা শেষ হয়ে যাওয়া, এমনকি অনেকদিন পড়াশোনা থেকে বিরত থাকা সবার জন্য যোগ্যতা ও বয়স অনুযায়ী চাকরি পাওয়ার সুযোগ রয়েছে জর্জের GSCE-তে পড়াশোনা করে। তাই একমুহূর্তও সময় নষ্ট না করে এগিয়ে যেতে হবে সুনিশ্চিত ভবিষ্যতের দিকে। বাড়ির কাছে GSCE-র কেন্দ্রে আজই আসুন নির্দিষ্ট গাইডলাইন মেনে পড়াশোনা করুন ও জীবনে প্রতিষ্ঠিত হোন। GSCE-তে সবধরনের পরীক্ষাতেই সাফল্যের হার ঈর্ষনীয়।

একসঙ্গে এতগুলি সরকারি চাকরি পাওয়ার সুযোগকে কাজে লাগান, পরীক্ষার সমস্ত রকম প্রস্তুতির জন্য GSCE সহযোগীতা করতে সদা তৎপর।

ভারতীয় রেল — শূন্যপদ: ১৩৯০৪৬ (মোট) — শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক থেকে স্নাতক — বয়স: ১৮-৩৩ বছর — ফর্ম ফিলাপ: ১২/৪/১৯ পর্যন্ত

SSC CHSL — শূন্যপদ: কয়েক হাজার — শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক

পিএসসি ICDS — শূন্যপদ: ২৯৫৪ — শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট — বয়স: সর্বোচ্চ ৩৯ বছর — ফর্ম ফিলাপ: ১৬/৪/১৯ পর্যন্ত

পশ্চিমবঙ্গ পুলিশ — কনস্টেবল (Excise) — শূন্যপদ: ৩০০০ — শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক

মাধ্যমিক (10th), উচ্চমাধ্যমিক (10+2), পরীক্ষার্থীদের জন্য সুখবর

Special Foundation Course

GSCE

ভর্তি চলছে

✓ WBCS — GSCE-র WBCS কোর্সে পড়লে WBCS সহ একাধিক সরকারি চাকরিতে নিশ্চিত সাফল্য

✓ Regular Combined Course (CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc.)

✓ Interview & Personality Grooming

জিএসসিই-তে স্পেশাল ক্র্যাশ কোর্স

১০২৪০ টাকা

পড়লেই সরকারি চাকরি

Helpline : 9830277100/200/300

(হেড অফিস) শিয়ালদহ — ১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ — 9674087465, 9051040306, 9230056675, 9830277761

উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

কলকাতা জোন:

| | |
|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| গড়িয়াহাট | 9230056665 |
| বেহালা | 9051040318 |
| হাওড়া ময়দান | 9230056677 |
| নেতাজীনগর | 9674087860 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| কল্যানী | 9674087469 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| সোনারপুর | 9674087466 |
| বনগাঁ | 8697984953 |

ইস্টার্ন জোন:

| | |
|---|---|
| বর্ধমান | 9674025700 |
| রামপুরহাট | 9674061397 |
| কোন্নগর | 9230056667 |
| বোলপুর | 9674012025 |
| সিউড়ী | 9674087835 |
| দুর্গাপুর | 9674025500 |
| আসানসোল | 9674087475 |
| ব্যান্ডেল | 9230056669 |
| তারকেশ্বর | 9830277743 |
| কাটোয়া | 9830277230 |

ওয়েস্টার্ন জোন:

| | |
|---|---|
| পঃমেদিনীপুর | 9230056671 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| বাগনান | 9674087468 |
| কাঁথি | 9674140376 |
| খড়গপুর | 9230016054 |
| তমলুক | 8697984951 |
| ঝাড়গ্রাম | 9674087874 |

ইস্টার্ন ইন্ডিয়া: পাটনা (বিহার) : 09674053678

নর্দার্ন জোন:

| | |
|---|---|
| শিলিগুড়ি | 9674087473 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| কালিম্পং | 9830277171 |
| কোচবিহার | 9830277023 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056676 |
| বহরমপুর | 9674087471 |
| রায়গঞ্জ | 8017491728 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| ইসলামপুর | 9830277597 |
| ধূপগুড়ি | 9830277257 |
| দিনহাটা | 9830277698 |

9231036500

George Telegraph • Since 1920

www.facebook.com/George-School-of-Competitive-Exams

Website : www.gsceindia.org

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*একটা লক্ষ্য স্থির করো। সেই বিষয় সম্পর্কিত জ্ঞান অর্জন করো ক্রমাগত। লক্ষ্যে পৌঁছনোর জন্য পরিশ্রম করো। আর ধৈর্য হারিয়ো না কখনও। তুমি সফল হবেই।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

*✓ আমি 'কর্মক্ষেত্র'-য় পড়ে এক্সাইজ কনস্টেবল পদে দরখাস্ত করেছি। দৌড়ের প্র্যাক্টিসও শুরু করেছি। লিখিত পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য প্রয়োজনীয় বইপত্র নেই। গ্রামাঞ্চলের ছেলে। হাতের কাছে কোথাও সহায়তা পাওয়ার আশা নেই। এই অবস্থায় কীভাবে প্রস্তুতি নেওয়া যায় সে-ব্যাপারে সাহায্য করলে খুব উপকার হয়।*

*মামদুল হোসেইন, বাগনান, হাওড়া।*

□ দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণ হলে তবেই লিখিত পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে। লিখিত পরীক্ষায় জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজের ৩০টি, ইংরেজির ৩০টি, অঙ্কের ২০টি এবং রিজনিংয়ের ১০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। অর্থাৎ প্রতিটি প্রশ্নের সঙ্গে চারটি করে উত্তর থাকবে। এর মধ্যে একটিই হবে সঠিক উত্তর। আপনাকে সঠিক উত্তরটি বেছে নিতে হবে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। সেক্ষেত্রে সঠিক উত্তরের জন্য পাওয়া নম্বর থেকে অংশ বিশেষ নম্বর কেটে নেওয়া হবে। ফলে আন্দাজে উত্তর করার ঝুঁকি না নেওয়াই ভালো। পরীক্ষার সময় দেড় ঘণ্টা। মাধ্যমিক স্তরের প্রশ্ন হবে। মাধ্যমিক স্তরের ইংরেজি গ্রামার, ইতিহাস, ভূগোল, বিজ্ঞান ও অঙ্ক নতুন করে ঝালিয়ে নিলে প্রস্তুতির কাজ অনেকটাই সেরে ফেলা যাবে। কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল নলেজ এবং রিজনিংয়ের জন্য খবরের কাগজ এবং অন্যান্য পত্র-পত্রিকা পড়ে প্রস্তুতি নিতে হবে। 'কর্মক্ষেত্র' এবং 'পেশাপ্রবেশ' পত্রিকায় রাজ্য পুলিশে কনস্টেবল পদের পরীক্ষার প্রস্তুতির জন্য মডেল প্রশ্নোত্তর নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। পড়াশোনার সঙ্গে নিয়মিত অনুশীলনও জরুরি। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশ্নগুলির উত্তর করতে হবে। অনুশীলনের মাধ্যমেই প্রয়োজনীয় গতি আয়ত্ত করা সম্ভব।

***আর যা করতে পারেন:*** সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের নিখরচায় পুলিশ কনস্টেবলে চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য প্রশিক্ষণ দেবে ওয়েস্ট বেঙ্গল মাইনোরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন। তিন মাসের প্রশিক্ষণ। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগবে না। 'কর্মক্ষেত্র'-র ২৭ মার্চ সংখ্যায় 'নিখরচায় রাজ্যের সংখ্যালঘু তরুণ-তরুণীকে পুলিশ কনস্টেবল পদে চাকরি পেতে প্রশিক্ষণ' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন আবেদন করতে হবে ৩০ এপ্রিলের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmdfc.org এই ওয়েবসাইটেই প্রশিক্ষণ কেন্দ্রগুলির তালিকা পাওয়া যাবে।

---

**সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের নিখরচায় পুলিশ কনস্টেবলে চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য প্রশিক্ষণ দেবে ওয়েস্ট বেঙ্গল মাইনোরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন। তিন মাসের প্রশিক্ষণ। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগবে না। 'কর্মক্ষেত্র'-র ২৭ মার্চ সংখ্যায় 'নিখরচায় রাজ্যের সংখ্যালঘু তরুণ-তরুণীকে পুলিশ কনস্টেবল পদে চাকরি পেতে প্রশিক্ষণ' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন আবেদন করতে হবে ৩০ এপ্রিলের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে:**

**www.wbmdfc.org**

---

*✓ ইংরেজির গ্র্যাজুয়েট। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করছি এখন। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা চলছে। আমি দরখাস্ত করতে পারি এমন চাকরির কথা জানাবেন।*

*প্রেরণা মাইতি, পাটুলি, কলকাতা।*

□ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। চাকরি বাছাই করে সংশ্লিষ্ট চাকরির সিলেবাস সংগ্রহ করুন এবং সেই সিলেবাস অনুসারে পড়াশোনা করে পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৩৫জন আপার ডিভিশন ক্লার্ক নেবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন। এম এস অফিস এবং ডেটা বেস ব্যবহার করে কম্পিউটারে কাজ করার দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। ৬ মার্চ সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'রাজ্য ই এস আইয়ে ১৪৫ ক্লার্ক ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১৫ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esic.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। স্নাতকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করা যায়। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পশ্চিমবঙ্গের পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিগুলিতে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। ভালো প্রস্তুতি নিয়ে ব্যাঙ্কের ক্লার্ক বা প্রবেশনারি অফিসারের যোগ্যতা নির্ধারণের পরীক্ষায় বসতে পারেন। সেক্ষেত্রে আপনাকে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদে আবেদন করলে যোগ্যতা নির্ধারক এই পরীক্ষায় বসার দরকার হবে না। সেক্ষেত্রে স্টেট ব্যাঙ্ক আয়োজিত পরীক্ষার মাধ্যমেই প্রার্থী বাছাই হবে। রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতেও অফিসার এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদে চাকরির সুযোগ আছে।

*✓ মাধ্যমিক পাশ। বর্তমানে ওয়েল্ডিং শিখছি। বয়স ১৯ বছর। একটা চাকরি পেলে খুবই উপকার হয়। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।*

*তন্ময় কয়াল, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□ মাধ্যমিক যোগ্যতার কিছু পদে আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তার জন্য পড়াশোনাও করতে হবে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন। ওয়েল্ডিংয়ের কাজ ভালো করে শিখে নিলেও চাকরির সুযোগ আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** দেশজুড়ে বিভিন্ন রেলে ১,০৩,৭৬৯ জন লেভেল-ওয়ান (পূর্বতন গ্রুপ 'ডি') কর্মী নিয়োগ করবে রেল। মাধ্যমিক বা আই টি আই অথবা অ্যাক্ট অ্যাপ্রেন্টিস যোগ্যতায় আবেদন করা যাচ্ছে। নিয়োগ হবে লেভেল-ওয়ানের বিভিন্ন পদে। ২০ মার্চ সংখ্যার 'কর্মক্ষেত্র'-য় 'রেলে ১০৩৭৬৯ গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। যে রেল-সংশ্লিষ্ট আর আর বি-র আওতাধীন শূন্যপদে আবেদন করবেন, তার ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে ১২ এপ্রিলের মধ্যে। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডগুলির ওয়েবসাইটের তালিকা পাবেন 'কর্মক্ষেত্র'-র উল্লিখিত সংবাদে। কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট www.rrbkolkata.gov.in এই ওয়েবসাইটের মাধ্যমে বিভিন্ন রেলের শূন্যপদেই আবেদন করার সুযোগ আছে।

## পছন্দের কাজটি চিহ্নিত করে নিজেকে গড়ে নিন সেই কাজের জন্য



ডঃ উৎপল রায়চৌধুরী
প্রাক্তন অধ্যাপক, ফুড টেকনোলজি অ্যান্ড বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

প্রকৃতপক্ষে মাধ্যমিক স্তরের পড়াশোনা শেষ করার পর থেকেই কেরিয়ারের লক্ষ্যে পথ চলা শুরু হয়ে যায়। খুব সচেতনভাবে হয়তো হয় না, কিন্তু ছাত্র বা ছাত্রীটির প্রবণতা, অভিভাবকদের পর্যবেক্ষণ, ইচ্ছা ইত্যাদির ভিত্তিতে কেরিয়ার-সংক্রান্ত যাত্রার একটা সূচনা ঘটে যায়। উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষার সময়ে ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং পড়ার জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বসতে হয়। আরও নানা পেশাদারি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষায় বসা যায় এই উচ্চমাধ্যমিক স্তরেই। একাদশ-দ্বাদশ শ্রেণিতে পড়াকালীনই এইসব প্রবেশিকা পরীক্ষার প্রস্তুতি চলতে থাকে। অর্থাৎ কেরিয়ারের লক্ষ্যে যাত্রাটা শুরু হয়ে গেল।

এখন কথা হচ্ছে, কাজের জগৎটা বিস্তৃত। পেশা বিভিন্ন প্রকার। বাধ্যতামূলকভাবে কয়েকটি পেশার মধ্যেই ঘোরাফেরা করতে হবে, এমন বাধ্যবাধকতা খুব যুক্তিসঙ্গত হতে পারে কি?

তাহলে কেরিয়ার-সংক্রান্ত ভাবনার ভিত্তিটা কী হবে, সেই প্রশ্ন উঠবে। সেক্ষেত্রে, প্রথমত, ছাত্র বা ছাত্রীটির প্রবণতা, পছন্দের বিষয়, পছন্দের কাজ ইত্যাদির ওপর গুরুত্ব আরোপ করতেই হবে। সেই প্রবণতা, ভালোবাসার বিষয়ের উপর নির্ভর করে যদি ছাত্র বা ছাত্রীটি তাঁর কেরিয়ারের পথটা নির্দিষ্ট করেন, তবে তাঁর সাফল্যের পথটা প্রশস্তই হয়। কেরিয়ার গড়ার প্রক্রিয়াগুলো তাহলে আর যন্ত্রণাদায়ক হয়ে ওঠে না, পরিশ্রমকে কষ্টকর বলে মনে হয় না।

যে ছেলেটি বা যে মেয়েটি ডাক্তারি বা ইঞ্জিনিয়ারিং পড়ার তীব্র ইচ্ছা অনুভব করেন, তাঁর ডাক্তারি বা ইঞ্জিনিয়ারিংই পড়া উচিত। যিনি শিক্ষকতা করতে চান আন্তরিকভাবে, তাঁকে আন্তরিকভাবেই সেই লক্ষ্যটিকে বাস্তবায়িত করার উদ্যোগ নিতে হবে। আমার বিশ্বাস, তিনি তা নেবেনও। তেমনই যাঁর বন্যপ্রাণে বিশেষ আকর্ষণ, তিনি বন্যপ্রাণ বিষয়ক কেরিয়ার অবলম্বন করবেন না কেন? বটানি, জুলজি, ম্যাথমেটিক্স এমনকী ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়াশোনা করেও ফরেস্ট অফিসার হওয়া যায়। ফটোগ্রাফি যে ছেলেটি বা মেয়েটির ধ্যানজ্ঞান, ফটোগ্রাফি তাঁর কেরিয়ার হতে পারবে না কেন? ফটোগ্রাফির নানা বিভাগ। প্রতিটি বিভাগেই কেরিয়ারের ভালো সম্ভাবনা রয়েছে।

এভাবেই একটি ছাত্র বা ছাত্রী তাঁর প্রবণতা ও ভালোবাসার নিরিখে তাঁর কেরিয়ারের পথটা নির্দিষ্ট করে নিতে পারেন। ভালো ছবি আঁকতে পারলে অ্যানিমেশন শিল্পে নিজের জায়গা করে নেওয়া যায়। হ্যাঁ, অ্যানিমেশনের জগতে যে একজন ছবি আঁকিয়ের জায়গা আছে এই তথ্যটা আপনার জানা থাকতে হবে এবং চেষ্টাচরিত্র করে অ্যানিমেশনের কোর্সটা করে নিতে হবে। তারপর নিজেকে প্রমাণ করতে হবে কাজের জগতে। একটা কাজ আপনি ভালোবাসেন, সেই কাজটাকে আপনি নিজের পেশায় অন্তর্ভুক্ত করতে পারবেন না কেন?

নিজের পছন্দের কাজটিকে চিহ্নিত করা, সেই কাজের উপযোগী করে নিজেকে গড়ে তোলা এবং কাজের জগতে ঝাঁপিয়ে পড়া, এই হল সামগ্রিক প্রক্রিয়া।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকার এবং সরকারি বিভিন্ন সংস্থা, আদালত, পুরসভা, জেলা পরিষদে সময়ে সময়ে গ্রুপ 'ডি' কর্মী নেওয়া হয়। আপনি এই পদটির পরীক্ষার জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। তবে এই পদের পরীক্ষার জন্য খুব ভালো প্রস্তুতি থাকতে হয়। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে অ্যাসিস্ট্যান্ট বা সহায়ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদেও চাকরির সুযোগ আছে।

*✓ ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ করেছি গতবছর। চাকরির দরখাস্ত করেছি কয়েকটি সংস্থায়। এখনও চাকরি হয়নি। চাকরির সন্ধান দেবেন।*

*সুব্রত সরকার, বহরমপুর, মুর্শিদাবাদ।*

□ বিভিন্ন সংস্থাতেই ফিটার পদে চাকরির সুযোগ আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** রেলে ১০৩৭৬৯ জন লেভেল-ওয়ান কর্মী নিয়োগের প্রক্রিয়া চলছে। আই টি আই যোগ্যতা থাকায় আপনি আবেদনের যোগ্য। এখনও এই পদে আবেদন না করে থাকলে এখনই দরখাস্ত করুন। 'কর্মক্ষেত্র'-র ২০ মার্চ সংখ্যায় 'রেলে ১০৩৭৬৯ গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। যে রেল-সংশ্লিষ্ট আর আর বি-র আওতাধীন শূন্যপদে আবেদন করবেন, তার ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে ১২ এপ্রিলের মধ্যে। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডগুলির ওয়েবসাইটের তালিকা পাবেন 'কর্মক্ষেত্র'-র উল্লিখিত সংবাদে। কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট www.rrbkolkata.gov.in এই ওয়েবসাইটের মাধ্যমে বিভিন্ন রেলের শূন্যপদেই আবেদন করার সুযোগ আছে।

উচ্চতা ১৫৫ সেমি এবং বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৭৯ সেমি হলে সেইলে অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান (ট্রেনি) পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৭ মার্চ সংখ্যায় 'সেইলে ট্রেনিং' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ৮ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

---

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*
*(নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnaksharan

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সরকারি প্রতিষ্ঠানে চিনি উৎপাদন সংক্রান্ত নানা কোর্স ...পৃঃ ১২

কৃষি-জৈবপ্রযুক্তি নিয়ে পড়াশোনা ...পৃঃ ১৩

কর্মক্ষেত্র
# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

প্রতি মাসেই ৫০০০ টাকা

পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

# পেশা যখন সমাজকল্যাণ

**সমাজকল্যাণের পেশাদারদের চাকরি হয় কর্পোরেট সংস্থায়, বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায়, বৃহৎ এন জি ও-য়। সোশ্যাল ওয়েলফেয়ারের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পড়া যায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই ভর্তির জন্য আবেদন করতে পারেন। ভর্তির প্রক্রিয়া শুরু হবে এ মাসেই।**

নিজস্ব প্রতিনিধি: সমাজকল্যাণের পেশা এখন রীতিমতো একটি কর্পোরেট পেশা। ২০১৩ সালে ভারতীয় কোম্পানি আইনে ১৩৫ নম্বর ধারা যুক্ত হওয়ার পর কর্পোরেট সংস্থার সামাজিক উন্নয়নের দায় বিধিবদ্ধ আইনে পরিণত হয়েছে। স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, কর্মদক্ষতা বৃদ্ধির জন্য এ দেশের বিভিন্ন কর্পোরেট সংস্থা নানা সময়ে উদ্যোগ নিয়েছে। এই প্রক্রিয়াটা জারি রয়েছে।

সেভাবে দেখতে গেলে, কর্পোরেট সংস্থাকে কাজ করতে হয় মানুষের মধ্যে, সামাজিক ব্যবস্থার মধ্যে। সংস্থার উন্নতি ঘটাতে চাইলে সমাজ-সংসারের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখেই তাকে চলতে হয়। কোনও সমাজ যদি অশিক্ষায়, অসুখবিসুখে, কুসংস্কারের মতো সামাজিক ব্যাধিতে ভোগে, তাহলে স্বাভাবিক নিয়মে সেই সমাজের অর্থনীতিও হয়ে পড়ে দুর্বল। সেক্ষেত্রে কর্পোরেট সংস্থার উৎপাদিত উৎকৃষ্ট গুণমানের সামগ্রী কিনবে কে? আবার ধরা যাক, প্রত্যন্ত কোনও গ্রামে পৌঁছনোর ভালো রাস্তা নেই। এতে ক্ষতি উভয়ত। রাস্তা ও পরিবহণ ব্যবস্থার অভাবে গ্রামের উৎপাদিত ফসল সময়মতো বৃহৎ বাজারে পৌঁছে দেওয়া যায় না। দীর্ঘদিন এ অবস্থা চলতে থাকলে গ্রামীণ কৃষক ফসলের যথাযথ দাম পান না, তাঁর হাতে খরচ করার মতো অর্থ আসে না। কেবল যথাযথ যোগাযোগ ব্যবস্থার অভাবে দারিদ্রের সম্ভাবনা দেখা দেওয়ায় বাণিজ্যিক পণ্য উৎপাদন-কারী সংস্থাগুলির পণ্য বিপণনেও প্রভূত অসুবিধা হয়। বিশ্বব্যাঙ্ক, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের অর্থে ভারতীয় উপমহাদেশে এরকম নানা

এরপর চোদ্দোর পাতায়



চাকরির সুযোগ রয়েছে বিভিন্ন কর্পোরেট এবং রাষ্ট্রায়ত্ত সংস্থায়। বড় এন জি ও-তেও চাকরির সুযোগ রয়েছে। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ২০১৭-১৯ ব্যাচের কোর্স সম্পূর্ণ হওয়ার আগেই ৭০ শতাংশ ছাত্রছাত্রীর চাকরি হয়ে গেছে। চাকরির জন্য ক্যাম্পাসিং হয়।

## সমাজকল্যাণ একটা দর্শন একটা বড় কাজের জগৎ

সুদীপা বন্দ্যোপাধ্যায়

*বিভাগীয় প্রধান, সোশ্যাল ওয়েলফেয়ার বিভাগ, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট*

কোর্সটির নাম মাস্টার অব সোশ্যাল ওয়েলফেয়ার। আমাদের প্রতিষ্ঠানে সবসময়ই ম্যানেজমেন্ট শিক্ষার সঙ্গেই সামাজিক কল্যাণের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। প্রতিষ্ঠানের নামের মধ্যেই 'সোশ্যাল ওয়েলফেয়ার' শব্দবন্ধটির উল্লেখ রয়েছে। আলোচ্য কোর্সটিও সোশ্যাল ওয়েলফেয়ার তথা সমাজকল্যাণ বিষয়ক। প্রতিষ্ঠানের সুদীর্ঘলালিত সমাজকল্যাণ-সংক্রান্ত দর্শন ও পেশাদারি জগতের চাহিদার মধ্যে মেলবন্ধন ঘটেছে এই কোর্সে। সাধারণত এধরনের কোর্স 'মাস্টার অব সোশ্যাল ওয়ার্ক' নামেই চিহ্নিত হয়। আমরা সামগ্রিকতা আনতে চেয়েছি কোর্সটির মধ্যে। শুধু নীতির রূপায়ণ নয়, আমাদের ছাত্রছাত্রীদের নীতি প্রণয়ন, পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়নের পদ্ধতি-প্রকরণ শেখানো হয়। কোর্সে ম্যানেজমেন্ট সায়েন্সের একটি পেপার পড়ানো হয়। ফলে সমাজকল্যাণমূলক কাজকর্মের সামগ্রিক ব্যবস্থাপনা সম্পর্কে অবহিত হন ছেলেমেয়েরা। যাঁরা স্পেশ্যালাইজেশনের বিষয় হিসেবে লেবার ওয়েলফেয়ার পড়বেন, তাঁরা বড় সংস্থায় হিউম্যান রিসোর্সেস বিভাগেও দায়িত্বের সঙ্গে কাজ করতে পারেন।

সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থায় সাফল্যের সঙ্গে কাজ করছেন আমাদের প্রতিষ্ঠানের ছেলেমেয়েরা। আমরা বিশ্বাস করি, শিক্ষাটা যথার্থ হলে চাকরি হবে স্বাভাবিকভাবেই। এবছর ২০১৭-'১৯ শিক্ষাবর্ষের ৭০ শতাংশ ছেলেমেয়েরই চাকরি হয়ে গিয়েছে ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে। কোর্স সম্পূর্ণ হয়নি এখনও। শিক্ষকতায় আগ্রহ যাঁদের, তাঁরা নেট পরীক্ষায় বসতে পারেন। গবেষণার সুযোগও রয়েছে।

ফুরোবার আগেই সংগ্রহ করুন




স্বনির্ভরতার নানা পথ

# নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ

**নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ দিচ্ছে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। প্রশিক্ষণ আয়োজিত হবে বিভিন্ন জেলায়। পুরুষ-মহিলা উভয়েই প্রশিক্ষণ নিতে পারবেন। ব্যবসায় আগ্রহীদের ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুযোগ আছে।**



নিজস্ব প্রতিনিধি: অর্থকরী নানা কাজের প্রশিক্ষণ নিয়ে নিজের পায়ে দাঁড়ানোর সুযোগ রয়েছে। গ্রামাঞ্চলের কর্মঠ তরুণ-তরুণীরা সেই সুযোগ কাজে লাগিয়ে স্বাবলম্বী হয়ে উঠতে পারেন।

নিখরচায় উপার্জনমুখী বিভিন্ন কাজের প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক প্রশিক্ষণ মন্দির। শিক্ষাগত যোগ্যতার কড়াকড়ি নেই। যাঁরা পড়াশোনা বিশেষ করতে পারেননি, অনেক টাকা খরচ করে হাতের কাজের ট্রেনিং নেওয়ার সামর্থ্য নেই, তাঁরা বিনা খরচে প্রশিক্ষণ নিয়ে কাজের জগতে ঝাঁপিয়ে পড়ার সুযোগটিকে আঁকড়ে ধরতে পারেন। প্রশিক্ষণ দেওয়া হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়া এবং নাবার্ডের সঙ্গে যৌথ উদ্যোগে। ফলে যাঁরা প্রশিক্ষণ নিয়ে ব্যবসা করতে চাইবেন তাঁদের ক্ষেত্রে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়া এবং নাবার্ড থেকে আর্থিক সহায়তা

এরপর তেরোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# তথ্য বিশ্লেষণের পেশায় চাহিদা বাড়ছে দক্ষ কর্মীর

**ইন্টারনেটের মতো তথ্যভাণ্ডারে প্রতি মুহূর্তে জমা হচ্ছে অজস্র তথ্য। সেই তথ্য বিশ্লেষণ করে সামনে উঠে আসছে স্বাস্থ্য, পরিবেশ, শিক্ষা-সহ বিভিন্ন ক্ষেত্রের সাম্প্রতিক পরিস্থিতি। এই তথ্য বিশ্লেষণ-সংক্রান্ত কাজে দক্ষ পেশাদারদের চাহিদা বাড়ছে অতি দ্রুত। এই পেশায় আসতে চাইলে পড়তে পারেন বিগ ডেটা অ্যানালিটিক্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স। ভর্তির জন্য আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** সরকারি নীতিই হোক বা বাণিজ্যিক কৌশল— আসলে দাঁড়িয়ে থাকে কতগুলি তথ্যের উপর। কীরকম?

ধরা যাক, দেশের কৃষি-উৎপাদন বাড়ানোর জন্য কোনও নীতি প্রণয়ন করতে চাইছে সরকার। সেক্ষেত্রে প্রাথমিক ভাবে দেশের মূল কৃষিপ্রধান অঞ্চলগুলি সম্পর্কে পুঙ্খানুপুঙ্খভাবে জানার দরকার হবে। সেখানে সেচের কাজ কীভাবে হয়, কৃষকরা ঋণ কোথা থেকে নেন, সেই ঋণ শোধ করেন কীভাবে, তাঁরা কোথায় বা কাকে তাঁদের ফসল বিক্রি করেন, তাঁদের আর্থসামাজিক অবস্থা কেমন ইত্যাদি যাবতীয় তথ্য সংগ্রহ করে বিশ্লেষণ করার প্রয়োজন হয়। তার থেকে একটা সার্বিক কৃষিনীতি তৈরি হয়।

ঠিক এভাবেই স্বাস্থ্যপরিষেবা, আবহাওয়ার পূর্বাভাস, শিক্ষা, ক্রীড়া, উৎপাদন শিল্প, ব্যাঙ্কিং সিকিউরিটি, ই-কমার্স, সাপ্লাই-চেন ম্যানেজমেন্ট, লজিস্টিক্স ইত্যাদি প্রায় সব ক্ষেত্রেই কোনও নির্দিষ্ট নীতি তৈরির আগে ইন্টারনেটের বিপুল তথ্যভাণ্ডারে প্রতি মুহূর্তে জমা হতে থাকা সংশ্লিষ্ট তথ্যগুলিকে বিশ্লেষণ করে দেখতে হয়। বিভিন্ন দৃষ্টিকোণ থেকে এই তথ্য বিশ্লেষণের কাজটি করেন, ডেটা সায়েন্টিস্ট বা ডেটা অ্যানালিস্ট-রা।

সাম্প্রতিক কালে তথ্য বিশ্লেষণকে বিশেষ গুরুত্ব দিচ্ছে কেন্দ্রীয় সরকার। সরকারি বিভিন্ন বিভাগের কাছে থাকা বিপুল পরিমাণ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে সেই অনুযায়ী সরকারি নিয়মনীতি প্রস্তুত করার লক্ষ্যে ২০১৬-তেই বিগ ডেটা ম্যানেজমেন্ট পলিসি নিয়েছে দেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের দপ্তর (ক্যাগ)।

অথচ, যে-বিষয়টিকে এতখানি গুরুত্ব দেওয়া হচ্ছে, সেখানেই রয়েছে প্রশিক্ষিত কর্মীর বিপুল অভাব। সম্প্রতি বেসরকারি তথ্যপ্রযুক্তি সংস্থা গ্রেট লার্নিং-এর করা একটি সমীক্ষা থেকে জানা যাচ্ছে, এই মুহূর্তে দেশে অ্যানালিটিক্স ও ডেটা সায়েন্সের ক্ষেত্রে প্রায় ৯৭ হাজার কর্মীর প্রয়োজন। গত কেবল ১ বছরের মধ্যে শূন্যপদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় ৪৫ শতাংশ।

## বিগ ডেটা অ্যানালিটিক্স কী

বিগ ডেটা বলতে বোঝায় ইন্টারনেট-সহ বিভিন্ন সিস্টেমে প্রতি মুহূর্তে জমা হওয়া বিপুল পরিমাণ জটিল তথ্যকে। তবে অজস্র তথ্য হাতের কাছে থাকলেও তা প্রয়োজন ও যুক্তি অনুসারে বেছে নেওয়ার জন্য বিশ্লেষণী দক্ষতার দরকার হয়। এর পাশাপাশি একই তথ্যকে ভিন্ন প্রেক্ষিতে নতুন নতুন দৃষ্টিভঙ্গিতে বিশ্লেষণ করতে হয়। প্রয়োজনীয় তথ্যের সঠিক ব্যবহার এবং বিশ্লেষণের কাজটিই করেন ডেটা সায়েন্টিস্ট ও অ্যানালিস্টরা।

**চাহিদার তুলনায় পেশাদার ডেটা সায়েন্টিস্ট ও অ্যানালিস্টদের অভাব দূর করতে ২০১৬-য় তথ্যপ্রযুক্তি শিল্পে প্রথম সারির সংস্থা টাটা কনসালটেন্সি সার্ভিসেস দেশের চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের পঠনপাঠন শুরু করে। পেশাদারি ক্ষেত্রের চাহিদা মেনেই তৈরি করা হয় কোর্সের কাঠামো। বিগ ডেটা অ্যানালিটিক্স-এর তেমনই একটি স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে এই মুহূর্তে ভর্তি নিচ্ছে পশ্চিমবঙ্গের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট এবং আজমেরের সেন্ট্রাল ইউনিভার্সিটি অব রাজস্থান।**

## কোথায় পড়বেন

চাহিদার তুলনায় পেশাদার ডেটা সায়েন্টিস্ট ও অ্যানালিস্টদের অভাব দূর করতে ২০১৬-য় তথ্যপ্রযুক্তি শিল্পে প্রথম সারির সংস্থা টাটা কনসালটেন্সি সার্ভিসেস দেশের চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের পঠনপাঠন শুরু করে। পেশাদারি ক্ষেত্রের চাহিদা মেনেই তৈরি করা হয় কোর্সের কাঠামো। বিগ ডেটা অ্যানালিটিক্স-এর তেমনই একটি স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে এই মুহূর্তে ভর্তি নিচ্ছে পশ্চিমবঙ্গের **রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট** এবং আজমেরের **সেন্ট্রাল ইউনিভার্সিটি অব রাজস্থান**। আবেদন করতে পারেন এখনই।

- **রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট**

প্রতিষ্ঠানের বেলুড় মঠ ক্যাম্পাসে পড়ানো হয় বিগ ডেটা অ্যানালিটিক্স-এর স্নাতকোত্তর ডিগ্রি কোর্স। ২ বছরের কোর্স। চারটি সেমেস্টার। আসনসংখ্যা ৩৫। মেয়েরাও আবেদন করতে পারেন। চতুর্থ সেমেস্টারে কোনও রিসার্চ প্রোজেক্টে অংশ নেওয়া অথবা কোনও নামি সংস্থায় ইন্টার্নশিপের সুযোগ রয়েছে।

**কারা পড়বেন—** ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার সায়েন্স, ইকনমিক্স (ইকনমেট্রিক্স-সহ), ফিজিক্স (অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স এবং স্ট্যাস্টিটিক্স পড়ে থাকতে হবে)-এর মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি এসসি অনার্স। অনার্স বিষয়টিতে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। উপরোক্ত যে-কোনও বিষয়ে এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক। অ্যাসোসিয়েট মেম্বার অব দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সরাও (এ এম আই ই) আবেদন করতে পারেন।

এরপর পনেরোর পাতায়

জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আগ্রহ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।



জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আগ্রহ ক'রে, তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

১৮/১২/২০০০

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

মার্চ মাসের প্রতিযোগিতায় বিজয়ী রনজিত কুমার মুর্মু ও মণিশংকর ভট্টাচার্য

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি এম এন মাইতি



## বৈশাখী শশার চাষ

রঞ্জিত কুমার মুর্মু, বালিখুন-হুড়া, পুরুলিয়া

**বিচারক:** গত ২ বছর ধরে গ্রীষ্মে শশার চাষ করছেন। বাজারে এইসময় শশার প্রচুর চাহিদা থাকে। আয়-ব্যয়ের হিসাব ভালোভাবেই লিখেছেন। ভবিষ্যতে আরও বেশি জমি নিয়ে চাষ করবেন লিখেছেন। আমরা তাঁর সাফল্য কামনা করি।

আমি পুরুলিয়া জেলার হুড়া থানার অন্তর্গত বালিখুন নামে একটি ছোটো গ্রামের বাসিন্দা। 'কর্মক্ষেত্র' পত্রিকার নিয়মিত পাঠক। এই পত্রিকা শুধু নতুন চাকরি বা কাজের সন্ধান দেয় না, সেইসঙ্গে বেকার যুবক-যুবতীদের স্বনির্ভরতার পথও দেখায়। স্বনির্ভরতার বিষয়ে আমি গত ২ বছরের বৈশাখী শশা চাষের অভিজ্ঞতার কথা তুলে ধরছি। আশা করছি 'কর্মক্ষেত্র'র পাঠকরা আমার এই অভিজ্ঞতা থেকে উপকৃত হবেন।

### কেন এই চাষ

শশা-র অশেষ গুণ। গ্রীষ্মে এর চাহিদা বৃদ্ধির একটা বড় কারণ হল, এই ফল তৃষ্ণা মেটাতে সাহায্য করে। চাষের খরচ একটু বেশি, তা সত্ত্বেও যথেষ্ট লাভ থাকে। তবে, এই চাষ করতে হলে জমির কাছাকাছি জলের জোগান থাকাটা একান্ত জরুরি। গত ২ বছর আমি শশা চাষ করেছি। এ বছরেও পরিকল্পনা আছে। চৈত্র মাসের মধ্যে বীজ বপন করতে হবে।

### চাষের পদ্ধতি

প্রথমে মাটিকে তিন থেকে চারবার কর্ষণ করে লেবেল করে নিতে হবে। এরপর জমিতে দৈর্ঘ্য-প্রস্থ মিলিয়ে তিন ফুট অন্তর ডুবলি কাটতে হবে। ডুবলির ভেতর পুরনো ও শুকনো গোবর বা পলিমাটি ও হালকা ১০.২৬.২৬ সার দিতে হবে। এরপর গোবরসার ও মাটি একসঙ্গে মিশিয়ে ডুবলির মধ্যে দিয়ে লেবেল করে ত্রিকোণাকৃতি ভাবে তিনটি করে বীজ বসাতে হবে। একদিন পর প্রত্যেক ডুবলিতে জল দিতে হবে। ৫-৬ দিনের মধ্যে বীজ বার হবে। এর ১৫-২০ দিন পর প্রত্যেক গাছের গোড়ায় অল্প পরিমাণ ডি এ পি ও ১০.২৬.২৬ সার দিয়ে গাছের গোড়া থেকে ৫-১০ সেন্টিমিটার দূরে খুঁড়ে দিতে হবে। একদিন পর সেচ দিয়ে ৫-৬ দিনের মাথায় পুরো জমিতে বেড তৈরি করে দিতে হবে যাতে সেচের জলের সমবণ্টন হয়। গাছে ফুল, ফল আসতে শুরু করলে জমিতে সবসময় ভিজে ভাব রাখতে হবে। তা না হলে অনেক সময় শশা তেতো হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। যদি কোনও শশা বেঁটে বা পোকালাগা অবস্থায় দেখা যায় তাহলে সেটি তুলে ফেলতে হবে।

### চাষের উপকরণ

জমি ও জল ছাড়াও প্রয়োজন, উন্নত মানের হাইব্রিড বীজ (মালিনী), ভিটামিন (মিরাকুলান), কীটনাশক (সুপার মস্তান), ব্রোন (শশার আকৃতি বড় করার জন্য), লাঙল, মই, কোদাল, গাঁইতি, স্প্রে-মেশিন, সার, পলিমাটি বা পুরনো শুকনো গোবর, ট্রাসকো খইল (জৈবসার) ইত্যাদি।

### আয়-ব্যয় ও লাভের হিসাব

**প্রাথমিক মূলধন**

| | |
|---|---|
| জমি কর্ষণ (ট্রাক্টর বাবদ খরচ) | ২,০০০ টাকা |
| শ্রমিক | ৪,০০০ " |
| কোদাল— ৪টি | ৫২০ " |
| স্প্রে-মেশিন | ৭৫০ " |
| মোট খরচ | ৭,২৭০ টাকা |

**কার্যকারী মূলধন**

| | |
|---|---|
| বীজ— ৬ প্যাকেট | ৯৬০ টাকা |
| সার— ২৫ কেজি | ৬৭৫ " |
| কীটনাশক (সুপার মস্তান) | ৭০ " |
| ভিটামিন (মিরাকুলান) | ১৫০ " |
| ব্রোন | ১০০ " |
| মোট খরচ | ১,৯৫৫ টাকা |

সর্বমোট খরচ (প্রাথমিক মূলধন + কার্যকারী মূলধন) = ৭,২৭০ +১,৯৫৫ টাকা = ৯,২২৫ টাকা।

### লাভের হিসাব

আমার জমির পরিমাণ ১০ কাঠা। ৬০ গ্রাম শশাবীজ বপন করলে ৪০-৪৫ দিনের মধ্যে অন্তত ৩০ কুইন্টাল শশা পাওয়া যাবে। প্রতি কিলোগ্রাম শশার পাইকারি দর ২৫ টাকা। তাহলে ৩০ কুইন্টাল শশার বিক্রয়মূল্য—

৩০ × ১০০ × ২৫ = ৭৫,০০০ টাকা

সুতরাং মোট লাভ = ৭৫,০০০ - ৯,২২৫ টাকা = ৬৫,৭৭৫ টাকা।

### ভবিষ্যৎ পরিকল্পনা

আগামী বছর আরও ভালো ভাবে দশ কাঠা জমিতে শশা চাষ করব বলে মনস্থির করেছি। যদি কোনও পাঠক শশা চাষ করতে ইচ্ছুক হন, তাহলে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৭৩৩৫-৯৪৯১৮



## মাশরুম চাষ

মণিশংকর ভট্টাচার্য, বাড়গোপাল-আলুকরনবাড়, পূর্ব মেদিনীপুর

**বিচারক:** মাশরুম চাষের পদ্ধতির বিশদ বর্ণনা দিয়েছেন। আয়-ব্যয় এবং লাভের হিসাবও মোটামুটি যথাযথ। পুষ্টিকর খাবার মাশরুমের চাহিদা ক্রমশ বাড়ছে। যদিও চাষের খরচ সামান্য। একটু বড় মাপে করা গেলে লাভ যথেষ্ট। দারিদ্রের কারণে মাঝপথে পড়াশোনা ছেড়ে, এই চাষ করে স্বাবলম্বী হতে চাইছেন লেখক। আমাদের আন্তরিক শুভকামনা রইল।



আমার বাড়ি পূর্ব মেদিনীপুরের বাড়গোপাল নামে ছোট্ট একটি গ্রামে। বাবা পেশায় সাধারণ কৃষক। দারিদ্রের জন্য আমাকে কলেজের তৃতীয় বর্ষের মাঝখানে পড়াশোনা ছাড়তে হয়। এরপর বাড়িতে মাশরুম চাষ শুরু করি। এখানে আমার অভিজ্ঞতার কথা লিখলাম।

### মাশরুমের উপকারিতা

মাশরুম অত্যন্ত পুষ্টিকর এবং গোটা বিশ্বেই সবজি হিসেবে অত্যন্ত জনপ্রিয়। আমাদের দেশেও ধীরে ধীরে এর প্রসার ঘটছে। মাশরুম যেমন অত্যন্ত কম সময়ে উৎপাদিত হয়, তেমনই রান্না করতেও সময় খুবই কম লাগে। মাত্র তিন-চার মিনিটেই মাশরুম সিদ্ধ হয়ে যায়। মাশরুম খেতেও বেশ সুস্বাদু এবং সহজে হজম হয়।

### কেন এই চাষ

মাশরুম চাষ অত্যন্ত লাভজনক। মাত্র ১০-১৫ দিনেই ফলন পাওয়া যায়। চাষের জন্য আবাদি জমির প্রয়োজন হয় না। বেকার ছেলেমেয়েরা ঘরে বসেও এই চাষ করতে পারেন। চাষের জন্য প্রয়োজনীয় উপকরণগুলিও সহজলভ্য। অথচ অন্যান্য সবজির তুলনায় বাজারে এর দাম বেশি। অভ্যন্তরীণ বাজার ছাড়াও বিদেশে রপ্তানির সুযোগ আছে।

মাশরুম চাষ অত্যন্ত লাভজনক। মাত্র ১০-১৫ দিনেই ফলন পাওয়া যায়। চাষের জন্য আবাদি জমির প্রয়োজন হয় না। বেকার ছেলেমেয়েরা ঘরে বসেও এই চাষ করতে পারেন। চাষের জন্য প্রয়োজনীয় উপকরণগুলিও সহজলভ্য। অথচ অন্যান্য সবজির তুলনায় বাজারে এর দাম বেশি। অভ্যন্তরীণ বাজার ছাড়াও বিদেশে রপ্তানির সুযোগ আছে।

### মাশরুম চাষের অনুকূল পরিবেশ

গ্রীষ্মকালে যে-কোনও চালাঘরের নীচে এবং বারান্দায় মাশরুম চাষ করা যায়। বর্ষাকালে জল প্রবেশ করে না অথচ বাতাস চলাচলের সুবিধা আছে, এমন ঘরে এর চাষ করতে হয়। এমনিতে পশ্চিমবঙ্গের জলবায়ু মাশরুম চাষের উপযোগী। তবে, এ রাজ্যে গ্রীষ্ম ও বর্ষায় 'স্ট্র মাশরুম' এবং শীতকালে 'অয়েস্টার' জাতের মাশরুম চাষ করাটাই ভালো। মাশরুম চাষের উপকরণ—খড়, কাঠের গুঁড়ো, আখের ছোবড়া অত্যন্ত সস্তা ও সহজেই পাওয়া যায়।

### মাশরুম উৎপাদন পদ্ধতি

সাদা মাইসেলিয়াম সমৃদ্ধ মাশরুমের বীজশুদ্ধ প্যাকেটের মুখ বন্ধ থাকলে রবার ব্যান্ড, কাগজ, তুলো ও প্লাস্টিক নেক খুলে আলাদা করে প্যাকেটের মুখটি শুধু রবার ব্যান্ড দিয়ে ভালো ভাবে আটকাতে হবে। তারপর কম্পোস্ট প্যাকেটের উপরের দু'পাশে (বিপরীত দিকে) ব্লেড দিয়ে গোলাকার চোখের আকৃতি করে, চা-চামচ দিয়ে ১ সেমি গভীর করে কম্পোস্ট চেঁছে ফেলুন। কম্পোস্ট প্যাকেটগুলো এবার একটি পাত্রে পরিষ্কার জলে ডুবিয়ে রাখতে হবে। ৩০ মিনিট পর জলের পাত্র থেকে প্যাকেটগুলো উঠিয়ে, পরিষ্কার স্থানে ৩০ মিনিট পর্যন্ত উল্টো করে রাখতে হবে যাতে প্যাকেটের বাড়তি জল ঝরে যায়। এখন কম্পোস্ট প্যাকেটগুলো মাশরুম চাষের জন্য প্রস্তুত হল।

মাশরুম উৎপাদনের ঘরে মাচার উপর একটি ভেজা পলিথিন পেতে কম্পোস্ট প্যাকেটগুলি রাখুন এবং একটি পলিথিন দিয়ে ঢেকে দিন। এই ভাবে ঢেকে রাখুন ২-৩ দিন। তবে প্রতিদিন সকাল-দুপুর-বিকেল, মোট তিনবার প্যাকেটের উপরের ঢাকনা ১০ মিনিটের জন্য সরিয়ে রাখতে হবে যাতে এসময় বাতাস চলাচল করতে পারে। তাপমাত্রা বৃদ্ধি পেলে পলিথিনের উপর হালকাভাবে জল স্প্রে করতে হবে। অথবা ঘরের ভেতর দিকে চারপাশে চট ভিজিয়ে রাখা যেতে পারে।

মাশরুম ওঠানোর পর গোড়া থেকে ১-২ সেমি মতো কেটে বোঁটা-সহ ছিদ্রযুক্ত ও মুখবন্ধ পলিথিন ব্যাগে বাজারজাত করা ভালো।

### প্রয়োজনীয় উপকরণ

| উপকরণ | পরিমাণ | মূল্য |
|---|---|---|
| গামলা | ১টি | ৭০ টাকা |
| চামচ | ১টি | ২০ " |
| ছুরি | ১টি | ৩০ " |
| ব্লেড | ১টি | ৫ " |
| পলিপ্রোপাইল ব্যাগ | ১০টি | ৩০ " |
| মোট | | ১৫৫ টাকা |

### কাঁচামাল

| উপকরণ | পরিমাণ | মূল্য (টাকা) |
|---|---|---|
| মাশরুম বীজ | ২০০টি | ২,০০০ টাকা |
| অন্যান্য | | ৫০০ " |
| মোট | | ২,৫০০ টাকা |

### লাভ

প্রতিটি বীজ থেকে প্রায় ২০০ গ্রাম মাশরুম পাওয়া যায়। সুতরাং ২০০টি বীজ থেকে প্রায় ৪০ কেজি মাশরুম পাওয়া সম্ভব। বর্তমানে বাজারে প্রতি কেজি মাশরুমের দাম প্রায় ১২০ টাকা। তাহলে:—

৪০ কেজির দাম (৪০ × ১২০) = ৪,৮০০ টাকা

লাভ = (৪,৮০০ - ২,৬৫৫) টাকা

= ২,১৪৫ টাকা।

উৎপাদন ও বিক্রয়ের উপর আরও বেশি সময় ও নজর দিতে পারলে এই লাভের পরিমাণ বাড়তে পারে।


## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**মে-এর প্রতিযোগিতার জন্য এপ্রিল মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ মে-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সরকারি প্রতিষ্ঠানে বিজ্ঞানের মূল শাখায় গবেষণাধর্মী স্নাতক ডিগ্রি কোর্স

**পিওর সায়েন্স নিয়ে পড়াশোনার পর রয়েছে চাকরি ও গবেষণার সুযোগ। মৌলিক বিজ্ঞানের ছ'টি শাখায় স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স। কোর্সের মেয়াদ ৪ বছর। আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** পৃথিবী জুড়েই মৌল বিজ্ঞানের নানা শাখায় পরীক্ষানিরীক্ষা ও গবেষণা হয়ে চলেছে নিরন্তর। বিজ্ঞানের সাফল্যের সঙ্গে দেশের উন্নতির বিষয়টিও অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে থাকে।

পিওর সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিকে পড়ার পর অনেকেই ঝোঁকেন ডাক্তারি বা ইঞ্জিনিয়ারিংয়ের দিকে। কিন্তু বিজ্ঞানের মূল শাখায় পড়াশোনার পরেও চাকরি ও গবেষণার সুযোগ থাকে বিস্তর। গবেষণার জন্য এদেশে অন্তত স্নাতকোত্তর ডিগ্রির প্রয়োজন হয়। কিন্তু বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সের ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রামে স্নাতক ডিগ্রির পাশাপাশি গবেষণার সুযোগ পাওয়া যায়।

দেশের প্রথম সারির শিক্ষা-প্রতিষ্ঠানগুলির মধ্যে অন্যতম ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সে বায়োলজি, ফিজিক্স, ম্যাথমেটিক্স-সহ বিজ্ঞানের মোট ছয়টি শাখায় পড়ানো হয় ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রাম। পিওর সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন এখনই। ২০১৮ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে জয়েন্ট এন্ট্রান্স-মেন বা অ্যাডভান্সড পরীক্ষায় র‍্যাঙ্ক করে থাকা চাই।

## কোথায় পড়বেন

চার বছর মেয়াদের ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রাম পড়ানো হয় বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সে। এই প্রোগ্রামে বিজ্ঞানের মূল শাখা বায়োলজি, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও ফিজিক্স ছাড়াও পড়ানো হয় আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স এবং মেটেরিয়ালস সায়েন্স। সফলভাবে কোর্স শেষ করার পর এই প্রতিষ্ঠানে আরও ১ বছর পড়াশোনা করে মাস্টার অব সায়েন্স ডিগ্রি লাভের সুযোগও রয়েছে।

## কী পড়বেন

ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রামে প্রথম তিনটি সেমেস্টারে উপরোক্ত সবক'টি বিষয় সম্পর্কেই প্রাথমিক ধারণা দেওয়া হবে। তিনটি সেমেস্টার সফলভাবে সম্পূর্ণ করার পর ছাত্রছাত্রীরা তাঁদের পছন্দের বিষয়ে স্পেশ্যালাইজেশন করতে পারবেন।

চতুর্থ শিক্ষাবর্ষে অভিজ্ঞ অধ্যাপকদের তত্ত্বাবধানে প্রতিটি ছাত্রছাত্রীকে তৈরি করতে হবে একটি রিসার্চ প্রোজেক্ট। গবেষণার বিষয় বেছে নিতে পারবেন তাঁরা নিজেরাই। বিগত বছরে যে বৈজ্ঞানিক তত্ত্ব বা থিওরি তাঁরা পড়েছেন তা কার্যক্ষেত্রে প্রয়োগ করে দেখতে পারবেন উন্নতমানের ল্যাবরেটরিতে। যেমন, মেটেরিয়ালস সায়েন্স শাখার ছাত্রছাত্রীরা নিজস্ব চিন্তাভাবনাকে মেলে ধরতে গবেষণার বিষয় হিসেবে বেছে নিতে পারেন মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মতো বিষয়। উদ্ভাবন করতে পারেন নতুন কোনও মিশ্র পদার্থ, যার ব্যবহার উন্নতি ঘটাতে পারে ইনফ্রাস্ট্রাকচার, ট্রান্সপোর্টেশন-সহ আরও বহুতর ক্ষেত্রে। আবার আর্থ অ্যান্ড এনভায়রনমেন্ট সায়েন্সের ক্ষেত্রে পরিবেশ রক্ষায় চিরায়ত প্রযুক্তি বা সাস্টেনেবল টেকনোলজির ব্যবহার, এনভায়রনমেন্টাল কেমিস্ট্রি, আর্থ সায়েন্স বা অ্যাটমোস্ফেরিক সায়েন্স-এর মতো একাধিক বিকল্পের মধ্য থেকে বেছে নেওয়া যায় কোনও একটি গবেষণার বিষয়।

## চাকরি ও উচ্চশিক্ষার পথ

উপরোক্ত বিষয়গুলি নিয়ে পরবর্তী পর্যায়ে দেশ-বিদেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে উচ্চতর পড়াশোনা ও গবেষণা চালাতে পারেন প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা। স্নাতকোত্তর ডিগ্রির পর নেট বা সেট পরীক্ষায় উত্তীর্ণ হলে গবেষণা ও অধ্যাপনার সুযোগ পাওয়া যায়।

এছাড়া সংশ্লিষ্ট শাখানুসারে ক্যাম্পাসিংয়ের মাধ্যমে চাকরির সুযোগ রয়েছে।

ফিজিক্স শাখার ছাত্রছাত্রীদের চাকরির সুযোগ রয়েছে এনার্জি, কমিউনিকেশন, ম্যানুফ্যাকচারিং ও ইনস্ট্রুমেন্টেশন, সায়েন্স অ্যান্ড কমিউনিকেশন ক্ষেত্রে সরকারি-বেসরকারি বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানে। কেমিস্ট্রি শাখার ক্ষেত্রে পেট্রোকেমিক্যাল, অ্যাগ্রোকেমিক্যাল, প্লাস্টিক, পলিমার-সহ নানা ক্ষেত্রের সরকারি-বেসরকারি সংস্থায় রয়েছে কাজের সুযোগ। ম্যাথমেটিক্স নিয়ে পড়াশোনার পর রিসার্চ ও ডেভেলপমেন্ট সেক্টরে রয়েছে সবচেয়ে বেশি কাজের সুযোগ। এছাড়া ব্যাঙ্কিং ও ফিনান্স, ইনভেস্টমেন্ট অ্যানালিসিস, কম্পিউটিং ইত্যাদি ক্ষেত্রেও চাহিদা রয়েছে জটিল গণনায় পারদর্শী ম্যাথমেটিশিয়ানদের।

এরপর চোদ্দোর পাতায়

# সরকারি প্রতিষ্ঠানে চিনি উৎপাদন সংক্রান্ত নানা কোর্স

**দেশ-বিদেশ সর্বত্রই চিনির বাজার বিস্তৃত। চিনি উৎপাদন শিল্প, খাদ্য প্রক্রিয়াকরণ, ঠান্ডা পানীয়, সুরাশিল্পে চাহিদা রয়েছে চিনি-প্রযুক্তিবিদদের। কানপুরের ন্যাশনাল সুগার ইনস্টিটিউটে ভর্তি নেওয়া হচ্ছে সুগার টেকনোলজি-সংক্রান্ত স্নাতকোত্তর ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে। আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** রসনা তৃপ্তিতে জুড়ি নেই চিনির। বাড়ির রান্নাঘরে তৈরি খাবারদাবার থেকে শুরু করে চা-কফি, কেক কিংবা নরম পানীয়— প্রয়োজনীয় মাত্রায় চিনি ছাড়া স্বাদ খোলে না কিছুরই।

চিনির উৎস আখের রস। প্রক্রিয়াকরণের পর মূল তরল অংশটি ব্যবহার করা হয় অ্যালকোহল এবং ওষুধ শিল্পে, আর কেলাসিত অংশটি ফ্যাক্টরিতে আরও পরিশোধনের পর চিনি হয়ে চলে আসে বাজারে। প্রক্রিয়াটি দীর্ঘ এবং জটিল। সেজন্যই ঠান্ডা পানীয় ও সুরাশিল্পে চিনির চাহিদা বাড়ার সঙ্গে চিনির উৎপাদন এবং খাদ্য ও পানীয় প্রস্তুতির কাজে দক্ষ পেশাদারদের চাহিদাও বাড়ছে।

চিনি-উৎপাদন সংক্রান্ত বেশ কয়েকটি সার্টিফিকেট এবং স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কানপুরের ন্যাশনাল সুগার ইনস্টিটিউট। এটি কেন্দ্রের কনজিউমার অ্যাফেয়ার্স, ফুড অ্যান্ড পাবলিক ডিস্ট্রিবিউশন মন্ত্রক দ্বারা স্বীকৃত একটি প্রতিষ্ঠান। প্রার্থী বাছাই করা হয় সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। এ বছরের পরীক্ষা ৯ জুন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।



## কী-কী কোর্স

'ন্যাশনাল সুগার ইনস্টিটিউট'-এ স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স করা যায় পাঁচটি বিষয়ে:

- **সুগার টেকনোলজি:** আসনসংখ্যা ৬০টি। কোর্সের মেয়াদ আড়াই বছর। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি, ফিজিক্স এবং ম্যাথমেটিক্স-সহ বি এসসি বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।
- **সুগার ইঞ্জিনিয়ারিং:** আসনসংখ্যা ৩০টি। কোর্সের মেয়াদ দেড় বছর। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, প্রোডাকশন, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতক অথবা এ এম. আই ই (অ্যাসোসিয়েট মেম্বার অব ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স)।
- **ইন্ডাস্ট্রিয়াল ফার্মেন্টেশন অ্যান্ড অ্যালকোহল টেকনোলজি:** আসনসংখ্যা ৩৫টি। কোর্সের মেয়াদ দেড় বছর। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। বায়োটেকনোলজি বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।
- **সুগারকেন প্রোডাক্টিভিটি অ্যান্ড ম্যাচিওরিটি ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা ১৮টি। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার বা যে-কোনও বিষয়ে বি এসসি।
- **ইন্ডাস্ট্রিয়াল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস অটোমেশন:** আসনসংখ্যা ১৫টি। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল— যে-কোনও একটি বিষয়ে স্নাতক অথবা এ এম আই ই (অ্যাসোসিয়েট মেম্বার অব ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স)।
- **কোয়ালিটি কন্ট্রোল অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স:** আসনসংখ্যা ২০টি। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স অথবা জুলজি, বটানি এবং কেমিস্ট্রি-সহ বি এসসি। অথবা এনভায়রনমেন্টাল সায়েন্স বা বায়োটেকনোলজিতে বি এসসি। বায়োটেকনোলজিতে বি টেক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে।

সার্টিফিকেট কোর্স করানো হয় এই তিনটি বিষয়ে:

- **সুগার বয়েলিং:** আসনসংখ্যা ৫৭টি। কোর্সের মেয়াদ ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে কোনও ভ্যাকুয়াম প্যান সুগার ফ্যাক্টরিতে নমিনেশন-সহ অন্তত ৯০ দিনের (এক মরসুম) প্যান অপারেশনের অভিজ্ঞতা থাকতে হবে।
- **সুগার ইঞ্জিনিয়ারিং:** আসনসংখ্যা ১৫টি। কোর্সের মেয়াদ দেড় বছর। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা প্রোডাকশন বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।
- **কোয়ালিটি কন্ট্রোল:** আসনসংখ্যা ২০টি। কোর্সের মেয়াদ চার মাস। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক।

সব ক্ষেত্রেই ১-৭-২০১৯ তারিখে বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে।

## প্রার্থী বাছাই

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৯ জুন (রবিবার)। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৯ মে থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: http://nsi.gov.in

## আবেদনের পদ্ধতি

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://nsi.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৩ মে পর্যন্ত। ডিমান্ড ড্রাফটের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ১,২০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮০০ টাকা)। ড্রাফটটি 'Director, National Sugar

এরপর পনেরোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কৃষি-জৈবপ্রযুক্তি নিয়ে পড়াশোনা

**বিজ্ঞানসম্মত উপায়ে উদ্ভিদের ফলন ও রোগ-প্রতিরোধ ক্ষমতা বাড়িয়ে তোলার কাজে যুক্ত থাকেন কৃষি জৈবপ্রযুক্তিবিদরা। চাকরি ও গবেষণার বিপুল সুযোগ রয়েছে এই পেশায়। কৃষি-জৈবপ্রযুক্তির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে দেশের এগারোটি বিশ্ববিদ্যালয়। পড়তে পারেন রাজ্যের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটেও। আবেদন করতে পারেন এখনই।**



**দেশের ১১টি বিশ্ববিদ্যালয়ে এগ্রিকালচারাল বায়োটেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়া যায়। ভর্তি নেওয়া হয় 'কম্বাইন্ড বায়োটেকনোলজি এন্ট্রান্স এক্সামিনেশন'-এর মাধ্যমে। আগে পরীক্ষাটি পরিচালনার দায়িত্বে ছিল জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি বিভাগ। এই বছর থেকে পরীক্ষাটি পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি।**

**নিজস্ব প্রতিনিধি:** দ্রুত আবহাওয়া পরিবর্তন, চাষযোগ্য জমির চরিত্র পরিবর্তন, কীটপতঙ্গের আক্রমণ-সহ নানা কারণে ক্ষতিগ্রস্ত হয় কৃষিকাজ। এছাড়াও রাসায়নিক সার প্রয়োগের ফলে পরিবেশের মারাত্মক ক্ষতি হয়।

কৃষিক্ষেত্রের এই সব সমস্যা সমাধানের দায়িত্ব যেসব দক্ষ পেশাদারদের কাঁধে, তাঁরাই কৃষি-জৈবপ্রযুক্তিবিদ। গবেষণার মাধ্যমে উদ্ভিদকোষের মধ্যে থাকা জিনের গঠনে সূক্ষ্ম রকমফের ঘটিয়ে তাঁরাই প্রস্তুত করেন সেইসব উন্নতমানের বীজ, যা আবহাওয়ার পরিবর্তন কিংবা কীটের আক্রমণে রোগগ্রস্ত হয় না, উল্টে ফলন বেশি দেয়। খাদ্যশস্যের গুণগত মান বাড়ানোর জন্যও উদ্ভিদের জিনের গঠনে পরিবর্তন করা হয়। বর্তমানে বিভিন্ন দেশে জেনেটিক্যালি মডিফায়েড বা জেনেটিক্যালি ইঞ্জিনিয়ার্ড শস্য চাষে আগ্রহ দেখা যাচ্ছে।

জৈবপ্রযুক্তি বিষয়ে গবেষণায় উৎসাহ দিতে ২০১৫ সালে কেন্দ্রীয় সরকার 'দ্য ন্যাশনাল বায়োটেকনোলজি ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজি' (২০১৫-২০২০) ঘোষণা করে। এতে বিশেষভাবে কৃষি-জৈবপ্রযুক্তি সংক্রান্ত গবেষণায় জোর দেওয়া হয়েছে। ফলে সার্বিক ভাবে কৃষি-জৈবপ্রযুক্তি ক্ষেত্রে দক্ষ পেশাদারদের বিপুল চাহিদা তৈরি হচ্ছে। কৃষি-জৈবপ্রযুক্তি বিষয়ে আগ্রহ থাকলে পড়তে পারেন এগ্রিকালচারাল বায়োটেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি।

দেশের ১১টি বিশ্ববিদ্যালয়ে এগ্রিকালচারাল বায়োটেকনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়া যায়। ভর্তি নেওয়া হয় 'কম্বাইন্ড বায়োটেকনোলজি এন্ট্রান্স এক্সামিনেশন'-এর মাধ্যমে। আগে পরীক্ষাটি পরিচালনার দায়িত্বে ছিল জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি বিভাগ। এই বছর থেকে পরীক্ষাটি পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি।

এরপর চোদ্দোর পাতায়

# নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ

নয়ের পাতার পর



হিসেবে ঋণ পাওয়ার সুযোগও রয়েছে।

**প্রশিক্ষণের বিষয়:** মুরগি পালন (পোলট্রি), ছাগল পালন, মাশরুম চাষ, মাছ চাষ, আধুনিক পদ্ধতিতে সবজির চাষ, ডেয়ারি, ভার্মিকম্পোস্ট বা কেঁচোসার তৈরি, টেলারিং, বিউটি পার্লার পরিচালনা, মোবাইল ফোন রিপেয়ারিং, টু-হুইলার সার্ভিসিং, ইলেক্ট্রিক মোটর রিওয়াইন্ডিং, রিপেয়ারিং ও সার্ভিসিং, সফট টয় তৈরি।

টেলারিং, বিউটি পার্লার পরিচালনা এবং সফট টয় তৈরির প্রশিক্ষণ নিতে পারবেন শুধু মহিলারা। মোবাইল ফোন রিপেয়ারিং এবং টু-হুইলার সার্ভিসিংয়ের প্রশিক্ষণ নিতে পারবেন শুধু পুরুষরা। অন্য প্রশিক্ষণগুলি পুরুষ-মহিলা উভয়েই নিতে পারবেন। বিষয় অনুসারে প্রশিক্ষণের মেয়াদ ৪-১২ সপ্তাহ।

**প্রশিক্ষণ কেন্দ্র:** প্রশিক্ষণ আয়োজিত হবে বিভিন্ন জেলায়। বিষয় অনুসারে প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা: **মুরগি পালন (পোলট্রি):** (১) ঝাঁসি রানি এস জি এস ওয়াই সংঘ, চণ্ডীপুর, পীরপুর, হাওড়া। ফোন: ৯৮৭৪০-৬১৫৭৫, ৯৮৭৪৫-৫৩২৩৬। (২) বামনপুকুর রামকৃষ্ণ সেবাশ্রম, মিনাখাঁ, উত্তর ২৪ পরগনা। ফোন: ৯৬৪১২-৮৫৩৭০, ৭০০১৯-৩৭৩০৫। (৩) সাণ্ডেলের বিল শ্রীরামকৃষ্ণ সেবাশ্রম, হিঙ্গলগঞ্জ, উত্তর ২৪ পরগনা। ফোন: ৯৯৩২৫-৬১৩২৮, ৭৫৮৪৯-০৪৭২১। (৪) ঝাড়গ্রাম বড়সোল বিবেকানন্দ সেবা সংস্থা, বড়সোল, ঝাড়গ্রাম। ফোন: ৮৯৬৭৫-১৫০৫৯, ৮১১৬৭-৯৫৫৪০। (৫) আড়াড়া বিবেকানন্দ যুব সংঘ, আড়াড়া, আরশা, পুরুলিয়া। ফোন: ৯০০২৯-১০৮৮০, ৯৯৩২৪-৮৯৩৩৮।

**ছাগল পালন:** (১) বকপোতা শ্রীরামকৃষ্ণ সেবা কেন্দ্র, হাসনাবাদ, উত্তর ২৪ পরগনা। ফোন: ৭০৭৪৯-০০৬৬৫, ৯১২৩৮-১৬৩৪১। (২) বিবেক বিতান, বোলপুর, বীরভূম। ফোন: ৮৪৩৬২-৩০০২২, ৮৪৩৬০-১৯৩০৯।

**মাশরুম চাষ:** (১) মিলনতীর্থ সংঘ, রাধাপুর, শ্যামপুর-১, হাওড়া। ফোন: ৯৭৩৩৫-৩৫৯৪৪। (২) মা সারদা স্বনির্ভর দল, ডুমুরদহ, বলাগড়, হুগলি। ফোন: ৭৬০২৬-০৬৭৬৯, ৯৬০৯৫-০৬৯৭২। (৩) পাড়াতল অঞ্চল বিবেকানন্দ সেবাশ্রম, পাড়াতল, জামালপুর, পূর্ব বর্ধমান। ফোন: ৯৪৩৪৬-৭৫০৬৪, ৮৯৪২৮-৬১১৪৮। (৪) সাণ্ডেলের বিল শ্রীরামকৃষ্ণ সেবাশ্রম, সাণ্ডেলের বিল, হিঙ্গলগঞ্জ, উত্তর ২৪ পরগনা। ফোন: ৯৯৩২৫-৬১৩২৮, ৮৯২৬৭-৬৪২৮৩, ৭৫৮৪৯-০৪৭২১। (৫) বড়জোড়া বিবেকানন্দ আত্মবিকাশ কেন্দ্র, বড়জোড়া, বাঁকুড়া। ফোন: ৯৭৩২০-২২২১২, ৯৭৩২১-৯৬১৮৬।

**মাছ চাষ:** (১) নবগ্রাম স্বামী বিবেকানন্দ সেবাশ্রম, শ্যামপুর, হাওড়া। ফোন: ৯১৬৩৮-৮১১৪৮, ৯৮৩৬৭-০৪৪৫৬। (২) কোতুলপুর শ্রীমা সার্বিক পল্লীমঙ্গল, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১, ৭৪০৭৯-৮২০৬৮। (৩) ঝাড়গ্রাম রামকৃষ্ণ কথামৃত পাঠচক্র ও সেবা সমিতি, ঝাড়গ্রাম। ফোন: ৯৪৭৪৪-০৪১৯৪।

**ভেজিটেবল নার্সারি ম্যানেজমেন্ট ও চাষ:** (১) রামকৃষ্ণ যোগাশ্রম, কোয়ালপাড়া, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩২, ৭৪০৭৯-৮২০৬৮। (২) নদিয়া জেলা ফার্মার্স ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, বীরনগর, নদিয়া। ফোন: ৯৮৩২৬-৬৩৫৪৮, ৭০৩১০-২২২৬৪।

**ডেয়ারি ফার্মিং ও ভার্মিকম্পোস্ট তৈরি:** অভিরামপুর রামকৃষ্ণ সেবা আশ্রম, উদয়নারায়ণপুর, হাওড়া। ফোন: ৯৭৩২৬-৯৪৫১১।

**টেলারিং:** (১) মা সারদা সেবাশ্রম-৩, পাটঘরা, উত্তর ২৪ পরগনা। ফোন: ৭০৪৪২-৬৩৯৩৬, ৯৯৩৩৪-৪৫৩১৫। (২) রামকৃষ্ণ মিশন সেবাশ্রম, তমলুক, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯০০২৭-০৩০০৪, ৯৮০০৪-৫৫৪৮৭।

**বিউটি পার্লার ম্যানেজমেন্ট:** বেলপুকুর শ্রীশ্রীরামকৃষ্ণ পাঠচক্র, বেলপুকুর, শ্যামপুর, হাওড়া। ফোন: ৯৭৩২৬-৮১৭২৯, ৯৪৭৪৩-৯৪৮১৪।

**মোবাইল ফোন রিপেয়ারিং:** বগছড়ি শ্রীশ্রীরামকৃষ্ণ সেবা সংঘ, বগছড়ি, চন্দ্রকোণা, পশ্চিম মেদিনীপুর। ফোন: ৯৪৭৪৯-৫০৪৩০, ৭৫৫১০-৬৫৩০০।

**টু-হুইলার সার্ভিসিং:** স্বামীজি সর্বোদয় সংঘ, বিরুলিয়া, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৭৫৫-১৫৫৩০, ৯৭৩৩৬-৪৩৭৫১।

**ইলেক্ট্রিক মোটর রিওয়াইন্ডিং, রিপেয়ারিং ও সার্ভিসিং:** শ্রীরামকৃষ্ণ আশ্রম, কুমরুল, হুগলি। ফোন: ৯৬০৯৫-০৬৯৭২, ৯৯৩২৬-৪২২৮৬।

**সফট টয় তৈরি:** উত্তরণ চ্যারিটেবল ট্রাস্ট, পুরন্দরপুর, কান্দি, মুর্শিদাবাদ। ফোন: ৮০০১০-৩৯১১৩।

টেলারিং, বিউটি পার্লার ম্যানেজমেন্ট, মোবাইল ফোন রিপেয়ারিং, টু-হুইলার সার্ভিসিং, ইলেক্ট্রিক মোটর রিওয়াইন্ডিং, রিপেয়ারিং ও সার্ভিসিং এবং সফট টয় তৈরির প্রশিক্ষণের মেয়াদ ১২ সপ্তাহ। অন্য সবক'টি প্রশিক্ষণের মেয়াদ ৪ সপ্তাহ।

প্রশিক্ষণ নিতে আগ্রহীরা আবেদনপত্র সংগ্রহ করবেন প্রতিষ্ঠানের এই ঠিকানা থেকে— রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। জীবনপঞ্জি-সহ আবেদনপত্র জমা দিতে হবে যে-কেন্দ্রে প্রশিক্ষণ নিতে চান তার ঠিকানায়। এছাড়া রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দিরের ঠিকানাতেও জীবনপঞ্জি সহ আবেদনপত্র জমা দিতে পারবেন। তথ্যের জন্য সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪-৮৯০৮। দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.rkmssm.org/adt আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল।


## স্বর্ণাক্ষরের সব বই সাহিত্য সংসদ ও শিশু সাহিত্য সংসদে পাওয়া যায়

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই

গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়াণ্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

হীরু ডাকাত



পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

বরফের বাগান পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ ₹১২০
আমাজনের জঙ্গলে ৭ম মুদ্রণ ₹৭০
লিচুবাগানের চৌকিদার ₹৮০

ছেঁড়াকাঁথার গল্প ২য় সংস্করণ ₹৭৫
গৌর যাযাবর ২য় সংস্করণ ₹১২০
মাতলাগাঙের ভূত ₹৭৫
পাখির খাতা ₹৪০
চোখে দেখা গল্প যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

শাদা ঘোড়া



ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

নতুন ছড়ার বই জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা
সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস ঋষিকুমার



কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

সুভাষ মুখোপাধ্যায়ের বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের ₹১৫ কথামালা: ছড়ায় ঢালা

মহাশ্বেতা দেবীর



তুতুল ৩য় মুদ্রণ ₹৬০

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹৬০ বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
নেকড়ের চোখ ₹৬০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

স্বর্ণাক্ষরের বই সারা বছর পাবেন
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮ দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি।
বাংলাদেশে চট্টগ্রাম ও ঢাকায় 'বাতিঘর' (☎ +৮৮০-১৯১১৫০৯৬৯৬/০১৭১৩৩০৪৩৪৪)-এ

অনলাইন কিনতে হলে ই-মেল করুন: swarnakshar.books@gmail.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কৃষি-জৈবপ্রযুক্তি নিয়ে পড়াশোনা

*তেরোর পাতার পর*

এছাড়াও, এগ্রিকালচারাল বায়ো-টেকনোলজির এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। উভয় ক্ষেত্রেই আবেদন করা যাচ্ছে এখনই।

## কোথায় পড়বেন, কী পড়বেন

● **রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট**
পড়ানো হয় ২ বছরের এম এসসি কোর্স। আসনসংখ্যা ২০।

**শিক্ষাগত যোগ্যতা**— অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি এসসি, স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে বায়োলজি বা সমতুল বিষয় পড়ে থাকতে হবে। বায়োলজিক্যাল সায়েন্সের যে-কোনও শাখায় অনার্স-সহ বি এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে নম্বরের ছাড় পাবেন। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

**কী পড়বেন**— এগ্রিকালচারের খুঁটিনাটি বিষয় ছাড়াও পড়ানো হয় ক্রপ প্রোডাকশন, ক্রপ প্রোটেকশন, প্লান্ট ফিজিওলজি, প্লান্ট টিস্যু কালচার, বায়োকেমিস্ট্রি, বায়োইনফর্মেটিক্স, জেনেটিক্স, এগ্রিকালচারাল এক্সটেনশন, ইমিউনোলজি এবং অর্গানিক ফার্মিং। এছাড়াও পড়তে হয়, এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড মার্কেটিং। এগ্রিকালচারাল বায়োটেকনোলজি বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ডঃ গৌতম চট্টোপাধ্যায় কর্মক্ষেত্র-কে জানালেন, কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের ১ মাসের জন্য 'অর্গানাইজেশনাল অ্যাটাচমেন্ট প্রোগ্রাম'-এ পাঠানো হয় বিভিন্ন সংস্থায়।

**প্রার্থী বাছাই পদ্ধতি**— প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ১০ জুন, নরেন্দ্রপুরের ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট সেন্টারে, দুপুর দেড়টা থেকে আড়াইটে পর্যন্ত। পরীক্ষা নেওয়া হয় দু'টি পার্টে। পার্ট এ-তে প্রশ্ন থাকে জেনারেল সায়েন্স ও অ্যাপ্টিটিউড বিষয়ে। পার্ট বি-তে প্রশ্ন হয় বটানি, জুলজি, মাইক্রোবায়োলজি, বায়োকেমিস্ট্রি এবং বায়োটেকনোলজি বিষয়ে। এর মধ্যে যে-কোনও দু'টি বিষয়ের উত্তর দিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ইন্টারভিউ ১৮ জুন। কোর্স শুরু জুলাইয়ে।

**আবেদনের পদ্ধতি**— অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rkmvu.ac.in আবেদনের শেষ তারিখ ৭ জুন। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২৫০ টাকা। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অফলাইনেও আবেদনপত্র জমা দেওয়া যাবে। সেক্ষেত্রে আবেদনের ফর্ম ডাউনলোড করতে হবে উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি বাবদ দিতে হবে ৩০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'RKM Vivekananda University, Narendrapur'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র-ভরা খামের উপর লিখবেন: Application for M.Sc. in Agricultural Biotechnology. আবেদনপত্র ৭ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: IRDM Faculty Centre, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute, Ramakrishna Mission Ashrama, Narendrapur, Kolkata-700 103.

এছাড়াও, নগদ ২৫০ টাকার বিনিময়ে আবেদনপত্র সরাসরি সংগ্রহ করতে পারেন বেলুড়ে বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অফিস (বেলুড় মঠের প্রধান প্রবেশদ্বারের বাইরে) থেকে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ডিমান্ড ড্রাফট।
- ✓প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন এবং ফটোর উপর আড়াআড়িভাবে সই করে দেবেন। অন্য ফটোটি আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

● **কম্বাইন্ড বায়োটেকনোলজি এন্ট্রান্স এক্সামিনেশন (সি ই ই বি)**

**কোথায় পড়বেন**— কম্বাইন্ড বায়োটেকনোলজি এন্ট্রান্স এক্সামিনেশনের মাধ্যমে ভর্তি হওয়া যাবে এই বিশ্ববিদ্যালয়গুলিতে: (১) অসম এগ্রিকালচারাল ইউনিভার্সিটি, (২) হিমাচল প্রদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, (৩) জি বি পন্থ ইউনিভার্সিটি অব এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, (৪) ইন্দিরা গান্ধি কৃষি বিশ্ববিদ্যালয়, রায়পুর, (৫) কেরল এগ্রিকালচারাল ইউনিভার্সিটি, (৬) বসন্তরাও নায়েক মারাঠওয়াড়া কৃষি বিদ্যাপীঠ, মহারাষ্ট্র, (৭) ওড়িশা ইউনিভার্সিটি অব এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, ভুবনেশ্বর, (৮) তামিলনাড়ু এগ্রিকালচারাল ইউনিভার্সিটি, (৯) ইউনিভার্সিটি অব এগ্রিকালচারাল সায়েন্সেস, বেঙ্গালুরু, (১০) ইউনিভার্সিটি অব এগ্রিকালচারাল সায়েন্সেস, ধারওয়ার এবং (১১) ডঃ রাজেন্দ্র প্রসাদ সেন্ট্রাল এগ্রিকালচারাল ইউনিভার্সিটি, পুসা।

**শিক্ষাগত যোগ্যতা**— এগ্রিকালচার বা হর্টিকালচার বা ফরেস্ট্রির ব্যাচেলর্স ডিগ্রি। কোনও কোনও বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভেটেরিনারি সায়েন্স বা বায়োটেকনোলজি বা বায়োইনফর্মেটিক্স বা এগ্রিকালচারাল বায়োটেকনোলজি বা সেরিকালচারের স্নাতকরাও আবেদনের যোগ্য। এছাড়া জুলজি, বটানি ও কেমিস্ট্রি বা ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স-সহ বি এসসি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। ন্যূনতম নম্বরের ক্ষেত্রে কোনও কোনও বিশ্ববিদ্যালয় নিজস্ব নীতি প্রয়োগ করে থাকে।

বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

**পরীক্ষার ধরন**— কম্বাইন্ড বায়োটেকনোলজি এন্ট্রান্স এক্সামিনেশন (সি ই ই বি) পরিচালনা করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পরীক্ষা ৩০ মে, দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। ১০০ নম্বরের এই পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। পার্ট-এ-তে প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স এবং বায়োলজি বিষয়ে। পার্ট বি-তে প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই। প্রশ্ন হবে ইংরেজি ভাষায়।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা, দুর্গাপুর, খড়্গপুর ও শিলিগুড়ি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১০ মে থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.ntajnu.nic.in

**কীভাবে আবেদন**— অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntajnu.nic.in ১৫ এপ্রিল পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে। এগ্রিকালচারাল বায়োটেকনোলজির সাবজেক্ট কোড: BAG এবং সাবজেক্ট কোড নম্বর: ৯৫১ আবেদনের ফর্মে উল্লেখ করতে হবে। আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

আবেদনের ফর্ম সংশোধন করা যাবে ২২ থেকে ২৮ এপ্রিলের মধ্যে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১,০০০ (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং রূপান্তরকামী প্রার্থীদের ক্ষেত্রে ৫০০) টাকা। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং অথবা ই-চালানের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ এপ্রিল।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পাওয়া কনফার্মেশন পেজের চার কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। এছাড়া দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.jnu.ac.in

## কাজের ক্ষেত্র

রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের এগ্রিকালচারাল বায়োটেকনোলজি বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ডঃ গৌতম চট্টোপাধ্যায় কর্মক্ষেত্র-কে জানালেন, কৃষি-জৈবপ্রযুক্তির পেশাদারদের চাকরির সুযোগ রয়েছে বিভিন্ন এগ্রিকালচারাল ফার্ম, এগ্রি ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, এগ্রি বিজনেস সেন্টার, অ্যাগ্রো ইন্ডাস্ট্রি, এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট, কৃষি-সংক্রান্ত পরিষেবা প্রদানকারী সংস্থা, সিড প্রোডাকশন এবং জৈব কীটনাশক ও জৈব সার প্রস্তুতকারক সংস্থায়। নতুন কোনও উন্নত মানের পণ্য উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকেন এগ্রিকালচারাল বায়োটেকনোলজিস্টরা। এছাড়া সরকারি বিভিন্ন প্রকল্প ও নন-গভর্নমেন্টাল অর্গানাইজেশনেও নিয়োগ পান তাঁরা।

চাকরি ছাড়াও গবেষণার সুযোগ রয়েছে। দেশের বিভিন্ন কৃষি গবেষণা কেন্দ্রে সায়েন্টিস্ট এবং রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়গুলিতে লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা নেয় ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ। পরীক্ষাটি পরিচালনা করে এগ্রিকালচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ড। এছাড়া কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ কর্তৃক পরিচালিত নেট পরীক্ষা দিয়েও গবেষণার সুযোগ পাওয়া যায়। কেন্দ্রীয় সরকারের বায়োটেকনোলজি বিভাগ আয়োজিত বায়োটেকনোলজি এলিজিবিলিটি টেস্টে উত্তীর্ণ হলে পাওয়া যায় জুনিয়র রিসার্চ ফেলোশিপ।

# পেশা যখন সমাজকল্যাণ

*নয়ের পাতার পর*

পরিকাঠামো তৈরি হয়েছে বহুজাতিক সংস্থাগুলির চাহিদা মেনেই।

## সমাজকল্যাণের পেশাদার

কোন অঞ্চলে কোন কল্যাণকর কাজের প্রয়োজন রয়েছে তা নির্দিষ্ট করা, কীভাবে কাজগুলো করা হবে তার রূপরেখা তৈরি করা এবং সেই পরিকল্পনার বাস্তবায়ন ঘটানোর জন্য এখন প্রশিক্ষিত ও দক্ষ পেশাদারের প্রয়োজন হয়। এঁরাই সমাজকল্যাণের পেশাদার।

## কী জানতে হয়

সমাজকল্যাণের পেশাদারদের জানা-চেনার ক্ষেত্রটি বিস্তৃত। সামাজিক কল্যাণের বিষয়টি ভালো করে জানার জন্যই সমাজতত্ত্ব, সামাজিক মনস্তত্ত্ব জানতে, বুঝতে হয়। বিশদে জানতে হয় সমাজকল্যাণের ধারণার উদ্ভব ও ক্রমবিকাশ, জনকল্যাণমূলক আইন, সরকারি বিভিন্ন নীতি, সাংগঠনিক রীতি-নীতি। পরিবেশ-পরিস্থিতি অনুসারে সমাজ-উন্নয়নের পরিকল্পনা তৈরি করতে হয় গবেষণাধর্মী বিচার-বিশ্লেষণের মধ্য দিয়ে। ফলে গবেষণার পদ্ধতি-প্রকরণও জানতে হয়। জানতে হয় ম্যানেজমেন্টের সাধারণ খুঁটিনাটি বিষয়।

## কোথায় পড়বেন

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্টে (আই আই এস ডব্লু বি এম) সোশ্যাল ওয়েলফেয়ারের ২ বছরের এবং মোট চার সেমেস্টারের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়া যায়। ডিগ্রি দেয় কলকাতা বিশ্ববিদ্যালয়।

পড়তে পারেন যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই। বয়সের কোনও বিধিনিষেধ নেই।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, থিওরিটিক্যাল ক্লাসের পাশাপাশি থাকে ফিল্ড ওয়ার্ক। এক মাসের ইন্টার্নশিপ বাধ্যতামূলক। থাকে প্রচুর সেমিনারের ব্যবস্থাও। স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে: (১) চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার, (২) কারেকশনাল সোশ্যাল ওয়ার্ক, (৩) কমিউনিটি অর্গানাইজেশন অ্যান্ড ডেভেলপমেন্ট প্র্যাক্টিস, (৪) লেবার ওয়েলফেয়ার।

**প্রার্থী বাছাই পদ্ধতি:** প্রার্থী বাছাই হয় একটি লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

**ফি:** চার সেমেস্টারের মোট ফি ১ লক্ষ ৭০ হাজার টাকা। প্রথম সেমেস্টারের ফি-সহ ভর্তির সময় জমা দিতে হয় ৬০ হাজার টাকা। পরবর্তী তিন সেমেস্টারের প্রতিটির শুরুতে ৪০ হাজার টাকা করে ফি পরিশোধ করা যায়। কোর্স শেষে কশান মানি বাবদ ভর্তির সময় জমা রাখা ১০ হাজার টাকা ফেরত পাওয়া যাবে। ব্যাঙ্ক থেকে শিক্ষাঋণ পাওয়ার সুযোগ আছে।

## চাকরির সুযোগ

চাকরির সুযোগ রয়েছে বিভিন্ন কর্পোরেট এবং রাষ্ট্রায়ত্ত সংস্থায়। বড় এন জি ও-তেও চাকরির সুযোগ রয়েছে। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ২০১৭-'১৯ ব্যাচের কোর্স সম্পূর্ণ হওয়ার আগেই ৭০ শতাংশ ছাত্রছাত্রীর চাকরি হয়ে গেছে। চাকরির জন্য ক্যাম্পাসিং হয়।

আই আই এস ডব্লু বি এম-এর মাস্টার অব সোশ্যাল ওয়েলফেয়ারের ২০১৯-'২১ শিক্ষাবর্ষে ভর্তির প্রক্রিয়া শুরু হবে এ মাসেই। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ আয়োজিত হবে জুনের শেষ ভাগে। ক্লাস শুরু হবে জুলাইয়ে।

আগ্রহীরা আবেদন-সংক্রান্ত তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.iiswbm.edu

প্রতিষ্ঠানের ঠিকানা: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়্যার (ওয়েস্ট), কলকাতা-৭৩। ফোন: (০৩৩)২২৪১-৩৭৫৬, ৫০২৩-৭৪৭৪, ২২৪১-৮৬৯৪।

# সরকারি প্রতিষ্ঠানে বিজ্ঞানের মূল শাখায় গবেষণাধর্মী স্নাতক ডিগ্রি কোর্স

*বারোর পাতার পর*

বায়োলজি শাখায় পড়াশোনার পর চাকরি হতে পারে স্বাস্থ্য, কৃষি, ফার্মাসিউটিক্যাল, জৈবপ্রযুক্তি-সহ নানা ক্ষেত্রে।

এছাড়া চাকরি হতে পারে নেচার কনজারভেশন অফিসার, রিসার্চ সায়েন্টিস্ট পদে। সুযোগ রয়েছে রিসার্চ ও ডেভেলপমেন্ট-সংক্রান্ত কাজে। মেটেরিয়ালস শাখার ক্ষেত্রে গবেষণা ও চাকরি উভয়েরই সুযোগ রয়েছে ম্যানুফ্যাকচারিং, ইনফ্রাস্ট্রাকচার, ট্রান্সপোর্টেশন, ইলেক্ট্রনিক্স এরোস্পেস এবং এনার্জি সেক্টরে।

আর্থ ও এনভায়রনমেন্টাল সায়েন্সের ক্ষেত্রে গবেষণার সুযোগ রয়েছে আর্থ সায়েন্স, অ্যাটমোস্ফেরিক সায়েন্স, এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং ও এনভায়রনমেন্টাল কেমিস্ট্রি বিষয়ে। অপেক্ষাকৃত নতুন বিষয় হলেও কাজের সুযোগ তৈরি হয়েছে এয়ার অ্যান্ড ওয়াটার কোয়ালিটি ম্যানেজমেন্ট, ফিশারি অ্যান্ড ওয়াইল্ড লাইফ ম্যানেজমেন্ট, হ্যাজার্ড ওয়েস্ট ম্যানেজমেন্ট, ফরেস্ট্রি প্ল্যানিং অ্যান্ড কনস্ট্রাকশন-সহ নানা ক্ষেত্রে।

## কারা পড়বেন

মোট অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলিদের ক্ষেত্রে পাস নম্বর) এবং ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক। সংশ্লিষ্ট তিনটি বিষয়-সহ বায়োলজি বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। সেইসঙ্গে আই আই টি-জে ই ই মেন বা অ্যাডভান্সড অথবা ন্যাশনাল এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্ট (আন্ডার-গ্র্যাজুয়েট) পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। কিশোর বৈজ্ঞানিক ফেলোশিপের জন্য মনোনীত প্রার্থীরাও আবেদনের যোগ্য।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারেন। তবে, ২০১৭-র আগে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

সবক'টি বিষয় মিলিয়ে মোট আসনসংখ্যা ১২০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

বার্ষিক টিউশন ফি ১০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য খরচ। তফসিলিদের কোনও টিউশন ফি লাগবে না।

## কীভাবে আবেদন

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iisc.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং, ভিসা বা মাস্টার ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# তথ্যপ্রযুক্তি নির্ভর ব্যবসায় বাঙালি তরুণ-তরুণীদের বিশেষ আগ্রহ লক্ষ করা যাচ্ছে



শিক্ষিত বাঙালি তরুণ-তরুণীর ব্যবসায় আগ্রহ বাড়ছে। একটা খুবই আশাপ্রদ পালাবদল ঘটছে। 'কর্মক্ষেত্র'র সঙ্গে একান্ত সাক্ষাৎকারে জানাচ্ছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের জয়েন্ট ডিরেক্টর **এস এম গোমস**।

**কর্মক্ষেত্র:** *একবিংশ শতকের এই দ্বিতীয় দশকে বাংলার শিক্ষিত তরুণ-তরুণীদের ব্যবসার প্রতি কীরকম মনোভাব বলে মনে হয় আপনার? অনেক চেষ্টা করেও চাকরি না পেয়ে ব্যবসায় নামার প্রবণতার কি কোনও পরিবর্তন ঘটেছে?*

**এস এম গোমস:** দেখুন, উত্তরগুলো একেবারে সরল নয়। আমাদের এখানকার একটি ছেলে বা মেয়ে ছোটবেলা থেকে শুনে আসছে, পড়াশোনা শেষ করে একটা ভালো চাকরির ব্যবস্থা করতে হবে। ছেলেটি বা মেয়েটির হাড়েমজ্জায় ঢুকে পড়েছে সেই পথনির্দেশ। আমাদের পরিবার, সমাজ সাধারণভাবে তো ছেলেমেয়েদের ব্যবসায় উৎসাহিত করে না। তবে এরই মধ্যে খানিকটা আশার আলো দেখা দিয়েছে কয়েকটি কারণে। প্রথম কারণটি হল, সহজে ব্যবহারযোগ্য প্রযুক্তির প্রসার। তথ্যপ্রযুক্তির কথা বলছি। একটা স্মার্ট ফোন হাতে থাকলে আর একটু মাথা খাটালে একটা কার্যকর অ্যাপ বানিয়ে ফেলা সম্ভব হচ্ছে। সোশ্যাল মিডিয়াকে ব্যবহার করে ছোট আকারে হলেও আপনার কোনও পণ্যের বিপণন করতে পারছেন। নিজের পাড়াটাকে ভিত্তি করেও অনলাইন ব্যবসা হতে পারে।

কলেজ-বিশ্ববিদ্যালয়ের পড়াশোনা শেষ হওয়ার পরে নিজের খরচ নিজে চালিয়ে নেওয়ার জন্য ছেলেমেয়েদের উপর একটা চাপ তৈরি হয়। নিজের হাতখরচের বিষয়টিও রয়েছে। এক্ষেত্রে আগে আমরা দেখতাম, শিক্ষিত তরুণ-তরুণীরা গৃহশিক্ষকতা করে খানিকটা উপার্জন করতেন। এখন তথ্যপ্রযুক্তি-নির্ভর পরিষেবার মাধ্যমে উপার্জনের একটা পথ তৈরি হয়েছে। ইউ টিউবের মাধ্যমে শিক্ষকতা করা যাচ্ছে। অর্থ পাওয়া যাচ্ছে বিজ্ঞাপনের মাধ্যমে। শুধু শহরেই যে এটা হচ্ছে তা নয়, গ্রামাঞ্চলেও হচ্ছে। এসব করেও চাকরির চেষ্টা চলছে। আবার কেউ কেউ এ ধরনের পরিষেবার ব্যবসাতেও পাকাপাকিভাবে মনোনিবেশ করছেন। নিজেদের ঘষেমেজে নিতে অনেকে আমাদের কাছে আসছেন।

আরেকটা দিক রয়েছে। কয়েক বছর চাকরি করার পর, সংশ্লিষ্ট ক্ষেত্রের ম্যানেজমেন্টের প্রকরণগুলো শিখে, চাকরি ছেড়ে ব্যবসায় নামছেন এমন উদাহরণও নতুন শতকে বেড়েছে। সময়, শ্রম, দক্ষতা, উদ্ভাবনী ক্ষমতার মূল্যায়ন করেই ব্যবসাকে বিকল্প পথ হিসেবে বেছে নিচ্ছেন এঁরা।

আর আমি ব্যবসাই করতে চাই, চাকরি করব না, এরকম ছেলেমেয়েদের সংখ্যা যে অনেক বেড়ে গেছে, এমন দাবি করব না। তবে এখনকার অনেক ছেলেমেয়েই কিন্তু ব্যবসার পথটাকে বিকল্প পথ হিসেবে বুঝে নিতে চাইছেন। আমাদের এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রোগ্রামগুলিতে এঁদের চুলচেরা প্রশ্ন, জিজ্ঞাসু মনোভাবের পরিচয় পেয়ে ভালো লাগছে।

**কর্মক্ষেত্র:** *তাহলে কি বর্তমান সময়টিকে পরিবর্তনের সময় বলে গণ্য করা যায়?*

**এস এম গোমস:** ঠিক তাই। একটা ট্রানজিশন পিরিয়ড চলছে। আর সেক্ষেত্রে ব্যবসায় শিক্ষিত তরুণ-তরুণীদের উৎসাহিত করার ব্যাপারে সরকারি উদ্যোগেরও একটা ইতিবাচক ভূমিকা দেখা যাচ্ছে।

**কর্মক্ষেত্র:** *ছাত্রাবস্থায় ব্যবসার লক্ষ্যে উৎসাহ পেলে ছেলেমেয়েদের আগ্রহ আরও বাড়বে বলে মনে করছেন?*

**এস এম গোমস:** আপনিই ভেবে দেখুন না, ব্যবসার ব্যাপারে ছেলেমেয়েদের মধ্যে একটা ভীতির মানসিকতা তৈরি করে দেওয়া হয় কি না ছোটবেলাতেই! স্কুলে ব্যবসা নিয়ে পড়াশোনা, আলোচনা হয় কি? প্রচলিত কর্মশিক্ষা কি ব্যবসামুখী শিক্ষা?

**কর্মক্ষেত্র:** *আপনি স্কুল স্তরেই এব্যাপারে উদ্যোগী হওয়ার কথা বলছেন?*

**এস এম গোমস:** কেন নয়? এখন ইঞ্জিনিয়ারিং কলেজগুলোতে ব্যবসার পাঠ দেওয়ার জন্য ইনকিউবেশন সেন্টার তৈরি হচ্ছে। আমাদের প্রতিষ্ঠান কলেজ স্তরে প্রচার চালায়, ব্যবসায় আগ্রহী ছাত্রছাত্রীদের চিহ্নিত করার উদ্যোগ নেয়।

> **কলেজ-বিশ্ববিদ্যালয়ের পড়াশোনা শেষ হওয়ার পরে নিজের খরচ নিজে চালিয়ে নেওয়ার জন্য ছেলেমেয়েদের উপর একটা চাপ তৈরি হয়। এক্ষেত্রে আগে আমরা দেখতাম, শিক্ষিত তরুণ-তরুণীরা গৃহশিক্ষকতা করে খানিকটা উপার্জন করতেন। এখন তথ্যপ্রযুক্তি-নির্ভর পরিষেবার মাধ্যমে উপার্জনের একটা পথ তৈরি হয়েছে। ইউ টিউবের মাধ্যমে শিক্ষকতা করা যাচ্ছে। অর্থ পাওয়া যাচ্ছে বিজ্ঞাপনের মাধ্যমে। শুধু শহরেই যে এটা হচ্ছে তা নয়, গ্রামাঞ্চলেও হচ্ছে। এসব করেও চাকরির চেষ্টা চলছে। আবার কেউ কেউ এ ধরনের পরিষেবার ব্যবসাতেও পাকাপাকিভাবে মনোনিবেশ করছেন। নিজেদের ঘষেমেজে নিতে অনেকে আমাদের কাছে আসছেন।**

আমরা ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট প্রোগ্রাম করি, যাতে শিক্ষকরাই ছাত্রছাত্রীদের ব্যবসায় উৎসাহিত করতে পারেন। স্কুল স্তরে ছোট ছোট ছেলেমেয়েদের নতুন কিছু জানার আগ্রহ প্রবল থাকে। এ সময়ে ভয়-ভীতিও কম। ব্যবসা কী, কীভাবে ব্যবসা, সে-সম্পর্কে একটা ধারণা কি তাদের দেওয়া যায় না? দেখুন, একটা পেশার জন্য একজন ছাত্র বা ছাত্রী কতগুলো বছর ধরে প্রস্তুতি নেয়। ব্যবসাকেও সফল কেরিয়ার হিসেবে গড়ে তোলার জন্য প্রস্তুতির দরকার রয়েছে।

**কর্মক্ষেত্র:** *ব্যবসার মূলধন নিয়েও তো একটা ভাবনা থাকেই—*

**এস এম গোমস:** ব্যবসার মূলধনের কিন্তু অনেকগুলো বিভাগ। ডোমেন নলেজ, অর্থাৎ, যে-ব্যবসা, সে-সংক্রান্ত জ্ঞান একটা বড় পুঁজি। আজকের দিনে প্রযুক্তিগত দক্ষতা একটা বড় পুঁজি। ব্যবসা পরিচালনার দক্ষতা আরেকটা পুঁজি। একটা ভালো টিম একটা বড় পুঁজি। অন্যতম প্রধান পুঁজি আর্থিক পুঁজি। এই আর্থিক পুঁজি নিয়েই সাধারণত লোকের মাথাব্যথা বেশি। অথচ, আর্থিক পুঁজি আপনি সরকারি প্রকল্পের মাধ্যমে সংগ্রহ করতে পারেন। ব্যাঙ্ক থেকে ঋণ নিতে পারেন। অন্য পুঁজিগুলো কিন্তু আপনাকেই অর্জন করে নিতে হবে। সেজন্যই বলছিলাম, সামগ্রিক প্রস্তুতির জন্য একটু সময় দেওয়ার দরকার। একটা চাকরি পেতে হলেও আপনাকে পড়াশোনা করে প্রস্তুতি নিতে হয়। এখনকার দিনে রাতারাতি ব্যবসায় নেমে পড়ে সাফল্য পাওয়া দুষ্কর। ভালো প্রস্তুতি, নিখুঁত পরিকল্পনা ব্যবসার ঝুঁকি কমিয়ে দিতে পারে।

**কর্মক্ষেত্র:** *ভেঞ্চার ক্যাপিটাল আর্থিক পুঁজির ব্যাপারে কতটা সহায়ক হতে পারে?*

**এস এম গোমস:** ওটা তো ভেঞ্চার। দীর্ঘমেয়াদি সুরাহা নয়। এক্ষেত্রে যে-সংস্থা অর্থের জোগান দেবে, তারা লাভের একটা বড় অংশ নিয়ে নেবে। সেই ব্যবসাটি নয়, বিনিয়োগ করা অর্থ অতিরিক্ত কতটা অর্থ-সহ ফেরত পাওয়া যাবে, সেটাই তাঁদের কাছে মূল হিসেব। তাই খুব প্রয়োজনে ভেঞ্চার ক্যাপিটালের কথা ভাবা যায়। নচেৎ নয়।

**কর্মক্ষেত্র:** *ব্যবসা শুরুর আগে একটা নিখুঁত প্রোজেক্ট বা স্কিমের দরকার হয়। এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট কি প্রোজেক্ট তৈরি করে দিতে পারে?*

**এস এম গোমস:** আমরা যথাযথ ফিয়ের বিনিময়ে ব্যবসার প্রোজেক্ট তৈরি করে দিই।

**কর্মক্ষেত্র:** *ব্যবসা-সংক্রান্ত তথ্য-পরামর্শের জন্য আপনাদের সঙ্গে যোগাযোগ করা যায় কি?*

**এস এম গোমস:** আমাদের একটা অ্যালামনি অ্যাসোসিয়েশন আছে। তার ওয়েবসাইট: www.edikolkataalumni.org এই ওয়েবসাইটের মাধ্যমে ই-মেল মারফত তথ্য-পরামর্শ পাওয়ার জন্য যোগাযোগ করা যায়।

**কর্মক্ষেত্র:** *ব্যবসায় আগ্রহী তরুণ-তরুণীদের জন্য কী বলবেন?*

**এস এম গোমস:** একটা ব্যবসা মানে শুধুই নিজের উপার্জনের ব্যবস্থা নয়। প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষভাবে আরও অনেকের উপার্জনের ব্যবস্থা করে দেওয়া। একজন তরুণ বা তরুণী সাধারণ একজন কর্মপ্রার্থী নন, তিনি কর্মদাতা। এ কী কম কথা! সারা পৃথিবীতেই ছোট ব্যবসা কর্মসংস্থানের ক্ষেত্রে বড় ভূমিকা পালন করে থাকে। চাকরিতে যেমন ধাপে ধাপে পদোন্নতি হয়, ব্যবসারও তেমন পর্যায়ক্রমিক উন্নতি ঘটে। ব্যবসা বড় হয়। ব্যবসার জন্য একটা হার-না-মানা প্রতিজ্ঞার দরকার হয়, সাহসের দরকার হয়। ভাবনাচিন্তা করে একটা মজবুত পরিকল্পনা করার দরকার হয়। তারপর ধাপে ধাপে সেই পরিকল্পনাটিকে বাস্তবায়িত করতে হয়। ব্যবসা-সংক্রান্ত আইনকানুনগুলো জেনে নিতে হবে। ব্যবসার হিসেবপত্র রাখার নিয়মকানুনগুলো শিখে নিতে হবে। আর দরকার একটা উদ্ভাবনী মনের। আমাদের শিক্ষিত বাঙালি তরুণ-তরুণীদের সমস্ত গুণ রয়েছে। আমি বিশ্বাস করি সেইসব গুণাবলি ব্যবসার ক্ষেত্রেও একদিন ঝলমল করে উঠবে।

# সরকারি প্রতিষ্ঠানে চিনি উৎপাদন সংক্রান্ত নানা কোর্স

*বারোর পাতার পর*

Institute'-এর অনুকূলে কানপুরে প্রদেয় হতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৩ মে-র মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, National Sugar Institute, Kalyanpur, Kanpur-208 017.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: nsikanpur.edu@gmail.com

## চাকরির সুযোগ

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, টেকনিক্যাল কাজের জন্য প্রার্থীদের ক্যাম্পাসিংয়ের মাধ্যমে সরাসরি চাকরি হয়ে যায় দেশের বিভিন্ন সুগার মিলে। শ্রীরেনুকা সুগারস, বাজাজ হিন্দুস্থান, বলরামপুর চিনি মিলস, আপার গ্যাঞ্জেস, ডালমিয়া ভারত সুগার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ধামপুর সুগার মিলস, এমপি সুগারস অ্যান্ড কেমিক্যাল লিমিটেড, মাওয়ানা সুগারস লিমিটেডের মতো বিভিন্ন সংস্থায় চাকরি করছেন প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা।

চিনি উৎপাদক সংস্থার পাশাপাশি এই ক্ষেত্রের পেশাদারদের চাকরি রয়েছে বিভিন্ন রাসায়নিক শিল্পে, অ্যালকোহল বা নরম পানীয় প্রস্তুতকারী সংস্থায়। কেক, ফাস্ট ফুড, চকোলেট, আইসক্রিম ইত্যাদি শিল্পেও চাহিদা রয়েছে প্রশিক্ষিত কর্মীর।

# তথ্য বিশ্লেষণের পেশায় চাহিদা বাড়ছে দক্ষ কর্মীর

*দশের পাতার পর*

**কোর্স ফি—** টিউশন ফি সেমেস্টার পিছু ৬,০০০ টাকা। অ্যাডমিশনের সময় দিতে হবে ১৭,০৫০ টাকা। তরুণদের জন্য হস্টেলে থেকে পড়াশোনা করার সুবিধা রয়েছে। থাকা-খাওয়ার খরচ অতিরিক্ত।

**প্রার্থী বাছাইয়ের পদ্ধতি—** প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা (৫০ নম্বর) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ৮ জুন (রবিবার), সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে লজিক্যাল রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ক্যালকুলাস, ডেটা ইন্টারপ্রিটেশন এবং ডেটা ভিশুয়ালাইজেশন বিষয়ে। পরীক্ষা নেওয়া হবে বেলুড় মঠ ক্যাম্পাসে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের ইন্টারভিউ নেওয়া হবে ১২ থেকে ১৪ জুনের মধ্যে।

**আবেদনের পদ্ধতি—** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rkmvu.ac.in আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও মার্কশিট আপলোড করতে হবে। আবেদনের শেষ তারিখ ১৫ মে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৩০০ টাকা।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**● সেন্ট্রাল ইউনিভার্সিটি অব রাজস্থান**

পড়ানো হয় ইউনিভার্সিটির আজমের ক্যাম্পাসে। আসনসংখ্যা ৫০।

**কারা পড়বেন—** ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। এছাড়া, ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ নম্বর থাকলেই চলবে।

**প্রার্থী বাছাইয়ের পদ্ধতি—** একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষাটির নাম 'সেন্ট্রাল ইউনিভার্সিটিজ কমন এন্ট্রান্স টেস্ট-২০১৯'। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি। পরীক্ষা ২৫ মে, দুপুর ১২টা থেকে ২টো। পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১০ মে থেকে ডাউনলোড করা যাবে।

**আবেদনের পদ্ধতি—** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cucetexam.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ এপ্রিল। অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে: জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)। অনলাইন আবেদনের সময় টেস্ট পেপার কোড PGQP26 এবং প্রোগ্রাম কোড PG133 উল্লেখ করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৮০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩৫০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্ত এবং ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী পড়বেন

বিগ ডেটা অ্যানালিটিক্স-এর কোর্সটিতে পড়ানো হয় ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, ইকনমিক্স ও কম্পিউটার সায়েন্সের মতো বিষয়গুলি। সেইসঙ্গে ফিনান্স, রিটেল, ফার্মাসিউটিক্যাল সহ বিবিধ ক্ষেত্রে বিপুল ডেটাসেট সংগ্রহ ও তথ্য বিশ্লেষণের ব্যবহারিক দিকগুলিও তাঁদের জানা হয়ে যায়।

## কাজের সুযোগ

রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের কম্পিউটার সায়েন্স বিভাগের প্রধান স্বামী ধ্যানগম্যানন্দ 'কর্মক্ষেত্র'-কে জানালেন, এই মুহূর্তে শুধু তথ্যপ্রযুক্তি শিল্পেই নয়, দেশ জুড়ে ব্যাঙ্কিং, ফিনান্স, রিটেল, লজিস্টিক্স, স্বাস্থ্য, কৃষি-সহ বিভিন্ন ক্ষেত্রে পেশাদার ও প্রশিক্ষিত ডেটা অ্যানালিস্ট এবং ডেটা সায়েন্টিস্টদের চাহিদা রয়েছে। চাকরি ছাড়াও স্বাধীনভাবেও কাজ করতে পারেন তাঁরা।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞা ন বি জ্ঞা ন

## জানার জানালা

### মহাকাশে নতুন 'পালসার'



ঘন্টায় প্রায় ৪০ লক্ষ কিলোমিটার গতিবেগে ধাবমান এক নিউট্রন স্টারের সন্ধান পেলেন মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার বিজ্ঞানীরা। এই ধরনের নক্ষত্রকে 'পালসার' নামে ডাকা হয়। এই পালসারটি যে গতিবেগে ছুটছে তাতে মাত্র ছ'মিনিটে পৃথিবী থেকে চাঁদে পৌঁছে যেতে পারে। কোনও একটি বড় নক্ষত্রের বিস্ফোরণ ঘটে জন্ম হয় এদের। পালসারদের ঘনত্ব খুব বেশি হয়। 'পালসার'টির নাম রাখা হয়েছে 'পিএসআর জে০০০২ + ৬২১৬ (সংক্ষেপে জে০০০২)। নক্ষত্রটির একটি তেজস্ক্রিয় বিচ্ছুরণ ঘটাতে থাকা 'লেজ' রয়েছে। যে বৃহৎ নক্ষত্রের বিস্ফোরণ ঘটে তার জন্ম হয়েছে লেজটি সেই দিক নির্দেশ করে রয়েছে।

### বৃহত্তম টিরানোসরাস জীবাশ্ম



প্রায় তিন দশক আগে কানাডায় প্রাপ্ত 'স্কটি'-র খণ্ডিত দেহাবশেষের হাড়গুলিকে জোড়া লাগানোর পর সেটিকে টিরানোসরাস রেক্স প্রজাতির বৃহত্তম নমুনা বলে চিহ্নিত করলেন আলবেরটা বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিজ্ঞানীরা। জুরাসিক যুগে সবচেয়ে বড় মাংসাশী ডাইনোসর প্রজাতি ছিল টি-রেক্স। এখনও পর্যন্ত টি-রেক্স বা তাদের পূর্বসূরি ডাসপ্লেটোসরাস হর্নেরি (ডি হর্নেরি) ডাইনোসরদের যতগুলি জীবাশ্ম আবিষ্কৃত হয়েছে তার অধিকাংশেরই দৈর্ঘ্য ৩ থেকে ৩৫ ফুট। ১৯৯১ সালে কানাডায় আবিষ্কৃত 'স্কটি' দৈর্ঘ্যে ৪২ ফুটেরও বেশি। বিজ্ঞানীদের ধারণা বিশ্বের বৃহত্তম এই মাংসাশী ডাইনোসরের জীবিত অবস্থায় ওজন ছিল প্রায় ৮,৮০০ কিলোগ্রাম। জানা গেছে, আবিষ্কারের পরে ধীরে ধীরে হাড়ের গায়ে জমে থাকা মাটি আর বালির আস্তরণ সরাতেই দু'দশকের বেশি সময় লেগেছে জীবাশ্মবিদদের।

### প্যারিস চুক্তি অগ্রাহ্য করে বাড়ছে কার্বন নির্গমন



প্যারিস চুক্তির পরও বিশ্বে কার্বন নির্গমনের বৃদ্ধির হার কমানো যাচ্ছে না বলে দেখা গেল ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সির দেওয়া তথ্যে। শক্তির চাহিদা ও কয়লার ব্যবহার বাড়ার ফলে ২০১৮ সালে কার্বন নির্গমনের প্রবণতা রেকর্ড উচ্চতায় পৌঁছেছে। আন্তর্জাতিক শক্তি সংস্থার তথ্য বলছে, মূলত এশিয়াতেই শক্তির বেশি চাহিদার কারণে কার্বন নির্গমনের হার বেশি। বিশ্ব উষ্ণায়নের পিছনে অন্যতম দায়ী জীবাশ্ম জ্বালানি দহন এবং তার জন্য নির্গত হওয়া কার্বন। শিল্পবিপ্লব-পরবর্তী সময়ে দেখা গেছে ০.৩ ডিগ্রি তাপমাত্রা বেড়েছে শুধুমাত্র কার্বন-ডাইঅক্সাইডের জন্য। সে দিকে লক্ষ্য রেখেই স্বাক্ষরিত হয়েছিল প্যারিস চুক্তি। ২০১৩-পরবর্তী বছরগুলির মধ্যে সবচেয়ে বেশি কার্বন নির্গমন দেখা গেল ২০১৮ সালে। আগের বছরের তুলনায় ১.৭ শতাংশ বেড়ে তা হয়েছে ৬৩১ মিলিয়ন টন। তবে এত কিছুর মধ্যে একটাই আশার কথা যে, ক্রমশ কয়লার জায়গা নিতে শুরু করেছে গ্যাস। ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সির মতে, এই বদল না ঘটলে আরও অন্তত ২৫ মিলিয়ন টন কার্বন-ডাইঅক্সাইড নির্গমন বেশি হত।



● বিহু, খেলগোপী, টোবাল প্রভৃতি নৃত্য কোথাকার?
**উত্তর:** অসম

● লন্ডনে অনুষ্ঠিত কোন গোলটেবিল বৈঠকে গান্ধীজি কংগ্রেসের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন?
**উত্তর:** ১৯৩১ সালের

● ১৯৪৬ সালে গণপরিষদের সভাপতি কে ছিলেন?
**উত্তর:** ডঃ রাজেন্দ্র প্রসাদ

● বরাকর কোন নদীর উপনদী?
**উত্তর:** দামোদর

● কোন রাজ্যে সড়কের দৈর্ঘ্য সবচেয়ে বেশি?
**উত্তর:** মহারাষ্ট্র

● নিউট্রনের আবিষ্কর্তা কে?
**উত্তর:** জে স্যাডউইক

● পিতল কোন দুই ধাতুর সংকর?
**উত্তর:** তামা ও দস্তা

● প্রথম সরল অণুবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন কে?
**উত্তর:** লিউয়েন হুক

● ভারতের প্রথম প্রধানমন্ত্রী যিনি তৎকালীন ভারতীয় জাতীয় কংগ্রেসের সদস্যপদে ছিলেন না, তিনি কে?
**উত্তর:** মোরারজি দেশাই

● সংবিধান সভার সভাপতি কে ছিলেন?
**উত্তর:** রাজেন্দ্র প্রসাদ



● কলসপত্রী উদ্ভিদ (পিচার প্ল্যান্ট) কী জাতীয় উদ্ভিদ ?
**উত্তর:** ইনসেক্টিভোরাস বা পতঙ্গভুক

● ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে ছিলেন?
**উত্তর:** অ্যানি বেসান্ত

● কংগ্রেসের ত্রিপুরি অধিবেশনে সভাপতি হওয়ার জন্য সুভাষচন্দ্র কাকে পরাজিত করেছিলেন?
**উত্তর:** পট্টভি সীতারামাইয়া

● মানুষের দেহে ইউরিয়া কোথায় উৎপন্ন হয়?
**উত্তর:** বৃক্ক

● প্রাণীদেহে রাসায়নিক সমন্বয়সাধক কাকে বলে?
**উত্তর:** হরমোন

● পৃথিবীর কঠিনতম পদার্থ কোনটি?
**উত্তর:** বোরন কার্বাইড

● নিষ্ক্রিয় তেজস্ক্রিয় মৌল কোনটি?
**উত্তর:** রেডন

● কোন রোগের ওষুধ হিসেবে ইউরিয়া স্টিবামিন ব্যবহৃত হয়?
**উত্তর:** কালাজ্বর



● 'স্বরাজ আমার জন্মগত অধিকার'— কে বলেছিলেন?
**উত্তর:** বাল গঙ্গাধর তিলক

● ইতালির মুদ্রার নাম কী ?
**উত্তর:** লিরা

● 'চরক' কোন যুগের চিকিৎসক ছিলেন ?
**উত্তর:** কুষাণ যুগ

● এক অশ্বশক্তি (হর্স পাওয়ার) সমান কত ওয়াট?
**উত্তর:** ৭৩৬

● জিঙ্ক সালফাইড সাধারণত কী হিসাবে ব্যবহৃত হয়?
**উত্তর:** ইঁদুর মারার বিষ

● টাইফয়েড রোগে মানবদেহের আক্রান্ত স্থান কোনটি?
**উত্তর:** অন্ত্র

● কোন রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থা নেই?
**উত্তর:** নাগাল্যান্ড

● পেরুর রাজধানীর নাম কী ?
**উত্তর:** লিমা

● কোন রোগের ফলে মানবদেহের যকৃৎ আক্রান্ত হয়?
**উত্তর:** হেপাটাইটিস



● পশ্চিমবঙ্গের উচ্চতম শৃঙ্গ কোনটি?
**উত্তর:** সান্দাকফু

## হীরের টুকরো

### বিজ্ঞান-ভাবুক দুই কিশোরকে আমন্ত্রণ ইসরো-র



*সোহম মণ্ডল এবং অতীন্দ্রিয় আচার্য*

সোহম মণ্ডল এবং অতীন্দ্রিয় আচার্য— দুজনেই নবম শ্রেণির ছাত্র এবং বীরভূম জেলার বাসিন্দা। পড়ে অবশ্য দু'টি আলাদা স্কুলে। সোহমের স্কুল রামপুরহাট জিতেন্দ্রলাল বিদ্যাভবন। অতীন্দ্রিয় সিউড়ির বেণীমাধব ইনস্টিটিউশনের ছাত্র। সম্প্রতি এদের দুজনকেই বেঙ্গালুরুর মহাকাশ গবেষণা কেন্দ্রে আমন্ত্রণ জানিয়েছে ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। দুই ছাত্রের বিজ্ঞান বিষয়ক ভাবনা নজর কেড়েছে ইসরোর বিজ্ঞানীদের। আদিবাসী সমাজে নাচ আর গানবাজনাই যে তাঁদের ক্লান্তি দূর করার অন্যতম প্রধান উৎস, সেটাই নানা তথ্য সংগ্রহ করে দেখিয়েছে সোহম। অন্যদিকে অতীন্দ্রিয়র ভাবনা, বাড়ি তৈরির সময় চারপাশে গাছপালা লাগিয়ে ও বৃষ্টির জল সঞ্চয়ের মাধ্যমে কীভাবে পরিবেশ রক্ষার বিষয়ে নজর দেওয়া যায়। প্রথমে দুজনেই তাদের পর্যবেক্ষণের ফল জমা দিয়েছিল জেলার শিশু বিজ্ঞান কংগ্রেসে। পরে রাজ্যস্তরের প্রতিযোগিতাতেও তারা অংশগ্রহণ করে। আর এভাবেই তাদের ভাবনার কথা পৌঁছয় ইসরো কর্তৃপক্ষের কানে। এপ্রিল-মে মাসের গরমের ছুটিতে রাজ্য থেকে কেবল এই দুই ছাত্রই আমন্ত্রিত হয়ে বেঙ্গালুরু যাবে ইসরোর বিজ্ঞানীদের সঙ্গে শিক্ষামূলক আলোচনা করতে। ইতিমধ্যেই তাদের হাতে পৌঁছে গিয়েছে আমন্ত্রণপত্র।

### অলিম্পিকে সোনা প্রতিবন্ধী সুলতার



একে দরিদ্র পরিবার, তার উপর দুই কন্যাসন্তানের একজন মানসিক প্রতিবন্ধী। হুগলির জিরাট স্টেশনের কাছে হাসিমপুরে রেললাইনের ধারের বাসিন্দা অনিমা সিকদার মেয়ের দিকে তাকিয়ে চোখের জল ফেলতেন। সেই অনিমার চোখেই এখন আনন্দাশ্রু। তাঁর মানসিক প্রতিবন্ধী মেয়ে ১৮ বছরের সুলতা শুধু তাঁর মুখই উজ্জ্বল করেনি। গোটা দেশের মুখ উজ্জ্বল করে আবু ধাবিতে আয়োজিত স্পেশ্যাল অলিম্পিকে সাইক্লিংয়ের ১০ কিলোমিটার রোড রেসে সোনা জিতেছে। দিনমজুর বাবা-মায়ের সন্তান সুলতা ছোট থেকেই জিরাটের 'আস্থা ওয়েলফেয়ার সোসাইটি' নামে বিশেষ চাহিদাসম্পন্নদের একটি প্রতিষ্ঠানের শিক্ষার্থী। অভাবি মেয়েটির সাফল্যে খুশি তার স্কুল এবং প্রতিবেশীরা। হুগলিরই আরেক মেয়ে, রিষড়ার হাসি দুলে এই প্রতিযোগিতায় রুপো জিতেছে। আস্থা-র আরও এক শিক্ষার্থী তুষার মিত্র আবু ধাবির স্পেশ্যাল অলিম্পিকে ফুটবলে দেশের প্রতিনিধিত্ব করছেন।

### অঙ্ক অলিম্পিয়াডে সেরা বাংলার কিশোর



ন্যাশনাল ম্যাথমেটিক্যাল অলিম্পিয়াডে জাতীয় পুরস্কার জিতে নিল পশ্চিম মেদিনীপুরের দাসপুরের বাসিন্দা অর্ক কর্মকার। জাতীয় স্তরের এই অত্যন্ত কঠিন প্রতিযোগিতায় সফল ছাত্রছাত্রীদের যে-তালিকা প্রকাশ করা হয়েছে তাতে পঞ্চম স্থানে নাম রয়েছে অর্কর। প্রথম দশজনের মধ্যে পশ্চিমবঙ্গ থেকে একমাত্র অর্ক-র নামই রয়েছে। দাসপুরের গোপালপুর দেশবন্ধু চিত্তরঞ্জন হাইস্কুলের এই মেধাবী ছাত্রটি এ বছরই উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছে।

জাতীয় অঙ্ক অলিম্পিয়াডের আয়োজক হোমি ভাবা সেন্টার ফর সায়েন্স এডুকেশন। এই প্রতিযোগিতার তিনটি ধাপ। বিজেতারা উচ্চমাধ্যমিকের পর দেশের তিনটি শীর্ষ বিজ্ঞানচর্চা প্রতিষ্ঠান— চেন্নাই ম্যাথমেটিক্যাল ইনস্টিটিউট এবং বেঙ্গালুরু ও কলকাতার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের মধ্যে যে-কোনও একটিকে বেছে নিতে পারে উচ্চতর বিদ্যার্জনের জন্য।

ভবিষ্যতে অঙ্ক নিয়েই পড়তে চায় অর্ক। অর্ক-র বাবা সাংবাদিক। মা ও পত্রিকা সম্পাদনার সঙ্গে যুক্ত।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পেশাদারি মানসিকতা যে তোমার আছে সেটাই ইন্টারভিউয়ারকে বোঝাতে হবে



দেবজিৎ চক্রবর্তী
সিনিয়র বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার
গ্র্যাফিক এন্টারপ্রাইজেস
(আন্তর্জাতিক সংস্থা এপসন কর্পোরেশনের পূর্বভারতীয় চ্যানেল পার্টনার)

“ইন্টারভিউয়ের সময় কী পরিস্থিতি দাঁড়াবে তা অনেকটাই প্রার্থীর নিজেরই হাতে। নিজেরই তৈরি করে দেওয়া। তারই বলা কথার সূত্র ধরে ইন্টারভিউয়ার কথাবার্তা এগিয়ে নিয়ে যাবেন। অতএব কথা বলার ক্ষেত্রে সতর্ক থাকতেই হবে। অনেক কিছু জানি, এটা বোঝাতে গিয়ে অনেকে অনেক বেফাঁস কথা বলে দেয়। সেখান থেকেই তৈরি হয় আসল সমস্যা। ইন্টারভিউয়ার সেসবের উপর ভিত্তি করেই প্রশ্ন করা শুরু করেন।

তুমি যে-কাজটিকে ভালোবাসো, জীবনের শুরু থেকেই সেদিকে লক্ষ্য রেখে এগোতে পারলে সবচেয়ে ভালো। তবে সেইসঙ্গে এটাও দেখতে হবে, সেই কাজটি যাতে যথেষ্ট বাস্তবসম্মত হয়। কাজের জায়গাটা যেন পাও। যদি তোমার মিউজিক ভালো লাগে তাহলে সেটাই তোমার বিষয়। যদি ফুটবল খেলতে ভালো লাগে তাহলে সেটাও তোমার লক্ষ্য হতেই পারে। মুশকিলটা হল, বেশিরভাগ ক্ষেত্রেই এরকম কোনও অন্য স্রোতের পেশায় আমাদের যাওয়া হয়ে ওঠে না নানা সামাজিক কারণে। আমি ক্রিকেট খেলতাম। বেশ ভালো জায়গাতেই পৌঁছে গিয়েছিলাম। কিন্তু স্কুল-জীবনের শেষের দিকে আর বাড়ির অনুমতি পাওয়া গেল না। খুব মনখারাপের সময় ছিল সেটা। তারপর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়ি। একেবারে ভিন্ন রাস্তায় চলে আসি। আসলে নিশ্চিত সাফল্য এবং অর্থোপার্জনের সম্ভাবনা যেসব পেশায় আছে, নিরাপত্তার কথা ভেবে বাড়ির লোকজনও সেগুলির জন্যই উৎসাহিত করেন।

### ইন্টারভিউয়ে বেফাঁস কথা নয়

চাকরি পাওয়ার পথে একটা বড় হার্ডল ইন্টারভিউ। ইন্টারভিউয়ে নিজেকে ঠিকভাবে উপস্থাপন করাটা খুব জরুরি একটা বিষয়। সেজন্য সবার আগে নিজের কথা বলা, আচরণ, শরীরী ভাষা ইত্যাদিকে যথাযথ করার দিকে নজর দিতে হবে। ইন্টারভিউয়ে এমনভাবে কথা বলো এবং আচরণ করো যাতে সেই গুণেই তোমার বাকি অভাব ঢেকে যায়।

একটা কথা অবশ্যই মনে রাখবে, ইন্টারভিউয়ের সময় কী পরিস্থিতি দাঁড়াবে তা অনেকটাই প্রার্থীর নিজেরই হাতে। নিজেরই তৈরি করে দেওয়া। তারই বলা কথার সূত্র ধরে ইন্টারভিউয়ার কথাবার্তা এগিয়ে নিয়ে যাবেন। অতএব কথা বলার ক্ষেত্রে সতর্ক থাকতেই হবে। অনেক কিছু জানি, এটা বোঝাতে গিয়ে অনেকে অনেক বেফাঁস কথা বলে দেয়। সেখান থেকেই তৈরি হয় আসল সমস্যা। ইন্টারভিউয়ার সেসবের উপর ভিত্তি করেই প্রশ্ন করা শুরু করেন।

জীবনের প্রথম ইন্টারভিউ দিতে গিয়ে আমি এতটাই ঘাবড়ে গিয়েছিলাম যে খুব সহজ এবং জানা প্রশ্নের উত্তর দিতে পারিনি। তবে স্পোর্টসম্যান স্পিরিট ছোট থেকেই ছিল, তাই প্রাথমিক ধাক্কা কাটিয়ে উঠে এগোতে বেশি সময় লাগেনি। এই ধরনের নানারকম বাধা-বিপত্তি বারবার সামনে আসতেই থাকবে। নিজের মন ও বুদ্ধির জোরে সেসবের পাশ কাটিয়ে চলে যেতে হবে।



### তোমার পরিস্থিতিতে অনেকেই আছে

প্রতিদিন অসংখ্য ছেলেমেয়ে এই ধরনের সমস্যার মধ্য দিয়ে যাচ্ছে। বেশিরভাগ ক্ষেত্রেই কিছু করার থাকে না। পড়াশোনা-চাকরি-ভবিষ্যৎ— এইরকম একটা সিস্টেমের মধ্যে ঢুকে পড়লে তার থেকে বেরোনো মুশকিল। তবে পরে, নিজের পায়ের তলার মাটি শক্ত হয়ে গেলে, নিজের মতো করে চেষ্টা তো করা যেতেই পারে। যদিও অপছন্দের বিষয়, কাজ, চাকরি ইত্যাদির সঙ্গে প্রাথমিকভাবে মানিয়ে নেওয়ার কাজটাও কম কঠিন নয়। বয়স অল্প থাকায় মানিয়ে নিতে আরও অসুবিধা হয়। কিন্তু নিজেকে এই বলে বোঝাতে হবে যে, এই সব কিছু একা তোমার সঙ্গেই ঘটছে না। তাই তোমার সামনে এমন কোনও বাধা বা অবস্থা তৈরি হয়নি, যা অতিক্রম করা যায় না।

### ইন্টারভিউয়ে খেয়াল রাখো

- ✓ পেশাদারি মানসিকতা যে তোমার আছে সেটা ইন্টারভিউয়ারকে বোঝাতে হবে
- ✓ ইন্টারভিউয়ারের সঙ্গে তর্কে জড়িয়ে পড়লে চলবে না
- ✓ আধভাঙা উত্তর দিয়ে কাজ চালানোর চেষ্টা চলবে না।

ব্যক্তিগত জীবনে তুমি শৃঙ্খলাপরায়ণ কি না অথবা কী তোমাকে অনুপ্রাণিত করে, এ জাতীয় প্রশ্নও ইন্টারভিউয়ে অনেক সময় আসে। এই ধরনের প্রশ্নের উত্তরে শুধু হ্যাঁ বা না বলা মানেই একসঙ্গে অনেক নম্বর কাটা। তোমাকে বলতে হবে কীভাবে তুমি নিয়মানুবর্তিতা ও শৃঙ্খলা মেনে চলো। ধরা যাক, তুমি অনুপ্রেরণা পাও কোনও গান শুনলে বা পরিবারের কারও সান্নিধ্যে। সেখানেও শুধু নামোল্লেখ করলে চলবে না, কেন জানাতে হবে। তবেই তোমার উত্তর সম্পূর্ণ হবে।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher ,Kolkata, Delhi, Vizag
Profile: Join aviation to secure your future PS Aviation academy offers different courses for the elegable students, Qualification minimum 12th Pass. Age limit -18 to 28. Male female both can apply. After completion of the course we provide them 100% placement in aviation sector. Contact no-8240117926/ 9007421048. mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword.

abc
Company: ABC HOME PAINTS
Position Title: Agency Manager
Experience, Location: Any Experience, Kolkata
Profile: ABC HOME PAINTS company is hiring "Agency Manager" for entire West Bengal ( District Wise) Qualification - Min 12 th Pass & above. Basic knowledge about mathematic Calculation. Income opportunity Up to Rs. 60,000/- per Month. For more details Contact us - www.abchomepaints.com or, Call us @ 9874440217/ 8637898843 or Drop Your Application: info.abchomepaintsofficial@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Narayan
Company: Narayan Industries
Position Title: Factory Manager/ Production Manager & Shop Floor Supervisor
Experience, Location: 10-15 years, Kolkata
Profile: We are a steel fabrication company, urgently looking for 2 position. Production Manager & Shop Floor Supervisor. Interested Candidates should have good managerial capability & technical back ground. Salary as per industry experience & market standard. Please send CV's at aditundra@gmail.com or call 9433044453 (between 11 AM-5PM)
To apply for this job, log on to www.shine.com

Electrobrain Modern Technologies Pvt Ltd
Company: Electrobrain Modern Technologies Pvt. Ltd.
Position Title: Sales Manager
Experience, Location: 3 to 8 Yrs, Kolkata
Profile: Candidate need to provide analysis and support for the Global Sales Team and help proactively identify trends and insights to drive stronger decision making around profitable sales growth and margin mix improvement.Oversee the standardization and distribution of weekly sales reporting, order entry information, and understanding of current order booking positions.
To apply for this job, log on to www.shine.com and search using 9722438 as keyword.

IndiaMart InterMesh Ltd
Company: IndiaMart Intermesh Ltd
Position Title: Sales Executive
Experience, Location: 0-5 years, Kolkata
Profile: We are hiring for Sr Exec/Assistant Manager profile for Kolkata. To generate leads from given database and initiate the sales process. To penetrate all targeted accounts and originate sales opportunities for the company's products and services.
To apply for this job, log on to www.shine.com and search using 9719897 as keyword.

Aditya Birla Management Corporation Pvt. Ltd
Company: Aditya Birla Management Corporation Pvt. Ltd
Position Title: Sales Representative
Experience, Location: 1-6 years, Kolkata
Profile: We are looking for Sales Representatives who will be in the third party rolls on behalf of UltraTech Cement Limited for its White Cement Division Birla White. The candidate should be Graduate with 1 year experience. Freshers who are energetic and keen to make career in Sales in the Building Materials industry can also be considered.
To apply for this job, log on to www.shine.com and search using 9719937 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine. Great careers start here

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. হিমালয়ের 2000 মিটার থেকে 8000 মিটার উচ্চতায় কোন ধরনের স্বাভাবিক উদ্ভিদ জন্মায়?
(a) চিরহরিৎ বৃক্ষ (b) পর্ণমোচী বৃক্ষ (c) সরলবর্গীয় বৃক্ষ (d) এগুলির কোনওটিই নয়
2. কত সালে 'কোল বিদ্রোহ' হয়?
(a) 1783 সালে (b) 1855 সালে (c) 1832 সালে (d) এগুলির কোনওটিই নয়
3. কোন গুপ্ত সম্রাট 'ভারতের রক্ষাকারী' নামে খ্যাত?
(a) সমুদ্রগুপ্ত (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) শ্রীগুপ্ত (d) স্কন্দগুপ্ত
4. 'পাণ্ডব গোয়েন্দা'-র স্রষ্টা কে?
(a) ষষ্ঠীপদ চট্টোপাধ্যায় (b) সুনীল গঙ্গোপাধ্যায় (c) সত্যজিৎ রায় (d) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
5. 'মানুষের ধর্ম' বইটি কার লেখা?
(a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) অরবিন্দ ঘোষ (d) নজরুল ইসলাম
6. ভারত প্রথম কত সালে অলিম্পিক ফুটবলে অংশগ্রহণ করে?
(a) 1928 সালে (b) 1948 সালে (c) 1960 সালে (d) 1964 সালে
7. 'কোমল গান্ধার' চলচ্চিত্রের পরিচালক কে?
(a) মৃণাল সেন (b) গৌতম ঘোষ (c) তপন সিনহা (d) ঋত্বিক ঘটক
8. সংবিধানে কোন রাজ্য উপজাতি উন্নয়নের জন্য মন্ত্রী রাখতে বাধ্য নয়?
(a) উত্তরপ্রদেশ (b) ত্রিপুরা (c) ওড়িশা (d) মিজোরাম
9. মিথেনে H–C–H বন্ধন কোণের মান কত?
(a) 85 ডিগ্রি (b) 100 ডিগ্রি (c) 109 ডিগ্রি (d) 127 ডিগ্রি
10. ফেল্‌স্পার (Felsper) কোন ধাতুর আকরিক?
(a) লৌহ (b) অ্যালুমিনিয়াম (c) ম্যাগনেশিয়াম (d) জিঙ্ক
11. হৃৎপিণ্ডের পেশিকে কী বলে?
(a) মায়োকার্ডিয়াম (b) পেরিকার্ডিয়াম (c) ভিসেরাল (d) পেরিটোনিয়াল
12. একটি বস্তুর প্রাথমিক বেগ 100 সেন্টিমিটার/সেকেন্ড এবং ত্বরণ 5 সেন্টিমিটার/সেকেন্ড² হলে 1/4 মিনিটে বস্তুটির শেষ বেগ কত হবে?
(a) 25 সেন্টিমিটার/সেকেন্ড (b) 75 সেন্টিমিটার/সেকেন্ড (c) 120 সেন্টিমিটার/সেকেন্ড (d) 175 সেন্টিমিটার/সেকেন্ড
13. তানপুরার তারের সংখ্যা ক'টি?
(a) 4টি (b) 6টি (c) 8টি (d) 3টি
14. সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে 'সমানাধিকার' ভারতের সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত হয়েছে?
(a) 14 (b) 16 (c) 18 (d) 21
15. কত সালে পশ্চিমবঙ্গের 24 পরগনা জেলাটি উত্তর 24 পরগনা ও দক্ষিণ 24 পরগনা নামে দু'টি জেলায় বিভক্ত হয়েছে?
(a) 1986 সালে (b) 1990 সালে (c) 1994 সালে (d) 1993 সালে
16. 'তলোয়ার' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) লালা লাজপত রায় (b) ভগৎ সিং (c) বিপিনচন্দ্র পাল (d) বিনায়ক দামোদর সাভারকার
17. 'ফিলোজফিক জুলজিক' (Philosophic Zoologique) গ্রন্থটি কার লেখা?
(a) ল্যামার্ক (b) ডারউইন (c) দ্য ভ্রিস (d) মেন্ডেল
18. পিতা-মাতার রক্তের গ্রুপ A × AB হলে সন্তানের রক্তের গ্রুপ হওয়া সম্ভব নয়।
(a) A (b) AB (c) O (d) B
19. অলিম্পিক গেমসে যে রুপোর পদক দেওয়া হয় তাতে বিশুদ্ধ রুপোর শতকরা হার কত?
(a) 89 শতাংশ (b) 93.5 শতাংশ (c) 99 শতাংশ (d) 92.5 শতাংশ
20. প্রতি ডিগ্রি সেলসিয়াস উষ্ণতা বৃদ্ধির জন্য শব্দের বেগ কত বেড়ে যায়?
(a) 0.61 মিটার/সেকেন্ড (b) 0.52 মিটার/সেকেন্ড (c) 0.82 মিটার/সেকেন্ড (d) এগুলির কোনওটিই নয়
21. 'বিশ্বব্যাপী জলাভূমি দিবস' পালিত হয় কোন দিন?
(a) 19 জানুয়ারি (b) 2 ফেব্রুয়ারি (c) 23 ফেব্রুয়ারি (d) 17 মার্চ
22. প্রথম লোকসভায় নারী সাংসদ কতজন ছিলেন?
(a) 15 জন (b) 22 জন (c) 40 জন (d) একজনও নয়
23. সড়ক যোগাযোগ ব্যবস্থায় বিশ্বে ভারতের স্থান কততম?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
24. কেবলমাত্র মহিলাদের জন্য প্রকাশিত প্রথম মাসিক পত্রিকা কোনটি?
(a) বঙ্গদর্শন (b) দিগদর্শন পত্রিকা (c) সংবাদ প্রভাকর (d) বামাবোধিনী পত্রিকা
25. ভারতের সমস্ত মুদ্রার মধ্যে এক টাকার মুদ্রা কতটা স্থান অধিকার করে আছে?
(a) 2 শতাংশ (b) 2.2 শতাংশ (c) 2.6 শতাংশ (d) 1.2 শতাংশ
26. জলের স্থায়ী খরতা কার উপস্থিতিতে হয়?
(a) ক্যালশিয়াম সালফেট (b) ম্যাগনেশিয়াম বাই কার্বনেট (c) সোডিয়াম বাই কার্বনেট (d) ক্যালশিয়াম কার্বনেট
27. নীচের যৌগগুলির মধ্যে কোনটি তড়িৎ-অবিশ্লেষ্য পদার্থ?
(a) গ্লিসারিন (b) সালফিউরিক অ্যাসিড (c) হাইড্রোক্লোরিক অ্যাসিড (d) সোডিয়াম ক্লোরাইড
28. সালিশি বোর্ড কত টাকা পর্যন্ত দেওয়ানি মামলার বিচার করতে পারবে?
(a) 1 কোটি টাকা (b) 10 লক্ষ টাকা (c) 5 লক্ষ টাকা (d) 1 লক্ষ টাকা
29. রাজ্য পুনর্গঠন আইন-1956 কততম সংবিধান সংশোধনীর মাধ্যমে পাশ হয়?
(a) ষষ্ঠ (b) সপ্তম (c) অষ্টম (d) নবম
30. কোথাকার নটরাজ মূর্তি চোল শিল্পের অন্যতম দৃষ্টান্ত?
(a) ইলোরা (b) তাঞ্জোর (c) মাদুরাই (d) কাঞ্চিপুরম
31. 'প্রেইরি' বনাঞ্চল কোথায় দেখতে পাওয়া যায়?
(a) চিন (b) রাশিয়া (c) ইউরোপ (d) উত্তর আমেরিকা
32. 'অল ইন্ডিয়া রেডিও'-র নাম আকাশবাণী হয় কত সালে?
(a) 1947 সালে (b) 1950 সালে (c) 1958 সালে (d) 1957 সালে
33. কালাজ্বরের ওষুধ তৈরিতে কোন জৈব যৌগ ব্যবহৃত হয়?
(a) ইউরিয়া (b) ফেনল (c) বেঞ্জিন (d) গ্লিসারল

এরপর উনিশের পাতায়

### সমাধান

**অঙ্কের**

1(a): খেজুরের পরিমাণ = x gm
কাজুর পরিমাণ = (700 – x) g, $(700 - x) \times 192 + x \times 224 = 144 \times 1000$
$32x = 14400 - 134400 = 9600 \Rightarrow x = 300g$.

2(c): PQ = 3.73 cm, QR = 3.732 cm
PR = 3.731 cm
QR বৃহত্তম বাহু
তার বিপরীত কোণ বৃহত্তম কোণ হবে
∠P বৃহত্তম কোণ।




3(b): তৃতীয় সংখ্যা = 8x যেখানে x একটি মৌলিক সংখ্যা
$24 = 8 \times 3, 56 = 8 \times 7, 8x = 8 \times x$
এদের ল.সা.গু. $= 8 \times 3 \times 7 \times x = 1848$
$\Rightarrow x = \frac{1848}{8 \times 3 \times 7} = 11$
তৃতীয় সংখ্যা $= 8x = 8 \times 11 = 88$.

4(b): $s = r\theta$, θ রেডিয়ানে, $r_1 \times 60 \times \frac{\pi}{180} = r_2 \times 75 \times \frac{\pi}{180}$
$\frac{r_1}{r_2} = \frac{75}{60} = 5:4$.

5(d): $\tan 9^\circ \tan 27^\circ \tan 45^\circ \tan 63^\circ \tan 81^\circ$
$= \tan 9^\circ \times \tan 27^\circ \times 1 \times \tan(90^\circ - 27^\circ) \times \tan(90^\circ - 9^\circ)$
$= \tan 9^\circ \times \tan 27^\circ \times \cot 27^\circ \times \cot 9^\circ = (\tan 9^\circ \times \cot 9^\circ) \times (\tan 27^\circ \times \cot 27^\circ) = 1 \times 1 = 1$.

7(b): $\tan 30^\circ = \frac{OB}{OA}$
$\frac{1}{\sqrt{3}} = \frac{48}{x} \Rightarrow x = 48\sqrt{3}$ ft




8(c): $\sec\theta = \frac{AB}{AO} = \frac{17}{8}$
$BO^2 = AB^2 - AO^2$
$= 17^2 - 8^2 = 289 - 64 = 225$
$BO = 15, \operatorname{cosec}\theta = \frac{AB}{BO} = \frac{17}{15}$




এরপর একুশের পাতায়

## পলিটেকনিকের প্রবেশিকা

# জেক্সপো

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

### পদার্থবিদ্যা ও রসায়ন

19. স্থির অবস্থায় একট বস্তুর ওপর বল প্রয়োগ সমত্বরণে চলে 12s সময়ে 96 $cm.s^{-1}$ বেগ অর্জন করে। সমত্বরণের মান ($cm.s^{-2}$ এককে):
(a) 2 (b) 4 (c) 6 (d) 8
20. উষ্ণতা বৃদ্ধিতে দ্রাব্যতা বৃদ্ধি পায় যে পদার্থের ক্ষেত্রে, সেটি হল:
(a) NaCl (b) $CaSO_4$ (c) $KNO_3$ (d) $Ca(OH)_2$
21. $CH_4 + Cl_2 = CH_3Cl + HCl$ —এটি একটি:
(a) বিনিময় বিক্রিয়া (b) প্রত্যক্ষ সংযোগ বিক্রিয়া (c) পুনর্গঠন বিক্রিয়া (d) প্রতিস্থাপন বিক্রিয়া
22. গাঢ় HCl থেকে $Cl_2$ গ্যাস প্রস্তুতিতে $MnO_2$-এর ভূমিকা:
(a) জারকরূপে (b) বিজারকরূপে (c) ধনাত্মক অনুঘটকরূপে (d) ঋণাত্মক অনুঘটকরূপে
23. লেড নাইট্রেটের জলীয় দ্রবণে $H_2S$ চালনা করলে যে রঙের অধঃক্ষেপ পড়ে তা হল:
(a) সাদা (b) কালো (c) বাদামি (d) হলুদ
24. কাপড় কাচা সোডাতে কেলাস জলের সংখ্যা:
(a) 5 (b) 8 (c) 9 (d) 10
25. ন্যাপথলিনের রাসায়নিক সংকেত হল:
(a) $C_{10}H_8$ (b) $C_8H_6$ (c) $C_6H_6$ (d) $C_{10}H_{12}$

**উত্তর**

পদার্থবিদ্যা ও রসায়ন: 19(d), 20(c), 21(c), 22(a), 23(b), 24(d), 25(a).

# রাজ্য পুলিশে ৮৪১৯ কনস্টেবল

## নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ক্ষমতার মাত্রা হল:
(a) $[ML^{-1}T^{-1}]$ (b) $[M^0LT^{-1}]$ (c) $[MLT^{-2}]$ (d) $[ML^2T^{-3}]$
2. সরণ ও অতিক্রান্ত দূরত্বের অনুপাত:
(a) সর্বদা = 1 (b) সর্বদা ≥ 1 (c) কখনও < 1 আবার কখনও = 1 (d) সর্বদা ≤ 1
3. একটি গতিশীল বস্তুকণার অতিক্রান্ত দূরত্ব যাত্রাপথের সময়ের বর্গের সমানুপাতিক। ওই অবস্থায় বস্তুর ত্বরণ:
(a) ধ্রুবক (b) হ্রাস পাচ্ছে (c) শূন্য (d) বৃদ্ধি পাচ্ছে
4. ফ্যাদোমিটার যন্ত্র দ্বারা নির্ণয় করা হয়:
(a) ভূ-কম্পন (b) সমুদ্রের গভীরতা (c) শব্দের তীক্ষ্ণতা (d) বাত পতাকার বেগ
5. উজ্জ্বলতম কৃত্রিম আলোর উৎস:
(a) নিওন উৎস (b) হিলিয়াম উৎস (c) লেসার উৎস (d) হ্যালোজেন উৎস
6. নিরক্ষরেখা থেকে মেরুর দিকে গেলে 'g'-এর মান:
(a) বাড়ে (b) কমে (c) একই থাকে (d) 45° অক্ষাংশ পর্যন্ত বাড়ে
7. নততলের কোণ ছোটো হলে যান্ত্রিক সুবিধার কী পরিবর্তন ঘটে?
(a) একই থাকে (b) কোণের ওপর নির্ভরশীল নয় (c) বাড়ে (d) কমে
8. জাহাজের ক্যাপস্টান কোন শ্রেণির লিভার?
(a) দ্বিতীয় শ্রেণি (b) তৃতীয় শ্রেণি (c) প্রথম শ্রেণি (d) চক্র ও অক্ষদণ্ড
9. 1 গ্রাম পদার্থের তুল্য শক্তি:
(a) $3 \times 10^{10}$ জুল (b) $9 \times 10^{20}$ জুল (c) $9 \times 10^{13}$ জুল (d) $9 \times 10^{13}$ আর্গ
10. অ্যালকোহল যৌগের কার্যকর মূলক হল:
(a) –CHO (b) –OH (c) $-NH_2$ (d) – O –
11. স্পর্শ পদ্ধতিতে সালফিউরিক অ্যাসিড প্রস্তুতিতে ব্যবহৃত অনুঘটক হল:
(a) নিকেল (b) প্ল্যাটিনাম (c) $Al_2O_3$ (d) $V_2O_5$
12. STP-তে 44.8 লিটার নাইট্রোজেনের মোল সংখ্যা:
(a) 4 (b) 3 (c) 2 (d) 1
13. তৈলচিত্র পুরনো হলে কালো হয়ে যায় যে যৌগের জন্য তা হল:
(a) তামার যৌগ (b) সীসার যৌগ (c) ক্যালশিয়াম যৌগ (d) ম্যাগনেশিয়ামের যৌগ
14. তড়িৎ-বিশ্লেষ্য পদার্থ নয়, কিন্তু পরিবাহী:
(a) NaCl (b) $CHCl_3$ (c) Hg (d) $CuSO_4$
15. প্রাকৃতিক গ্যাসে মিথেন থাকে:
(a) 85% (b) 25% (c) 35% (d) 65%
16. ক্লোরোপিকরিনের গ্যাসের সংকেত হল:
(a) $CH_3NH_2$ (b) $CCl_3NO_2$ (c) $CH_3NO_2$ (d) $CHCl_3$
17. কার্বনের তেজস্ক্রিয় সমস্থানিক হল:
(a) $_6C^{13}$ (b) $_6C^{12}$ (c) $_6C^{14}$ (d) কোনওটিই নয়
18. সোডা অ্যাশের সংকেত কী?
(a) $ZnSO_4, 7H_2O$ (b) $Ca(OH)_2$ (c) $Na_2CO_3, 10H_2O$ (d) $2CaSO_4, H_2O$
19. একটি যুগ্ম লবণ হল:
(a) খাদ্য লবণ (b) তুঁতে (c) গ্লবার লবণ (d) মোর লবণ
20. একটি বিষাক্ত বিজারক পদার্থ হল:
(a) CO (b) Zn (c) $H_2$ (d) $NH_3$
21. অ্যাসিটিক অ্যাসিডের ক্ষারগ্রাহিতা:
(a) 4 (b) 2 (c) 3 (d) 1
22. একটি পরমাণুর ইলেকট্রন বিন্যাস $K^2L^2$ এবং পরমাণুটিতে 10টি নিউট্রন থাকলে, তার ভরসংখ্যা হল:
(a) 28 (b) 10 (c) 19 (d) 9
23. অস্থিকলার আবরণকে বলা হয়:
(a) পেরিঅস্টিয়াম (b) পেরিটোনিয়াম (c) পেরিস্টোলসিস (d) পেরিকার্ডিয়াম
24. কেঁচোর গমন পদ্ধতির নাম হল:
(a) ক্রিপিং (b) লুপিং (c) ফ্লাইং (d) গ্লাইডিং
25. কোন শিরাতে অক্সিজেনযুক্ত রক্ত পরিবাহিত হয়?
(a) রেনাল শিরা (b) ফুসফুসীয় শিরা (c) নিম্ন মহাশিরা (d) ঊর্ধ্ব মহাশিরা
26. বাহ্যিক উদ্দীপকের গতিপথ অনুসারে উদ্ভিদ অঙ্গের চলনকে বলে:
(a) স্বতঃস্ফূর্ত চলন (b) ন্যাস্টিক চলন (c) ট্রপিক চলন (d) ট্যাকটিক চলন
27. উদ্ভিদ অঙ্গে নিকটিন্যাস্টি চলন লক্ষ করা যায়:
(a) তাপের প্রভাবে (b) আলো ও উষ্ণতার প্রভাবে (c) আলোর প্রভাবে (d) স্পর্শের প্রভাবে
28. কোনও রাসায়নিক বস্তুর প্রভাবে উদ্ভিদ অঙ্গের বক্রচলনকে বলে:
(a) সিসমোন্যাস্টি (b) ফটোন্যাস্টি (c) থার্মোন্যাস্টি (d) কেমোন্যাস্টি
29. শক্তির পিরামিডে শীর্ষ পুষ্টিস্তরের শক্তির পরিমাণ:
(a) সবথেকে বেশি (b) সবথেকে কম (c) a এবং b দু'টোই (d) কোনওটিই নয়
30. একটি কর্কর খাদ্যশৃঙ্খল শুরু হয়:
(a) খাদক থেকে (b) বিয়োজক থেকে (c) মৃতজীবী থেকে (d) উৎপাদক থেকে
31. ভারতের কোথায় ডিজেলচালিত লোকোমোটিভ ইঞ্জিন তৈরি হয়?
(a) পাঞ্জাব (b) ছোটনাগপুর (c) বারাণসী (d) কেরল
32. কোন গুপ্ত রাজার আমলে নালন্দা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়?
(a) সমুদ্রগুপ্ত (b) শ্রীগুপ্ত (c) কুমারগুপ্ত (d) দ্বিতীয় চন্দ্রগুপ্ত
33. ছত্রাকের কবল থেকে খাদ্যশস্যকে রক্ষা করার সহজতম পদ্ধতি কী?
(a) বাষ্পস্নান করা (b) সেদ্ধ করা (c) কীটনাশক স্প্রে করা (d) সূর্যের আলোয় শুকিয়ে নেওয়া
34. কোন রাজ্যে ভাতিন্ডা, রূপনগর তাপবিদ্যুৎ কেন্দ্র অবস্থিত?
(a) দিল্লি (b) রাজস্থান (c) পাঞ্জাব (d) হরিয়ানা
35. দাক্ষিণাত্যের মালভূমি প্রাথমিকভাবে কোন শিলা দ্বারা গঠিত হয়?
(a) ব্যাসল্ট (b) কাদাপাথর (c) চুনাপাথর (d) গ্রানাইট

এরপর কুড়ির পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আঠারোর পাতার পর

34. যৌগিক অণুবীক্ষণ যন্ত্র কে আবিষ্কার করেন?
(a) রবার্ট হুক (b) লিউয়েন হুক (c) জ্যানসেন ভ্রাতৃদ্বয় (d) ভুজারডিন
35. 'আত্মীয়সভা' কে প্রতিষ্ঠা করেন?
(a) রাজা রামমোহন রায় (b) স্বামী দয়ানন্দ সরস্বতী (c) স্বামী বিবেকানন্দ (d) অরবিন্দ ঘোষ
36. নীচের কোনটি পুঞ্জীভূত ফল?
(a) আনারস (b) আতা (c) ডুমুর (d) কাঁঠাল
37. কোন খেলার জন্য 'ইন্দিরা গান্ধী গোল্ড কাপ' পুরস্কার দেওয়া হয়?
(a) মহিলা হকি (b) মহিলা ফুটবল (c) মহিলা বাস্কেটবল (d) মহিলা ব্যাডমিন্টন
38. নীচের কোন যৌগ একটি জৈব সার?
(a) $Na_2SO_4$ (b) $(NH_4)_2SO_4$ (c) $Ca(HPO_4)_2$ (d) কোনওটিই নয়
39. সত্যজিৎ রায়ের 'চারুলতা' কোন গল্প অবলম্বনে নির্মিত?
(a) ঘরে-বাইরে (b) নষ্টনীড় (c) চোখের বালি (d) চতুরঙ্গ
40. আসকর রেঞ্জ গঠিত হয়:
(a) সামুদ্রিক অবক্ষেপ দ্বারা (b) হ্রদজাত অবক্ষেপ দ্বারা (c) রূপান্তরিত শিলা দ্বারা (d) এগুলির কোনওটিই নয়
41. আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের সর্বোচ্চ চূড়া 'স্যাডল পিক' কোন স্থানে অবস্থিত?
(a) গ্রেট নিকোবর (b) সুমাত্রা (c) উত্তর আন্দামান (d) সুন্দর
42. নীচের কোন উপাদানটি কেবলমাত্র RNA-তে থাকে?
(a) অ্যাডেনিন (b) গুয়ানিন (c) ইউরাসিল (d) সাইটোসিন
43. 'সারে জাঁহাসে আচ্ছা' গানটির রচয়িতা কে?
(a) গালিব (b) ইকবাল (c) কাইফি আজমি (d) সাহির লুধিয়ানভি
44. সমুদ্রতলবরাবর পৃথিবীপৃষ্ঠে গড় বায়ুচাপ হল:
(a) 1013.25 mb (b) 1000.12 mb (c) 1080 mb (d) 1025 mb
45. কে ইকতা প্রথার বিলোপ ঘটান?
(a) বলবন (b) মহম্মদ বিন তুঘলক (c) ইলতুৎমিস (d) আলাউদ্দিন খলজি
46. কোন খেলার প্রতীক হীরনুমান?
(a) মুষ্টিযুদ্ধ (b) কুস্তি (c) রাগবি (d) তিরন্দাজি
47. ভারতের প্রথম Acting প্রধানমন্ত্রী কে হন?
(a) লাল বাহাদুর শাস্ত্রী (b) ভি পি সিং (c) চরণ সিং (d) গুলজারি লাল নন্দ
48. স্যান্ডউইচ দ্বীপটি কোন মহাসাগরে অবস্থিত?
(a) প্রশান্ত (b) আটলান্টিক (c) ভারত (d) এর কোনওটিই নয়
49. পণ্ডিত বিষ্ণু দিগম্বর পালুসকর কোন ঘরানার শিল্পী?
(a) গোয়ালিয়র (b) আগ্রা (c) কিরানা (d) বেনারস
50. নীচের নদীগুলির মধ্যে কোনটি পশ্চিম বাহিনী?
(a) কৃষ্ণা (b) গোদাবরী (c) নর্মদা (d) কাবেরী
51. দাক্ষিণাত্যের মালভূমির উচ্চতম শৃঙ্গের নাম কী?
(a) গুরুশিখর (b) নীলগিরি (c) আনাইমুদি (d) ধুপগড়
52. কত সালে আমেরিকায় স্বাধীনতা যুদ্ধ হয়েছিল?
(a) 1776 সালে (b) 1785 সালে (c) 1755 সালে (d) 1778 সালে
53. পণ্ডিত রবিশঙ্করের নাম নীচের কোন বাদ্যযন্ত্রের সঙ্গে জড়িত?
(a) সরোদ (b) সেতার (c) বেহালা (d) বীণা
54. 'গুড আর্থ'-এর লেখক কে?
(a) লুই ফিশার (b) ইভান টার্গেনেভ (c) এরিক সেহগল (d) পার্ল এস বাক
55. 'পৃথিবীর রুটির ঝুড়ি' বলা হয় কোন অঞ্চলকে?
(a) আমেরিকা যুক্তরাষ্ট্রের লোহিত নদীর উপত্যকাকে (b) চিনের হোয়াংহো নদীর উপত্যকাকে (c) ফ্রান্সের প্যারিস অববাহিকাকে (d) এগুলির কোনওটিই নয়
56. 'ইন্ডিয়ান সিভিল সার্ভিস' চালু করেন কে?
(a) লর্ড ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ক্লাইভ (c) লর্ড কর্নওয়ালিশ (d) লর্ড লিটন
57. ফরট্রান শব্দটি কার সঙ্গে যুক্ত?
(a) মেডিসিন (b) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (c) কম্পিউটার সায়েন্স (d) বায়োটেকনোলজি
58. নীচের কোন দু'টি সাগরকে পানামা খাল যুক্ত করেছে?
(a) ভূমধ্যসাগর ও লোহিত সাগর (b) আটলান্টিক মহাসাগর ও প্রশান্ত মহাসাগর (c) ভূমধ্যসাগর ও আটলান্টিক সাগর (d) প্রশান্ত মহাসাগর ও ভূমধ্যসাগর
59. জামশেদপুর কোন নদীর তীরে অবস্থিত?
(a) নর্মদা (b) গঙ্গা (c) সুবর্ণরেখা (d) তিস্তা
60. 'Acc' শব্দটি কার সঙ্গে যুক্ত?
(a) লন টেনিস (b) ক্রিকেট (c) ব্যাডমিন্টন (d) গল্ফ
61. ঋগ্বেদের আমলে আর্যরা কোন দেবতার উপাসনা করতেন?
(a) ইন্দ্র (b) অগ্নি (c) মরুৎ (d) শিব
62. সর্বাপেক্ষা নমনীয় ধাতুর নাম কী?
(a) রুপো (b) সোডিয়াম (c) তামা (d) সোনা
63. কোনটি মৌলিক অধিকার নয়?
(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) স্বাধীনভাবে ধর্মাচরণের অধিকার (d) সম্পত্তির অধিকার
64. নন্দবংশের প্রতিষ্ঠাতা কে?
(a) মহাপদ্ম নন্দ (b) ধননন্দ (c) অশোক নন্দ (d) এঁদের কেউই নন
65. রাষ্ট্রপতি নির্বাচিত হন একটি নির্বাচক সংস্থার সদস্যগণের দ্বারা যাঁরা:
(a) লোকসভা ও রাজ্যসভার সদস্য (b) লোকসভার নির্বাচিত সদস্য (c) লোকসভা, রাজ্যসভা ও রাজ্য বিধানসভার নির্বাচিত সদস্য (d) লোকসভা ও রাজ্য বিধানসভার সদস্য
66. নীচের গ্যাসের মধ্যে কোনটি আম্লিক গ্যাস?
(a) কার্বন ডাইঅক্সাইড (b) সালফার ডাইঅক্সাইড (c) হাইড্রোজেন পারক্সাইড (d) নাইট্রাস অক্সাইড
67. চিকিৎসক চরক কোন রাজার সভায় চিকিৎসক ছিলেন?
(a) কণিষ্ক (b) চন্দ্রগুপ্ত মৌর্য (c) অশোক (d) হর্ষবর্ধন
68. $E = mc^2$ আইনস্টাইনের এই বিখ্যাত সূত্রে 'c' নির্দেশ করে:
(a) শক্তি (b) আলোর গতিবেগ (c) ভর (d) শব্দের গতিবেগ
69. অনূর্ধ্ব আঠারো মহিলা এশিয়া হকিতে ভারতের স্থান কততম?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
70. জ্ঞানপীঠ পুরস্কার-2010 কে পেলেন?
(a) অমরকান্ত (b) শ্রীলাল শুক্লা (c) চন্দ্রশেখর কম্বর (d) অখলাক খান শাহরায়ার
71. চালের দাম প্রতি বছর 10% করে বৃদ্ধি পায়, চালের বর্তমান মূল্য কুইন্টাল প্রতি 1.936 টাকা। 2 বছর আগে প্রতি কুইন্টাল চালের মূল্য কত ছিল?
(a) 1500 টাকা (b) 1580 টাকা (c) 1600 টাকা (d) 1640 টাকা
72. একটি নল দ্বারা একটি জলাধার 15 মিনিটে পূর্ণ হয় এবং অপর একটি নল দ্বারা ওই জলাধার 20 মিনিটে নিঃশেষ হয়। জলাধারটি অর্ধজলপূর্ণ অবস্থায় দু'টি নল একসঙ্গে খোলা হলে জলাধারটি জলপূর্ণ হতে কত সময় নেবে?
(a) 30 মিনিট (b) 32 মিনিট (c) 36 মিনিট (d) 40 মিনিট
73. দু'টি ক্রমিক ধনাত্মক পূর্ণসংখ্যার বর্গের বিয়োগফল 81, বৃহত্তর সংখ্যাটি কত?
(a) 30 (b) 40 (c) 41 (d) 42
74. কিছু টাকা সরল সুদে বিনিয়োগ করলে 20 বছরে সুদে-আসলে দ্বিগুণ হয়। বাৎসরিক সুদের হার কত?
(a) 10% (b) 8% (c) 6% (d) 5%
75. একটি ক্লাবের প্রতিটি সদস্য কোনও ত্রাণ তহবিলে ক্লাবের সদস্য সংখ্যার সমান সংখ্যক 5 টাকার নোট চাঁদা দেয়, মোট চাঁদার পরিমাণ 12500 টাকা। ক্লাবের সদস্য সংখ্যা হল:
(a) 50 (b) 250 (c) 2500 (d) এর কোনওটিই নয়
76. একটি সংখ্যার 80%-এর সঙ্গে 80 যোগ করলে যোগফল ওই সংখ্যাটিই হয়। সংখ্যাটি হল:
(a) 240 (b) 300 (c) 360 (d) 400
77. 228 টাকায় একটি দ্রব্য বিক্রয় করে এক বিক্রেতার 5% ক্ষতি হল। 10% লাভ করতে হলে ওই দ্রব্যটির বিক্রয়মূল্য হওয়া উচিত:
(a) 248 টাকা (b) 252 টাকা (c) 260 টাকা (d) 264 টাকা
78. দুধ ও জল মিশ্রিত একটি পাত্রে দুধ ও জলের অনুপাত 7 : 3 ওই পাত্রে আরও 6 লিটার দুধ মেশালে অনুপাত হয় 3 : 1। পাত্রে জলের পরিমাণ:
(a) 15 লিটার (b) 12 লিটার (c) 6 লিটার (d) 9 লিটার
79. একটি শ্রেণির ছাত্রসংখ্যা 20% বৃদ্ধি পেয়ে 66 হল, পূর্বতন ছাত্রসংখ্যা কত ছিল?
(a) 45 (b) 50 (c) 55 (d) 60
80. 3 জন পুরুষ অথবা 5 জন মহিলা একটি কাজ 20 দিনে সম্পূর্ণ করতে পারলে 9 জন পুরুষ এবং 10 জন মহিলা একত্রে কতদিনে ওই কাজ সম্পূর্ণ করবে?
(a) 8 দিনে (b) 6 দিনে (c) 5 দিনে (d) 4 দিনে
81. একটি সংখ্যার $\frac{5}{8}$ অংশ = অপর সংখ্যার $\frac{5}{12}$ অংশ। সংখ্যা দু'টির গুণফল 9600 হলে বড় সংখ্যাটি হবে:
(a) 80 (b) 120 (c) 90 (d) 130
82. এক কৃষক 30 দিনে একটি জলাধার নির্মাণের উদ্দেশ্যে 30 জন কর্মী নিযুক্ত করার পর 20 দিনে কাজটির $\frac{1}{2}$ অংশ সম্পূর্ণ হল। যথাসময়ে কাজ সম্পূর্ণ করতে হলে তাকে আরও কতজন কর্মী নিয়োগ করতে হবে?
(a) 20 (b) 24 (c) 25 (d) 30
83. কোনও পরীক্ষায় তিনটি বিষয় আছে এবং পাশ করার জন্য একজন পরীক্ষার্থীকে মোট নম্বরের 36% পেতে হয়। একজন পরীক্ষার্থী একটি বিষয়ে 120 নম্বরের মধ্যে 52 নম্বর এবং দ্বিতীয় একটি বিষয়ে 100 নম্বরের মধ্যে 38 নম্বর পেয়েছে। শুধুমাত্র পাশ করার জন্য তৃতীয় বিষয়ে 180 নম্বরের মধ্যে তাকে কত নম্বর পেতে হবে?
(a) 64 (b) 44 (c) 54 (d) 58
84. $\sqrt{0.09} \div \sqrt{0.001}$-এর 0.2-এর সরলতম মান কত?
(a) 15 (b) 0.2 (c) 2 (d) 1.5
85. একটি বর্গাকার বাগানের পরিসীমা 240 মিটার। বাগানের ভেতরের চারদিকে একটি 5 মিটার চওড়া পথ রয়েছে। পথটির ক্ষেত্রফল কত (বর্গমিটারে)?
(a) 1100 (b) 1200 (c) 575 (d) 625
86. A-এর আয় B-এর আয়ের চেয়ে 20% বেশি। তাহলে B-এর আয় A-এর আয়ের চেয়ে কত শতাংশ কম হবে?
(a) 20% (b) $16\frac{2}{3}$ % (c) 15% (d) $17\frac{1}{3}$ %
87. একজন দুধ বিক্রেতা 630 টাকায় 70 লিটার দুধ কিনে 5 লিটার জল মেশান। জলমিশ্রিত সব দুধ লিটার প্রতি 9 টাকা দরে বিক্রয় করায় তার লাভ হল:
(a) $8\frac{1}{5}$ % (b) 7% (c) $8\frac{2}{5}$ % (d) $7\frac{1}{7}$ %
88. ছ'টি সংখ্যাকে মানের অধঃক্রম অনুসারে সাজানো হল। প্রথম পাঁচটি সংখ্যার গড় 30 এবং শেষ পাঁচটি সংখ্যার গড় 25। প্রথম ও শেষ সংখ্যাটির পার্থক্য কত?
(a) 25 (b) 5 (c) 30 (d) 20
89. নীচের সংখ্যাগুলিকে বড় থেকে ছোট অনুসারে সাজান:
$a = 0.\dot{3}\dot{2}$, $b = \frac{1}{3}$, $c = \sqrt{0.32}$, $d = 0.32$
(a) c, b, d, a (b) c, b, a, d (c) b, a, c, d (d) a, b, c, d
90. বিপরীত দিক থেকে আসা দু'টি ট্রেনের বেগ যথাক্রমে 60 কিমি/ঘণ্টা এবং 45 কিমি/ঘণ্টা এবং তারা 6 সেকেন্ডে পরস্পরকে অতিক্রম করে। একটি ট্রেনের দৈর্ঘ্য 90 মিটার হলে, অপরটির দৈর্ঘ্য কত?
(a) 95 মিটার (b) 90 মিটার (c) 85 মিটার (d) 100 মিটার
91. A, B-র বোন। C, B-র মা। D, C-র বাবা। E, D-র মা। তাহলে A-র সঙ্গে D-র সম্পর্ক কী?
(a) ঠাকুরমা (b) দাদু (c) মেয়ে (d) নাতনি
92. যদি '+' মানে ভাগ হয়, '−' মানে যোগ হয়, '×' মানে বিয়োগ হয় এবং '÷' মানে গুণ হয়, তাহলে 24 ÷ 12 − 18 + 9-এর মান কত হবে?
(a) 15.30 (b) 290 (c) −25 (d) 0.72
93. বৃষ্টি যদি জল হয়, জল হয়ে রাস্তা, রাস্তা হয় মেঘ, মেঘ হয় আকাশ, আকাশ হয় সমুদ্র এবং সমুদ্র হয় রাস্তা, তাহলে এরোপ্লেন কোথায় ওড়ে?
(a) রাস্তায় (b) সমুদ্রে (c) মেঘে (d) জলে
94. নীচের বর্ণবিন্যাসে (?)-এর জায়গায় কী হবে?
AZB, CYD, EXF, ?, IVJ, KUL
(a) FYH (b) GWG (c) HWH (d) এর কোনওটিই নয়
95. যদি 'P' মানে '×', 'R' মানে '+' হয়, 'T' মানে '÷' এবং 'S' মানে '−' হয় তাহলে 18 T 3 P 9 S 8 R 6 = ?
(a) $-1\frac{1}{3}$ (b) 46 (c) 58 (d) এর কোনওটিই নয়
96. একটি ছবিতে একজন ভদ্রলোককে দেখিয়ে আশা বলল, 'ওর মায়ের একমাত্র মেয়ে আমার মা' ভদ্রলোকের সঙ্গে আশার সম্পর্ক কী?
(a) মামা (b) বোন (c) স্ত্রী (d) নাতনি
97. যদি OVER-কে PWFSQ লেখা হয় এবং BARE-কে CBSFD লেখা হয়, তাহলে OPEN-কে কী লেখা হবে?
(a) PQFOM (b) NODMO (c) FQFOO (d) POFMM
98. একটি মেয়েকে দেখিয়ে অঙ্কুর বলল, 'ও আমার বাবার একমাত্র সন্তানের মেয়ে।' অঙ্কুরের স্ত্রীর সঙ্গে ওই মেয়েটির সম্পর্ক কী?
(a) মেয়ে (b) মা (c) কাকিমা (d) বোন
99. একটি মেয়েদের সারিতে রবিনা বাঁদিক থেকে 15তম স্থানে আছে এবং মোহিনী ডানদিক থেকে 18তম স্থানে আছে। যদি তারা নিজেদের মধ্যে স্থান পরিবর্তন করে, তাহলে মোহিনী ডানদিক থেকে 25তম স্থানে থাকে। সারিতে কতজন মেয়ে আছে?
(a) 33 (b) 48 (c) 47 (d) এর কোনওটিই নয়
100. বন্যা, আগুন এবং সাইক্লোনের সঙ্গে কীসের সামঞ্জস্য আছে?
(a) ক্ষতি (b) ভূমিকম্প (c) বৃষ্টি (d) দুর্ভিক্ষ

#### উত্তর

1(c), 2(c), 3(d), 4(a), 5(b), 6(b), 7(d), 8(d), 9(c), 10(b), 11(a), 12(d), 13(a), 14(b), 15(a), 16(d), 17(a), 18(c), 19(d), 20(a), 21(b), 22(b), 23(c), 24(d), 25(d), 26(a), 27(a), 28(d), 29(b), 30(b), 31(d), 32(d), 33(a), 34(a), 35(a), 36(b), 37(a), 38(d), 39(b), 40(a), 41(c), 42(c), 43(b), 44(a), 45(b), 46(b), 47(d), 48(b), 49(a), 50(c), 51(c), 52(a), 53(b), 54(d), 55(d), 56(c), 57(c), 58(b), 59(c), 60(a), 61(a), 62(d), 63(d), 64(a), 65(c), 66(d), 67(a), 68(b), 69(c), 70(c), 71(c), 72(a), 73(c), 74(d), 75(a), 76(d), 77(d), 78(d), 79(c), 80(d), 81(b), 82(d), 83(c), 84(a), 85(a), 86(b), 87(d), 88(a), 89(b), 90(c), 91(d), 92(b), 93(b), 94(d), 95(d), 96(a), 97(a), 98(b), 99(d), 100(b).

#### সমাধান

71(c): 2 বছর আগে প্রতি কুইন্টাল চালের দাম $= 1936 \times \frac{100}{110} \times \frac{100}{110}$ = 1600 টাকা।

72(a): অর্ধ জলপূর্ণ জলাধারটি জলপূর্ণ করতে সময় লাগে $= \frac{15 \times 20}{20 - 15} \times \frac{1}{2}$ = 30 মিনিট।

73(c): বৃহত্তর সংখ্যাটি $= \frac{81 + 1}{2} = 41$.

74(d): সুদের হার $= \frac{2 \times 100 - 100}{20} = \frac{100}{20} = 5\%$.

75(a): ক্লাবের সদস্য সংখ্যা $= \sqrt{\frac{12500}{5}} = \sqrt{2500} = 50$ জন।

76(d): $(100 - 80)\% = 80$, $20\% = 80$

$100\% = \frac{80}{20} \times 100 = 400$.

77(d): বিক্রয়মূল্য $= 228 \times \frac{100}{(100-5)} \times \frac{(100+10)}{100} = 228 \times \frac{100}{95} \times \frac{110}{100}$ = 264 টাকা।

78(d):

| দুধ | : | জল |
|---|---|---|
| 7 | : | 3 |
| 6 | : | |
| 3 | : | 1 × 3 |
| 9 | : | 3 |

∴ (9 − 7) অনুপাত = 6 লিটার 2 অনুপাত = 6 লিটার

3 অনুপাত $= \frac{6}{2} \times 3 = 9$ লিটার।

79(c): পূর্বতন ছাত্রসংখ্যা $= \frac{66}{120} \times 100 = 55$ জন।

80(d): 9 জন পুরুষ + 10 জন মহিলা $= \frac{9}{3} \times 5 + 10 = 25$ জন মহিলা

∴ দিন $= \frac{20 \times 5}{25} = 4$ দিনে।

81(b): সংখ্যাদু'টির অনুপাত $= \frac{5}{12} : \frac{5}{8} = 8 : 12 = 8x, 12x$

∴ $8x = 12x = 9600$

$x^2 = \frac{9600}{96}$, $x = 10$ ∴ বৃহত্তম সংখ্যাটি $= 12x = 12 \times 10 = 120$

82(d):

| কাজ | লোক | দিন |
|---|---|---|
| $\frac{1}{2}$ | 30 | 20 |
| $\frac{1}{2}$ | ○ | (30 − 20) = 10 |

∴ মোট লোক $= \frac{30 \times 20 \times 2}{10 \times 2} = 60$ জন

∴ অতিরিক্ত লোক = 60 − 30 = 30 জন।

এরপর কুড়ির পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাজ্য পুলিশে ৮৪১৯ কনস্টেবল

## নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

36. পকপ্রণালী কোন দু'টি দেশকে পৃথক করেছে?
(a) ভারত ও চিন (b) ভারত ও বাংলাদেশ (c) ভারত ও পাকিস্তান (d) ভারত ও শ্রীলঙ্কা
37. 'The Golden Gate'-এর রচয়িতা কে?
(a) বিক্রম সিং (b) খুশবন্ত সিং (c) মুলকরাজ আনন্দ (d) সোনাল মান সিং
38. ইলবার্ট বিলের পরিকল্পনা করেন:
(a) লর্ড কার্জন (b) লর্ড বেন্টিঙ্ক (c) লর্ড রিপন (d) লর্ড ক্লাইভ
39. সিন্ধুসভ্যতার প্রধান বন্দর কোথায় ছিল?
(a) লোথাল (b) হরপ্পা (c) মেসোপটেমিয়া (d) মহেঞ্জোদাড়ো
40. ত্বকের বর্ণের জন্য নীচের কোন রঞ্জক কণা দায়ী?
(a) জ্যান্থোফিল (b) ক্লোরোফিল (c) মেলানিন (d) ক্যারোটিন
41. 'পেনাল্টি স্ট্রোক' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) কবাডি (b) ক্রিকেট (c) ফুটবল (d) হকি
42. কোলার স্বর্ণখনি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) কেরল (b) কর্নাটক (c) অন্ধ্রপ্রদেশ (d) তামিলনাড়ু
43. মেচ কোন রাজ্যের উপজাতি?
(a) মেঘালয় (b) ত্রিপুরা (c) মণিপুর (d) অসম
44. নিম্নলিখিত ভারতীয় রাষ্ট্রপতিদের শাসনকাল অনুযায়ী সঠিক ক্রমানুসারে সাজান: I. ডঃ সর্বপল্লি রাধাকৃষ্ণন, II. ভি ভি গিরি, III. ডঃ জাকির হুসেন IV. নীলম সঞ্জীব রেড্ডি
(a) II, I, III, IV (b) I, III, IV, II (c) I, III, II, IV (d) I, II, III, IV
45. সম্প্রতি কোন রাজ্যে সুবর্ণরেখা বন্দরের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন সেই রাজ্যের মুখ্যমন্ত্রী?
(a) গুজরাট (b) পশ্চিমবঙ্গ (c) ওড়িশা (d) অন্ধ্রপ্রদেশ
46. ওয়ার্ল্ড গভর্নমেন্ট সামিট 2019 সম্প্রতি কোথায় অনুষ্ঠিত হয়েছে?
(a) দুবাই (b) নয়াদিল্লি (c) লন্ডন (d) দোহা
47. বিশ্ব রেডিও দিবস কোন দিন পালন করা হয়?
(a) ফেব্রুয়ারি 13 (b) ফেব্রুয়ারি 10 (c) ফেব্রুয়ারি 11 (d) ফেব্রুয়ারি 12
48. বাফটা অ্যাওয়ার্ড সেরিমনি 2019-এ শ্রেষ্ঠ সিনেমা পুরস্কার পেল:
(a) 'এ স্টার ইজ বর্ন' (b) 'রোমা' (c) 'দ্য ফেভারিট' (d) 'গ্রিন বুক'
49. জাতীয় উৎপাদন সপ্তাহ 2019 হল:
(a) 12-18 ফেব্রুয়ারি (b) 7-13 ফেব্রুয়ারি (c) 11-17 ফেব্রুয়ারি (d) 9-15 ফেব্রুয়ারি
50. সম্প্রতি প্রধানমন্ত্রী কোথায় শ্রীকৃষ্ণ আয়ুষ বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন?
(a) মিরাট (b) বৃন্দাবন (c) বারাণসী (d) কুরুক্ষেত্র
51. 13 জনের একটি দলে 6 জন বালকের গড় ওজন 30 কিলোগ্রাম এবং শেষ 6 জনের গড় ওজন 31 কিলোগ্রাম। সমস্ত বালকের গড় ওজন 29 কিলোগ্রাম। সপ্তম বালকটির ওজন কত?
(a) 17 কিলোগ্রাম (b) 11 কিলোগ্রাম (c) 21 কিলোগ্রাম (d) 15 কিলোগ্রাম
52. 11টি সংখ্যার গড় 32। এখন প্রথম পাঁচটি সংখ্যার গড় 27 এবং শেষ পাঁচটি সংখ্যার গড় 34। ষষ্ঠ সংখ্যাটি কত?
(a) 41 (b) 43 (c) 47 (d) 45
53. এক ব্যক্তির কাছে এক টাকা, পঞ্চাশ পয়সা এবং পঁচিশ পয়সার মুদ্রা আছে। মোট মুদ্রাসংখ্যা 470। মুদ্রাগুলির মূল্যের অনুপাত 15 : 10 : 3। প্রতি প্রকার মুদ্রার সংখ্যা কত?
(a) 120, 140, 170 (b) 150, 200, 120 (c) 150, 200, 130 (d) 130, 200, 110
54. দু'টি পাইপ A ও B একটি চৌবাচ্চাকে যথাক্রমে 24 মিনিটে ও 32 মিনিটে পূর্ণ করে। এখন দু'টি নলই খোলা হল। কিছু সময় পরে B নলটি বন্ধ করে দেওয়া হলে, চৌবাচ্চাটি 18 মিনিটে পূর্ণ হল, কত সময় পরে B নলটি বন্ধ করে দেওয়া হয়েছিল?
(a) 6 মিনিট (b) 14 মিনিট (c) 10 মিনিট (d) 8 মিনিট
55. একটি দ্রব্যের বিক্রয়মূল্য 80 টাকা বৃদ্ধি পাওয়ায় বিক্রেতার 7% ক্ষতির পরিবর্তে 13% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
(a) 600 টাকা (b) 500 টাকা (c) 400 টাকা (d) 800 টাকা
56. 760 টাকায় বিক্রি করলে বিক্রেতার 5% ক্ষতি হয়। দ্রব্যটি কত টাকায় বিক্রি করলে 5% লাভ হবে?
(a) 740 টাকা (b) 840 টাকা (c) 880 টাকা (d) 640 টাকা
57. 5000-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 10, 12, 16 ও 18 দিয়ে বিভাজ্য হবে?
(a) 60 (b) 80 (c) 50 (d) 40
58. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 63, 138 এবং 228 কে ভাগ করলে, প্রতিক্ষেত্রে একই ভাগশেষ থাকবে?
(a) 30 (b) 15 (c) 20 (d) 35
59. A একটি কাজ 10 দিনে ও B একটি কাজ 15 দিনে শেষ করতে পারে। তারা একত্রে একটি কাজ 3 দিন করার পর 3 জন চলে গেল। A বাকি কাজটি শেষ করল। কাজটি সম্পূর্ণ করতে কতদিন লাগবে?
(a) 15 দিন (b) 12 দিন (c) 11 দিন (d) 8 দিন
60. এক ব্যক্তি 45 কিমি/ঘণ্টা বেগে একই দূরত্ব 40 মিনিটে অতিক্রম করে। যদি সে একই দূরত্ব অতিক্রম করতে 30 মিনিট সময় নেয়, তবে তার গতিবেগ কত ছিল?
(a) 55 কিমি/ঘণ্টা (b) 60 কিমি/ঘণ্টা (c) 45 কিমি/ঘণ্টা (d) 50 কিমি/ঘণ্টা
61. $\frac{\sqrt{5}+\sqrt{3}}{\sqrt{5}-\sqrt{3}}-\frac{\sqrt{5}-\sqrt{3}}{\sqrt{5}+\sqrt{3}}=?$
(a) $4\sqrt{5}$ (b) $5\sqrt{5}$ (c) $2\sqrt{5}$ (d) $3\sqrt{5}$
62. একটি বৃত্তাকার উদ্যানের ব্যাস 62 মিটার। উদ্যানকে ঘিরে 2 মিটার পুরু একটি দেওয়াল আছে। দেওয়ালটি কত বর্গমিটার জমির উপর আছে?
(a) $402\frac{2}{7}$ বর্গমিটার (b) $401\frac{3}{7}$ বর্গমিটার (c) $401\frac{2}{7}$ বর্গমিটার (d) $401\frac{3}{7}$ বর্গমিটার
63. 3 সেমি, 4 সেমি, 5 সেমি ব্যাসার্ধের তিনটি তামার গোলক গলিয়ে একটি বড় গোলক তৈরি করা হল। গোলকটির ব্যাসার্ধ কত হবে?
(a) 18 সেমি (b) 12 সেমি (c) 6 সেমি (d) 10 সেমি
64. A, B এবং C একটি বাড়ি 288 টাকায় ভাড়া নিল, তারা একসঙ্গে 4 মাস থাকল এবং তারপর C চলে গেল। আর 5 মাস পরে B চলে গেল। B কত টাকা ভাড় দেবে?
(a) 82 টাকা (b) 72 টাকা (c) 92 টাকা (d) 32 টাকা
65. বার্ষিক 4% জটিল সুদে 350 টাকার 1 বছরের সুদ-আসল কত হবে? (জটিল সুদ অর্ধবার্ষিকী হারে)
(a) 364.18 টাকা (b) 364.14 টাকা (c) 365 টাকা (d) 366 টাকা
66. সুদের হার 6% থেকে 8% হওয়ার ফলে এক ব্যক্তিকে 3 বছরে 120 টাকা বেশি দিতে হয়। তিনি কত টাকা ধার নিয়েছিলেন?
(a) 2300 টাকা (b) 2000 টাকা (c) 2010 টাকা (d) 2200 টাকা
67. কোনও আসল 2 বছরে সুদে আসলে 756 টাকা এবং $3\frac{1}{2}$ বছরে 873 টাকা হয়। আসল ও সুদের হার কত?
(a) 600 টাকা, 13% (b) 400 টাকা, 10% (c) 500 টাকা, 13% (d) 450 টাকা, 10%
68. কোনও আসল বার্ষিক 12% সরল সুদে কত বছরে সুদে আসলে 4 গুণ হবে?
(a) 21 বছর (b) 25 বছর (c) 24 বছর (d) 22 বছর
69. পাঁচটি ক্রমিক বিজোড় সংখ্যার গড় 15। সবচেয়ে ছোট সংখ্যাটি কী হবে?
(a) 22 (b) 11 (c) 21 (d) 14
70. এক পাত্র শরবতে 3 : 1 অনুপাতে সিরাপ ও জল আছে। ওই শরবতের কত অংশ তুলে নিয়ে তার পরিবর্তে সমপরিমাণ জল ঢাললে সিরাপ ও জলের পরিমাণ সমান হবে?
(a) $\frac{1}{5}$ অংশ (b) $\frac{1}{2}$ অংশ (c) $\frac{1}{3}$ অংশ (d) $\frac{1}{4}$ অংশ
71. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 15, 20, 36 এবং 48 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 8 অবশিষ্ট থাকে?
